ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA গৌরবের ৭১ তম বছর

Founder : J.C.Paul ■ Former Editor : Paritosh Biswas

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-144 ■ 2 March, 2025 ■ আগরতলা ২ মার্চ, ২০২৫ ইং ■ ১৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

আন্তর্জাতিক উড়ান চালুর জন্য কেন্দ্রকে অনুরোধ করা হয়েছে ঃ মুখ্যমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। রাজ্যের জনগণের সার্বিক উন্নয়নের পাশাপাশি পরিকাঠামো উন্নয়নেও বিশেষ গুরুত্ব দিচ্ছে রাজ্য সরকার। মূলত নাগরিক পরিষেবাকে সহজ ও স্বাচ্ছন্দ্যবোধ করানোর লক্ষ্যেই সদর মহকুমা শাসক অফিসের নতুন ভবন নির্মাণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে এটি একটি সময়োপযোগী পদক্ষেপ। আজ সদর মহকুমা শাসক অফিসের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ভূমি পূজনে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা) মানিক সাহা একথা বলেন। উল্লেখ্য, গ্রামোন্নয়ন দপ্তর ৪,২১৫ বর্গমিটার এলাকায় এই নতুন ভবনটি নির্মাণ করবে। এই ভবনটি নির্মাণে প্রায় ১৭ কোটি টাকা ব্যয় হবে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, পরিকাঠামোগত উন্নয়ন বর্তমান রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। তাই আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানের পরিকাঠামোগত উন্নয়নে সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। রাস্তাঘাট ও জল নিষ্কাশনী ব্যবস্থা সংস্কার, বাজারগুলোর সংস্কার, পরিস্কার-পরিচ্ছন্নতাসহ নাগরিক পরিষেবার বিভিন্ন দিকগুলিকে গুরুত্ব দিয়ে কার্যকর ব্যবস্থা নেওয়া হচ্ছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যে সড়ক নির্মাণ, জাতীয় সড়ক সম্প্রসারণ, রেলওয়ে পরিষেবা উন্নতিকরণ, বিভিন্ন অফিসের নতুন ভবন নির্মাণ, স্টাফ কোয়ার্টার নির্মাণ, বাজার শেড নির্মাণ, ছাত্রছাত্রীদের জন্য হোস্টেল, কৃষক বন্ধু কেন্দ্র নির্মাণ, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত মোটর স্ট্যান্ড নির্মাণ, গো-ডাউন নির্মাণ বিষয়ক বিভিন্ন তথ্য তুলে ধরেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বলেন, নাগরিকদের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে রাজ্য সরকার "মুখ্যমন্ত্রী স্যাটেলাইট টাউন ডেভেলপমেন্ট স্কিম" এবং "মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্প" চালু করেছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আর্থিক সহায়তায় মুখ্যমন্ত্রী নগর উন্নয়ন প্রকল্পে রাজ্যের ১২টি পুরপরিষদ এলাকায় জল সরবরাহ, রাস্তা নির্মাণ, নিকাশি ব্যবস্থা ইত্যাদি উন্নয়নের কাজ চলছে। মুখ্যমন্ত্রী বলেন, যেকোন পরিকাঠামোগত উন্নয়নের ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির প্রয়োগের পাশাপাশি কাজের গুণগতমান বজায় রাখার উপরও আধিকারিকদের সচেতন থাকতে হবে। অনুষ্ঠানে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে বলেন, প্রশাসন পরিচালনার ক্ষেত্রে মহকুমা শাসক অফিসের যথেষ্ট গুরুত্ব রয়েছে। এর মাধ্যমে প্রশাসনের সাথে জনগণের নিবিড় সম্পর্ক জড়িয়ে থাকে। এই নতুন অফিস বিল্ডিং নির্মাণ প্রশাসনিক সুযোগ-সুবিধা এবং স্বাচ্ছন্দ্যের ক্ষেত্রে একটি সময়োপোযোগী উদ্যোগ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার। এছাড়াও উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা মেঘা জৈন, গ্রামোন্নোয়ন দপ্তরের মুখ্যবাস্তুকার সাগর সৌভন দেবনাথ, সদর মহকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ।

মণিপুরে অবাধ চলাচল নিশ্চিত করতে কঠোর ব্যবস্থা নেওয়ার নির্দেশ শাহের

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.) ।। আগামী ৮ মার্চ থেকে মণিপুরে অবাধ চলাচল নিশ্চিত করতে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

আজ শনিবার নর্থ ব্লকে কেন্দ্রীয় স্বারাষ্ট্রমন্ত্রী মন্ত্রী অমিত শাহের পৌরোহিত্যে মণিপুরের নিরাপত্তা সংক্রান্ত একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে রাজ্যপাল অজয়কুমার ভাল্লা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রসচিব গোবিন্দ মোহন, কেন্দ্রীয় গোয়েন্দা ব্যুরোর অধিকর্তা তপনকুমার ডেকা, উপ-সেনাপ্রধান, ইস্টার্ন কমান্ড আর্মি কমান্ডার, সীমান্ত সুরক্ষা বাহিনী (বিএসএফ)-র ডিরেক্টর, কেন্দ্রীয় রিজার্ভ পুলিশ ফোর্স (সিআরপিএফ)-এর ডিরেক্টর জিপি সিং, মণিপুরের নিরাপত্তা উপদেষ্টা, আসাম রাইফেলস-এর উচ্চপদস্থ আধিকারিক, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের শীর্ষ আধিকারিকগণ, অন্যান্য সামরিক কর্মকর্তা এবং মণিপুরের শীর্ষ আমলাগণ উপস্থিত ছিলেন।

উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্য মণিপুরে গত ২০২৩ সালের মে মাস থেকে কুকি এবং মেইতেই সম্প্রদায়ের মধ্যে যে নৃশংস জাতিগত সংঘাতের সৃষ্টি হয়েছে, তার সমাধান করে রাজ্যে স্বাভাবিকতা

৮ মার্চ থেকে

ফিরিয়ে আনার লক্ষ্যে আজ নিরাপত্তা সংক্রান্ত পর্যালোচনা বৈঠকের আয়োজন করেছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী।

বৈঠকে সকলের বক্তব্য শুনে স্বরাষ্ট্রমন্ত্রী শাহ আগামী ৮ মার্চ থেকে রাজ্যের সর্বত্র, বিশেষ করে সকল রাস্তাঘাটে মানুষের অবাধ চলাচল নিশ্চিত করতে সংশ্লিষ্ট যৌথ নিরাপত্তা বাহিনীকে সময়সীমা বেঁধে দিয়েছেন। রাজ্যের নিরাপত্তা পরিস্থিতি পর্যালোচনা করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, যারা রাস্তায় প্রতিবন্ধকতা সৃষ্টি করছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে।

এছাড়া বৈঠকে আরও যে সব মূল নির্দেশনা তিনি দিয়েছেন সেগুলি যথাক্রমে -

১। সব চাঁদাবাজদের বিরুদ্ধে মামলা রুজু করে তাদের বিরুদ্ধে কঠোর থেকে কঠোরতম ব্যবস্থা গ্রহণ।

২। আন্তর্জাতিক সীমান্ত বরাবর নির্ধারিত প্রবেশপথগুলিতে বেড়া দেওয়ার কাজ ত্বরান্বিত করা।

৩। মণিপুরকে মাদকমুক্ত করতে মাদক-নেটওয়ার্ক ভেঙে ফেলা ইত্যাদি।

বৈঠকে সহিংসতা কবলিত রাজ্যে শান্তি পুনরুদ্ধার এবং বিদ্রোহ তথা জঙ্গিপনা রোধ, সংগঠিত অপরাধের বিরুদ্ধে কড়া পদক্ষেপ, সীমান্তে অনুপ্রবেশ রোধে কেন্দ্রের প্রতিশ্রুতির ওপর জোর দিয়ে সুনির্দিষ্ট আরও কিছু নির্দেশনা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী শাহ।

এখানে উল্লেখ করা যেতে পারে, গত ৯ ফেব্রুয়ারি এন বীরেন সিং মুখ্যমন্ত্রী পদ থেকে ইস্তফা দেওয়ার পর ১৩ ফেব্রুয়ারি মণিপুরে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়। এর পর ২০ ফেব্রুয়ারি অবৈধ এবং লুণ্ঠিত অস্ত্রধারীদের আত্মসমর্পণের জন্য রাজ্যপাল অজয়কুমার ভাল্লা যে আলটিমেটাম দিয়েছিলেন, তার পর আজ নিরাপত্তা পর্যালোচনা অনুষ্ঠিত হয়েছে। পাহাড়ি ও উপত্যকা, উভয় অঞ্চলের মানুষের অতিরিক্ত সময়ের দাবির প্রেক্ষিতে গতকাল শুক্রবার লুণ্ঠিত ও অবৈধ অস্ত্রশস্ত্র সমর্পণের সময়সীমা আগামী ৬ মার্চ বিকাল ৪.০০টা পর্যন্ত বাড়িয়েছেন রাজ্যপাল। ☛ ৬ এর পাতায় দেখুন

নাশকতার আগুনে পুড়ল গাড়ি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। আগুনে পুড়ে ছাই হয়ে গেছে একটি গাড়ি। ধারণা করা হচ্ছে, নাশকতার আগুনেই পুড়েছে ওই গাড়িটি।গতকাল গভীররাতে মধুপুর থানাধীন পুরাথল রাজনগরের চার নং ওয়ার্ডে একবাড়িতে গাড়ি আগুনে পুড়ে গেছে। ওই ঘটনায় গোটা এলাকা জুড়ে আতঙ্ক দেখা দিয়েছে।

ঘটনার বিবরনে গাড়ির মালিক জানিয়েছেন, প্রতিদিনের মতো গতকাল রাতে বাড়ির পাশে গাড়ি রেখে বাড়িতে চলে গিয়েছিলেন তিনি। রাত আনুমানিক দুইটা নাগাদ তিনি দেখতে পায় গাড়িতে আগুন লাগার দৃশ্য।পরিবারের চেচামেচিতে ছুটে আসে এলাকাবাসী। সাথে সাথে খবর দেওয়া ☛ ৬ এর পাতায় দেখুন

বিচারক নিগ্রহ ঘটনার অভিযোগ

সুপ্রিম কোর্টের নির্দেশে ফের বিলোনিয়া আদালতে আত্মসমর্পণ ৩ বাম নেতার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। সুপ্রিম কোর্টের নির্দেশে আদালতে আত্মসমর্পণ করেছেন সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত, ত্রিলোকেশ সিনহা ও সারা ভারত কৃষক সভা বিলোনিয়া বিভাগীয় সম্পাদক বাবুল দেবনাথ। প্রসঙ্গত, ২০১৫ সালে বিলোনিয়া আদালতের বিচারক রুহিদাস পালকে শারীরিক নিগ্রহ করার অভিযোগ ছিল। সুপ্রিম কোর্টে ওই মামলার আগামী শুনানি ১৮ মার্চ।

আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে সরকারি আইনজীবী কিশোর মজুমদার। জানিয়েছেন, বিলোনিয়া আদালতের বিচারক রুহি দাস পালকে শারিরীক নিগ্রহের ঘটনায় অভিযুক্ত তিন বামপন্থী নেতা অবশেষে বিলোনিয়া আদালতে আত্মসমর্পণ করেছেন। ২০১৫ সালের ২ সেপ্টেম্বর বাম ট্রেড ইউনিয়ন বন্ধের ডাক দিয়েছিল। ওই বনধের নামে বামপন্থী তিন নেতা বাবুল দেবনাথ, তাপস দত্ত ও ত্রিলোক সিনহা সহ আরো অন্যান্যরা আদালতে ঢুকে হুজুতি সহ শারীরিক নিগ্রহ করে বিচারক রুহি দাস পালকে এমনই অভিযোগে উঠেছিল। সে সময় তৎকালীন বিলোনিয়া মহকুমা পুলিশ আধিকারিক সুদীপ পাল স্বত:প্রণোদিত মামলা গ্রহণ করে। যার মামলা নম্বর ছিল বিলোনিয়া থানায় -১১৩/১৫।

তিনি আরও জানিয়েছেন, পরবর্তী সময়ে সুপ্রিম কোর্টে আর্জি জানিয়ে রিট পিটিশন দাখিল করার পর জামিনে মুক্তি পেয়েছিল তারা। সুপ্রিম কোর্টের নির্দেশ মোতাবেক শনিবার দুপুরে বিলোনিয়া আদালতে আত্মসমর্পণ করে সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত, বিলোনিয়া বিভাগীয় সিটু সভাপতি ত্রিলোক সিনহা ও সারা ভারত কৃষক সভা বিলোনিয়া বিভাগীয় সম্পাদক বাবুল দেবনাথ।

শহরে গ্যাস লাইন ফেটে আগুন, পরিষেবা বিঘ্নিত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। রাজধানীর মহারাজগঞ্জবাজার এলাকায় গ্র্যান্ডিউজ ক্লাবের সামনে গ্যাস লাইন ফেটে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। ঘটনাস্থলে দমকল বাহিনীর দুটি ইঞ্জিন গিয়ে আগুন নিয়ন্ত্রনে আনতে সক্ষম হয়।

প্রত্যক্ষদর্শীদের থেকে জানা গেছে, রাস্তায় কাজ করতে গিয়ে গ্যাসের পাইপ লাইন কেটে যাওয়ায় এটি থেকে আগুন ধরে যায়। এতে পুরো এলাকায় তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়ে।



ঘটনার খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে যায় দমকল বাহিনীর দুটি ইঞ্জিন। তারা আগুন নিয়ন্ত্রণে আনে। অগ্নিকাণ্ডের কারণে আশপাশের এলাকায় আতঙ্ক তৈরি হলেও, এখনও পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। ঘটনার পর পাইপ লাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ প্রক্রিয়া কিছু সময়ের জন্য বন্ধ রাখা হয়। আগুন নিয়ন্ত্রণে এলে পাইপ লাইনের কর্মীরা এলাকায় বিভিন্ন লাইন তদারকি করে দেখছেন যাতে ভবিষ্যতে এ ধরনের কোনো দুর্ঘটনা এড়ানো যায়।

নুরপুর গ্রাম পঞ্চায়েতে অনাস্থা, ভোটে পরাজিত বিজেপি প্রধান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। আজ কৈলাশহর গৌরনগর ব্লকের অধীনে নুরপুর গ্রাম পঞ্চায়েত অফিস প্রাঙ্গনে অনাস্থা ভোট অনুষ্ঠিত হয়।

গৌরনগর ব্লকের অধীনে নুরপুর গ্রাম পঞ্চায়েতটি ৯ ওয়ার্ড বিশিষ্ট। ওই পঞ্চায়েতে গত পঞ্চায়েত নির্বাচনে নয় ওয়ার্ডেট মধ্যে পাঁচটি ওয়ার্ডে জয়লাভ করে বিজেপি, এবং চারটি ওয়ার্ড দখল করে কংগ্রেস। স্বাভাবিক ভাবে উক্ত গ্রাম পঞ্চায়েতটি বিজেপির দখলে যায়। কিন্তু বিগত কয়েক মাস পূর্বে প্রধানের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে পঞ্চায়েত অফিসারের কাছে নির্বাচিত পঞ্চায়েত সদস্যরা অনাস্তা আনে। ৯ জন ☛ ৬ এর পাতায় দেখুন

মহিলাদের সশক্তিকরণ ছাড়া সামগ্রিক উন্নয়ন সম্ভব নয় ঃ অর্থমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। মহিলাদের স্বরোজগারী ও সশক্তিকরণ ছাড়া দেশের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। এলক্ষ্যে প্রধানমন্ত্রী মহিলাদের সশক্তিকরণে গুরুত্বারোপ করেছেন। রাজ্যে স্বসহায়ক দলের কর্মকান্ড আজ আন্দোলনে পরিণত হয়েছে। আজ আগরতলা টাউনহলে স্বসহায়ক দলের মহিলাদের সশক্তিকরণের লক্ষ্যে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এগ্রি আউটরিচ অনুষ্ঠানের উদ্বোধন করে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহরায় একথা বলেন। অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ২০৪৭ সালের মধ্যে আমাদের দেশকে বিকশিত ভারত হিসেবে গড়ার প্রচেষ্টা নিয়েছেন। বর্তমানে ভারত বিশ্ব অর্থনীতিতে পঞ্চম স্থানে রয়েছে। কেন্দ্রীয় সরকারের খাদ্য প্রক্রিয়াকরণ, শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে প্রধানমন্ত্রী ফরমেশন অব মাইক্রো ফুড প্রসেসিং এন্টারপ্রাইজেস প্রকল্পে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক এই অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে ব্যাঙ্কের পক্ষ থেকে ৩৫টি মহিলা স্বসহায়ক দলকে ২.৩ কোটি টাকার চেক দেওয়া হয়। আজ দেশের ১৩৮টি স্থানে এরূপ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ☛ ৬ এর পাতায় দেখুন

মহিলাদের আত্মনির্ভর করা সরকারের লক্ষ্য ঃ শিল্পমন্ত্রী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। কেন্দ্রীয় ও রাজ্য সরকার মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নতিতে নিরন্তর কাজ করে যাচ্ছে। নিষ্ঠার সঙ্গে পরিশ্রম করলে তাদের জন্য গৃহীত বিভিন্ন কর্মসূচির মাধ্যমে রাজ্যের মহিলাগণও আত্মনির্ভর হতে পারবেন। আজ ইন্দ্রনগরের উইমেন আইটিআই"র একাডেমিক ব্লকে সি স্কিল এন্ড এন্টারপ্রেনারশিপ সেন্টারের উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা একথা বলেন। তিনি এ বিষয়ে একটি পুস্তিকারও আবরণ উন্মোচন করেন।

সেন্টারটির উদ্বোধন করে শিল্প ও বাণিজ্য মন্ত্রী বলেন, মহিলাদের আর্থিকভাবে স্বনির্ভর করার লক্ষ্যে রাজ্য সরকার সরকারি চাকুরির ক্ষেত্রে মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ করেছে। মহিলাদের আর্থিকদিক দিয়ে স্বাবলম্বী করার জন্য ☛ ৬ এর পাতায় দেখুন

একই রাতে দুই বাড়িতে চুরি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। একই রাতে পৃথক দুটি বাড়িতে হাত সাফাই করল চোরের দল। চোরের দল হানা দিয়ে নগদ অর্থ স্বর্নালংকার সহ দামি সা সামগ্রী। গতকাল গভীর রাতে ধর্মনগর থানাধীন পদ্মপুর এলাকায় ওই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে।

ঘটনার বিবরণে জানা গিয়েছে, শনিবার সকালে ধর্মনগর থানায় খবর আসে পদ্মপুর এলাকার মধুবাড়ি রোড ও হরিচাঁদ রোডের পৃথক দুটি বাড়িতে চুরির ঘটনা সংঘটিত হয়েছে। সেই খবরের উপর ভিত্তি করে স্থানীয় থানার ইন্সপেক্টর সুলেমান রিয়াং দলবল নিয়ে ঘটনাস্থলে ছুটে গিয়ে দেখতে পান মধুবাড়ি এলাকার বাসিন্দা চঞ্চলা তালুকদারের বাড়িতে নির্জনতার সুযোগ নিয়ে চোরের দল হানা দিয়ে নগদ দশ হাজার টাকা,স্বর্ণালংকার সহ দামি সা-সামগ্রী নিয়ে গেছে।

অপরদিকে একই এলাকার হরিচাঁদ রোডের রূপক দেবনাথের বসত ঘরে হানা দিয়ে নগদ দশ হাজার টাকা সহ ছয় ভরি রুপা ও অন্যান্য সামগ্রী নিয়ে গেছে চোরের দল।এমর্মে স্থানীয় থানায় পৃথক দুটি চুরির মামলা রুজু করে তদন্ত শুরু হয়েছে বলে জানান ইন্সপেক্টর সুলেমান রিয়াং।

ধর্মনগরে রেল স্টেশনে নির্মাণ কাজে অনিয়ম

প্রতিবাদে সরব বিজেপি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। প্রধানমন্ত্রীর অমৃত ভারত প্রজেক্টে ধর্মনগর রেলওয়ে স্টেশন নির্মাণ কাজ শুরুতেই অনিয়ম অব্যাহত রয়েছে। এরই প্রতিবাদে আজ ভারতীয় জনতা পার্টির কার্য্যকর্তাদের পক্ষ থেকে রেলওয়ে স্টেশন সুপারিনটেনডেন্ট এবং ইঞ্জিনিয়ার অফিসের সামনে বিক্ষোভ দেখিয়েছেন।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে এক কার্য্যকতা বলেন, সমগ্র ভারতবর্ষের সাথে ধর্মনগর রেলস্টেশনও অমৃত ভারত রেল স্টেশনে অন্তর্ভুক্ত করে রেলওয়ে স্টেশন অত্যাধুনিকভাবে সাজিয়ে তোলার কাজ শুরু হয়েছে। কিন্তু দেখা যাচ্ছে নির্মাণ কাজ শুরুতেই পুরনো ইট ব্রাশ করে সেগুলো দিয়ে কাজ করাচ্ছে দায়িত্বপ্রাপ্ত আধিকারিক। পাশাপাশি পুরনো লোহার রড গুলো অনেক সময় কাজে লাগিয়ে দিচ্ছে। পাশাপাশি বিভিন্ন কনস্ট্রাকশনের কাজেও চলছে অনিয়ম।

আরও অভিযোগ, পুরানো রড এবং ইট দিয়ে বিভিন্ন ওয়াল বা বিল্ডিং তৈরি হলে কিছুদিনের মধ্যেই ভেঙ্গে পড়ার আশঙ্কা রয়েছে। তাই আজ ভারতীয় জনতা পার্টির কার্য্যকর্তারা নিম্নমানের কাজের অভিযোগ এনে বিক্ষোভ প্রদর্শন করেন। পাশাপাশি বলা হয়, পুরনো জিনিস যাতে ব্যবহার না করা হয়। রেলের অমৃত ভারত প্রজেক্ট এর কাজ যিনি দেখাশোনা করছেন সেই আইডব্লিউ অফিসারের কাছে অভিযোগ জানান কার্য্যকর্তারা।

টিএমসির পরীক্ষা দুর্নীতি

মেডিক্যাল শিক্ষা অধিকর্তার কাছে বাম ছাত্র সংগঠনের ডেপুটেশন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। মেডিক্যাল শিক্ষা আধিকারিকের কাছে একটি ডেপুটেশন প্রদান করেছে এসএফআই এবং টিএসইউ'র প্রতিনিধি দল। আজ দুপুর ১টায় মেডিক্যাল শিক্ষা আধিকারিকের কাছে দেওয়া এই প্রতিনিধিমূলক ডেপুটেশনটি ত্রিপুরা মেডিক্যাল কলেজের সাপ্লিমেন্টারি পরীক্ষার নাম করে ☛ ৬ এর পাতায় দেখুন

পুলিশের কোষাগার থেকে টাকা আত্মসাৎ, গ্রেপ্তার পাঁচ জন

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। সিপাহীজলা জেলা পুলিশের অর্থনীতি কেলেঙ্কারি নিয়ে গভীর রাতে বিশ্রামগঞ্জ থানা পুলিশের হাতে গ্রেফতার হয় ৫ জন। জানা গেছে, ওই ৫ জনের মধ্যে ৪ জন পুলিশ স্টাফ এবং ১ জন বহিরাগত যুবক। শুক্রবার রাতেই তাদের গ্রেফতার করা হয় এবং শনিবার তাদের আদালতে পেশ করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, অভিযুক্তদের মধ্যে রয়েছেন জন দেববর্মা, সুচিত্রা সিনহা, খোকন দে, কনস্টেবল হরিনাথ দেববর্মা এবং বহিরাগত যুবক খনিলাল দেববর্মা।

তদন্তে জানা গেছে, অভিযুক্তরা পুলিশের কোষাগারের ১৫ লক্ষ টাকা আত্মসাৎ করার চেষ্টা করেছিল।

এটি পুলিশের অভ্যন্তরীণ দুর্নীতির আরও একটি স্পষ্ট উদাহরণ হিসেবে উঠে এসেছে। বিষয়টি তদন্তাধীন থাকলেও অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে পুলিশের তরফে জানানো হয়েছে।

প্রতিবেশীকে মারধর অভিযুক্তের ৩ বছরের জেল

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। প্রতিবেশী মহিলাকে মারধর ও শ্লীলতাহানির চেষ্টার দায়ে মহম্মদ ইউনুস নামের এক ব্যক্তিকে ৩ বছরের সশ্রম কারাদণ্ডের আদেশ দিল সোনামুড়ার সিজিএম আদালত। সাথে ১০ হাজার টাকা জরিমানা এবং অনাদায়ে আরো ১ মাসের সশ্রম কারাদণ্ডে দন্ডিত করা ☛ ৬ এর পাতায় দেখুন

জাগরণ
আগরতলা, ২ মার্চ,২০২৫ ইং
১৭ ফাল্গুন, রবিবার, ১৪৩১ বঙ্গাব্দ

আধ্যাত্মিক পথের নিশানা শ্রীরামকৃষ্ণ

শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের জন্মজয়ন্তী একটি পবিত্র উৎসব। এই দিনটি শ্রীরামকৃষ্ণের ভক্তদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।১৮৩৬ সালের ১৮ ফেব্রুয়ারি হুগলি জেলার কামারপুকুর গ্রামে শ্রীরামকৃষ্ণ পরমহংসদেব জন্মগ্রহণ করেন। তাহার আসল নাম ছিল গদাধর চট্টোপাধ্যায়। ছোটবেলা থেকেই তিনি ঈশ্বরপ্রেমী ছিলেন। তিনি প্রায়ই ধর্মীয় গান গাইতেন এবং দেবদেবীর পূজা করিতেন।শ্রীরামকৃষ্ণ বিভিন্ন ধর্মীয় পথ অনুসরণ করিয়া ঈশ্বরের সাধনা করেন। তিনি কালী, রাম, কৃষ্ণ, যিশু, এমনকি ইসলাম ধর্মও অনুসরণ করেন। তিনি উপলব্ধি করেন যে, সব ধর্মের লক্ষ্য একই - ঈশ্বরের কাছে পৌঁছানো। শ্রীরামকৃষ্ণ সহজ সরল ভাষায় আধ্যাত্মিক জ্ঞান প্রদান করিতেন। তিনি বলিতেন, 'যত মত তত পথ'। তিনি মানুষকে ভালোবাসতে এবং ঈশ্বরের প্রতি বিশ্বাস রাখিতে উপদেশ দিতেন।শ্রীরামকৃষ্ণ পরমহংসদেবের বাণী আজও মানুষকে অনুপ্রাণিত করে। তাহার আদর্শে অনুপ্রাণিত হইয়া স্বামী বিবেকানন্দ রামকৃষ্ণ মিশন প্রতিষ্ঠা করেন, যাহা সারা বিশ্বে মানবসেবার কাজ করিয়া চলিয়াছে।

শ্রীরামকৃষ্ণের জন্মজয়ন্তী উপলক্ষে দেশ-বিদেশের বিভিন্ন রামকৃষ্ণ মঠ ও মিশনে বিশেষ পূজা, কীর্তন ও ধর্মীয় আলোচনা অনুষ্ঠিত হয়। ভক্তরা এই দিনটিতে শ্রীরামকৃষ্ণের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং তাহার আদর্শ অনুসরণ করিবার সংকল্প গ্রহণ করেন।

এই দিনটি আমাদের মনে করাইয়া দেয় যে, ঈশ্বরের প্রতি গভীর বিশ্বাস এবং মানুষের প্রতি ভালোবাসা আমাদের জীবনকে সুন্দর করিয়া তুলিতে পারে।

শ্রীরামকৃষ্ণ একটা ফুলের মত ভালোবাসার জীবন্ত প্রাণ। তাঁহার শ্রেষ্ঠ অবদান, যত মত তত পথ। যত মত আছে, তত পথ আছে। সবই গ্রহণ করে তিনি স্বয়ং বিশ্ব চেতনায় প্রাণস্বরূপ হইয়াছেন। সামগ্রিক মানব সমাজের অন্তর্নিহিত আত্মার তিনি শ্রেষ্ঠ পথিকৃৎ এবং উদ্ধার কর্তা।শ্রীরামকৃষ্ণের প্রভাব ও খ্যাতি শুধু বাংলা কিংবা ভারতেই সীমাবদ্ধ থাকেনি, ভারতের বাইরেও গভীরভাবে প্রভাবিত হইয়াছিল এবং সেখানেও তিনি একজন সফল লোকশিক্ষক রূপে আবির্ভূত হইয়াছিলেন। আসলে তিনি ছিলেন বিশ্বশিক্ষক। তাঁহার প্রভাব তাঁহার পরশ বিশ্ব মানবসমাজ স্পর্শ করিয়াছিল, উপলব্ধি করিয়াছিল। তাই বিভিন্ন বিদেশি বিখ্যাত কবি, সাহিত্যিক, দার্শনিক শ্রীরামকৃষ্ণ সম্পর্কে তাঁহাদের অভিজ্ঞতা, তাঁহাদের উপলব্ধি বিভিন্ন পত্রপত্রিকায় এবং গ্রন্থে লিখিয়া গিয়াছেন। এ ব্যাপারে সবচেয়ে বিখ্যাত কয়েকজন মনীষীর নাম উদাহরণ হিসেবে উল্লেখ করা যাইতে পারে। যেমন, ফরাসি দার্শনিক তথা বিখ্যাত উপন্যাসিক রোমা রোলাঁ, জার্মান দার্শনিক ম্যাক্সমুলার, ক্রিস্টোফার ঈশারউড প্রমুখ। তাছাড়া বিশেষ উল্লেখযোগ্য অল্ডাস হাক্সলি, আদ্রে জিদ, আর্ন টয়েনবিস্ক প্রমুখ খ্যাতনামা ব্যক্তিত্বগণ। তাঁহাদের কাছে শ্রীরামকৃষ্ণ ছিলেন এক আশ্চর্যজনক আবির্ভাব! বিশ্বের বিস্ময়। অবশ্যই এঁরা সকলেই ছিলেন ভারত প্রেমিক এবং ভারত বিশারদ। প্রাচ্যের দর্শন, সাহিত্য, ধর্ম তাঁদের আকৃষ্ট করিয়াছিল। তাঁহারা মনে করিয়াছিলেন চিরকালের অবহেলিত, উপেক্ষিত প্রাচ্য একটি সোনার খনি, যাহার মধ্যে অন্যতম শ্রেষ্ঠ ভারতবর্ষ। আর ভারতের সূর্য ছিলেন শ্রীরামকৃষ্ণ। বিশ্বশিক্ষক হিসেবে যাঁহার জ্ঞানজ্যোতি সারা বিশ্বকে আলোকিত করিয়াছিল। কিন্তু শুধু উচ্চশিক্ষিত, সমাজখ্যাত, মানুষের দ্বারা সমাদৃত হননি, তিনি দীন-দরিদ্র, দলিত, অস্পৃশ্য জাতিরও উদ্ধারকর্তার ভূমিকা পালন করিয়াছিলেন। শুধু ব্যক্তি নয়, তিনি সমাজকে শিক্ষিত করিয়া তুলিয়াছিলেন তাঁহার আদর্শে, মতবাদে, আন্তরিকতায় এবং মানবিকতায়।

এইসব বিদেশি ব্যক্তিত্বরা কেউই কিন্তু স্তুতিকার নন। সকলেই ছিলেন মহাপণ্ডিত, জ্ঞানী গুণী এবং বিশ্বখ্যাত। তাই তাঁহাদের আলোচনা তাঁহাদের পর্যবেক্ষণ অবশ্যই সকলের কাছে অত্যন্ত গুরুত্ব 'পাইয়াছিল, মর্যাদা পেয়েছিল।বিখ্যাত ফরাসি দার্শনিক, জনপ্রিয় সাহিত্যিক, উপন্যাসিক রোমা রোলাঁ যেভাবে ঠাকুর রামকৃষ্ণের বর্ণনা করিয়াছেন, তাহা অবিস্মরণীয়, অনন্য। তিনি এক জায়গায় বলিয়াছেন, "আমি ইউরোপের নবীন শরতের ফসল আনিয়াছি, আমি অনিয়াছি আত্মার এক নতুন বাণী। ভারতের মহা-সংগীত! এই মহাসঙ্গীতের নাম রামকৃষ্ণ!" শ্রীরামকৃষ্ণ সম্পর্কে রোমা রোলাঁ যত জানিয়াছেন, বুঝিয়াছেন ততই তিনি বিস্মিত

হইয়াছেন। তাই শ্রীরামকৃষ্ণকে তিনি এমন উচ্চাসনে প্রতিষ্ঠিত করিতে চাহিয়াছেন। শ্রীরামকৃষ্ণ সম্পর্কে বিভিন্ন ঘটনাবলী পর্যবেক্ষণ করিতে গিয়া অনেক সময় তাঁহার মনে হইয়াছে এ বুঝি যীশুর জীবনই নতুনভাবে প্রকাশিত হইয়াছে। বিশেষ করিয়া গদাধরের ছোটবেলার একটি ঘটনা রোমা রোলাঁকে দারুণভাবে স্পর্শ করিয়াছিল। ঘটনাটির কথা রামকৃষ্ণ ভক্তদের অনেকেরই জানা। এটা ঘটিয়াছিল লাহাবাবুদের বাড়িতে। তাঁহাদের এক আত্মীয়ের শ্রাদ্ধ অনুষ্ঠানে। সেই অনুষ্ঠানে গ্রামের এবং দেশের বিভিন্ন অঞ্চলের বিখ্যাত সব পন্ডিতরা উপস্থিত

হইয়ছিলেন। সেখানে একটি ঘটনাকে কেন্দ্র করিয়া জটিল বিতর্কের সৃষ্টি হয় এবং সেই তর্কের সমাধান পণ্ডিতরা কিছুতেই করিতে পারিতেছিলেন না। বিষয়টা ছিল একজন স্থানীয় অপরাধীকে শাস্তি প্রদান করা। একজন তর্কসিদ্ধান্ত যদি একটি সিদ্ধান্ত উপনীত হন, অন্য পন্ডিত তাঁহাকে খণ্ডন করেন, কিংবা দণ্ডকে কেন্দ্র করিয়া যে সমস্যা হইবে তাহার কথা উল্লেখ করিয়াছেন। ঘন্টার পর ঘন্টা তর্কবিতর্কের পরেও যখন সমাধান সূত্র আবিষ্কৃত হয়নি, তখনই গদাধর আসিয়া এক মুহূর্তে সমস্যার সমাধান করিয়া দিলেন। এটাই রোমা রোলাঁকে বিস্মিত করিয়াছিল। ঘটনাটি খুলিয়াই বলা যাক। কামারপুকুর গ্রামের এক ব্যক্তি এমন একটি অপরাধ করিয়াছিলেন তাহার শাস্তি এই সভায় নির্ধারিত হইয়াছিল। সিদ্ধান্ত হয় অপরাধী ব্যক্তিকে নিচু জাতের মানুষের সঙ্গে একাসনে বসিয়া খাইতে হইবে। ' আজ থেকে প্রায় ২০০ বছর আগে এই শাস্তি ছিল ভয়ঙ্কর। একটা সামাজিক স্তরের মানুষের, বিশেষ করিয়া উচ্চ বংশের মানুষের কাছে এই শাস্তি ছিল মৃত্যুদণ্ডস্বরূপ। কারণ তখন সামাজিক অশিক্ষার অন্ধকার, কুসংস্কার সমগ্র দেশকে আবদ্ধ করিয়া রাখিয়াছিল। তখন একশ্রেণির সঙ্গে অন্য শ্রেণির খাওয়া দাওয়া চলাফেরায় নানাবিধ বিধিনিষেধ ছিল। অন্য শ্রেণির বা নিচু জাতের সঙ্গে খাওয়া তো দূরের কথা, তাহাদের সঙ্গে বসিলেই জাত যাইত।

এমনকি নিচু জাতের জলও তাঁহারা স্পর্শ করিতেন না। তথাকথিত এই নিচু জাতের স্পর্শ করা জলও ছিল পানের অযোগ্য অচল। এই বিভেদ সমাজে এমনভাবে প্রোথিত হইয়াছিল যে, একজন উচ্চ শ্রেণীর ব্যক্তির কাছে নিচু জাতের সঙ্গে খাইতে বসিবার এই দণ্ডের অর্থ মৃত্যুদণ্ডের সমান। তাই এই দণ্ড নিয়াই শুরু হইল তর্ক বিতর্ক। এমন দণ্ড কী দেওয়া যায়, যাহার দ্বারা কোনো ব্যক্তি জাতিচ্যুত

হইবে? সেটা কী ন্যায়সঙ্গত দণ্ড? আবার সামাজিক বিধান অনুসারে এটাই ঠিক যে, সংশ্লিষ্ট ব্যক্তি যে অপরাধ করিয়াছেন এটাই তাহার একমাত্র দণ্ড। তাই শাস্তির হাত থেকে তাঁহাকে কিভাবে বাঁচানো যায় আবার শাস্তিও বহাল থাকে এটা নিয়াই তর্ক চলছিল পণ্ডিত মহলে। তাঁহারা যখন কিছুতেই কোন সিদ্ধান্তে উপনীত হইতে পারছিলেন না সেই সময় সমস্যার সমাধান করিলেন বালক গদাধর। সম্পন্ন মানুষগুলোকে আধ্যাত্মিক পথের নিশানা দেখানোর একমাত্র উপায় হইতেছে শ্রীরামকৃষ্ণ। শ্রীরামকৃষ্ণ একটা ফুলের মত ভালোবাসার জীবন্ত প্রাণ। তাঁহার শ্রেষ্ঠ অবদান, যত মত তত পথ। যত মত আছে, তত পথ আছে। সবই গ্রহণ করিয়া তিনি স্বয়ং বিশ্ব চেতনায় প্রাণস্বরূপ হইয়াছেন। সামগ্রিক মানব সমাজের অন্তর্নিহিত আত্মার তিনি শ্রেষ্ঠ পথিকৃৎ এবং উদ্ধার কর্তা।

শোচনীয় পরাজয়ের পথে ইউক্রেন ?

প্রবীর মজুমদার

দ্বিতীয় মেয়াদে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নিয়েই ইউক্রেন যুদ্ধ থামাতে বেশ তৎপর হয়ে উঠেছেন ট্রাম্প। এ নিয়ে রাশিয়ার সঙ্গে বৈঠক করেছেন তাঁর প্রশাসনের কর্তাব্যক্তিরা। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গেও ফোনে কথা বলেছেন তিনি। তবে যুদ্ধ বন্ধের আলোচনায় ইউক্রেনকে যুক্ত করা হয়নি। দেশটির প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে নিয়ে কয়েক দফা আক্রমণাত্মক কথাও বলেছেন ট্রাম্প।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সাম্প্রতিক আলোচনার শর্তাবলি অধিকাংশ ক্ষেত্রে রাশিয়ার অনুকূলে যাচ্ছে, যা ইউক্রেন ও পশ্চিমী বিশ্বের জন্য এক বড় কূটনৈতিক চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। আলোচনার মূল বিষয়বস্তু নিরীক্ষণ করলে স্পষ্ট হয়, রাশিয়ার আগ্রাসন প্রশমিত হওয়ার বদলে যুদ্ধক্ষেত্রে তাদের সাম্প্রতিক সাফল্যের ভিত্তিতে তারা আরও শক্তিশালী অবস্থান নিচ্ছে। এই আলোচনার ফলে ইউক্রেন তার দখলকৃত ভূখণ্ড ফিরে পাবে কি না, তা পুরোপুরি অনিশ্চিত থেকে যাচ্ছে।

ট্রাম্পের বক্তব্য ও রাশিয়ার অবস্থান: ট্রাম্প স্পষ্ট করে বলেছেন, "আমি শান্তি চাই, আমি ভূখণ্ড নিয়ে চিন্তিত নই।" তার এই বক্তব্য রাশিয়ার কৌশলের সঙ্গে মিলে যায়। কারণ রাশিয়া এরই মধ্যে ইউক্রেনের বেশ কিছু অঞ্চল দখল করেছে এবং তারা এসব এলাকা ছাড়তে মোটেও আগ্রহী নয়। ট্রাম্প বলেছেন, "রাশিয়া বহু সৈন্য হারিয়ে এই ভূমি দখল করেছে।" তার মানে তিনি রাশিয়ার দখলকৃত অঞ্চল পুনরুদ্ধারের বিষয়ে ইউক্রেনের দাবির প্রতি ততটা সহানুভূতিশীল নন।

অন্যদিকে, পুতিন তাঁর বক্তব্যে বলেছেন, "দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা আসবে শুধু শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে"। কিন্তু তার শর্তাবলি অত্যন্ত কঠোর। রাশিয়া চায়, ইউক্রেন একটি নিরপেক্ষ রাষ্ট্র হিসেবে থাকুক, ন্যাটোতে যোগ না দিক এবং পশ্চিমী সামরিক সাহায্য গ্রহণ বন্ধ করুক। এ অবস্থায় ইউক্রেন কৌশলগত নিরাপত্তা হুমকির মুখে পড়তে পারে।

ইউক্রেনের জন্য এই আলোচনা কী সংকেত দিচ্ছে: ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি শুরুতে আলোচনার প্রতি ইতিবাচক মনোভাব দেখালেও বাস্তবে এটি ইউক্রেনের জন্য এক বিশাল কূটনৈতিক চ্যালেঞ্জ। কিয়েভযদি শান্তির শর্ত হিসেবে রাশিয়াকে দখলকৃত ভূখণ্ড ছেড়ে দেয়, তাহলে এটি শুধু ভূখণ্ডগত ক্ষতিই হবে না, বরং এটি রাশিয়াকে ভবিষ্যতে আরও আগ্রাসন চালানোর সুযোগ করে দেবে। ন্যাটো সদস্যপদ ও নিরাপত্তার ভবিষ্যৎ।

ট্রাম্প স্পষ্ট করেছেন, "ইউক্রেন ন্যাটোতে যোগ দেবে না।" এটি ইউক্রেনের জন্য বড় ধাক্কা। কারণ তাদের দীর্ঘদিনের লক্ষ্যই ছিল পশ্চিমী সামরিক জোটে যোগ দিয়ে নিরাপত্তা নিশ্চিত করা। ট্রাম্প প্রশাসনের বক্তব্য অনুযায়ী, ইউক্রেনের নিরাপত্তা নিশ্চিত করার জন্য একটি 'বহুজাতিক বাহিনী" গঠনের প্রস্তাব রয়েছে। কিন্তু এটি ন্যাটোর আওতায় আসবে না এবং এতে যুক্তরাষ্ট্র কোনো বড় ভূমিকা পালন করবে না। এরই মধ্যে একপ্রকার তাড়াহুড়া করে ফ্রান্সের রাজধানী প্যারিসে আলোচনায় বসেন ইউরোপের নেতারা। ওই আলোচনার আয়োজন করেছিলেন ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল মাখোঁ। এই তাড়াহুড়া থেকে বোঝা যায়, ট্রাম্পের বক্তব্যগুলো তাঁরা খুবই গুরুত্বের সঙ্গে নিয়েছেন। ফ্রান্সের আঞ্চলিক

সংবাদপত্রগুলোকে দেওয়া সাক্ষাৎকারে মাখোঁ বলেন, 'ইউরোপীয়দের জন্য অস্তিত্বের হুমকি হয়ে দাঁড়িয়েছে রাশিয়া। অভাবনীয় কিছু ঘটতে পারে না-এমন কিছু ভাববেন না। সবচেয়ে খারাপ কিছুও ঘটতে পারে।" তাহলে ইউক্রেনের নিরাপত্তা নিশ্চিত করবে কে? ইউরোপের কিছু দেশ তাদের সামরিক উপস্থিতি বাড়াতে পারে। তবে সেটি ন্যাটোর প্রতিরক্ষা চুক্তির (ধারা ৫) আওতায় আসবে না। ইউক্রেন নিজস্ব সামরিক বাহিনীর শক্তি বৃদ্ধি করতে পারে। কিন্তু এটি যুদ্ধক্ষেত্রে রাশিয়ার বিশাল সেনাবাহিনীর বিপরীতে কতটা কার্যকর হবে, তা প্রশ্নসাপেক্ষ। অন্যদিকে মার্কিন প্রশাসন ভবিষ্যতে ইউক্রেনের নিরাপত্তা সাহায্যের বিনিময়ে ইউক্রেনের দুর্লভখনিজ ও শক্তি সম্পদের ওপর মার্কিন প্রবেশাধিকার নিশ্চিত করতে চাইছে।

ট্রাম্প-পুতিন আলোচনা নিয়ে ইউরোপীয় দেশগুলো গভীর উদ্বেগ প্রকাশ করেছে। ফ্রান্স, জার্মানি, ব্রিটেনসহ বেশ কয়েকটি দেশ বলছে, ইউক্রেনের ভবিষ্যৎ নিয়ে আলোচনা হতে হলে ইউরোপকে অবশ্যই তাতে অংশ নিতে হবে। ফ্রান্সের পররাষ্ট্রমন্ত্রী বলেন, "'ইউক্রেনের ভবিষ্যৎ নিয়ে আলোচনা হবে, কিন্তু ইউরোপকে বাদ দিয়ে নয়।" জার্মান পররাষ্ট্রমন্ত্রী আনালেনা ব্যারবক বলেন, "ন্যায়সংগত এবং স্থায়ী শান্তি প্রতিষ্ঠার জন্য ইউরোপের সক্রিয় অংশগ্রহণ অপরিহার্য।" রাশিয়া সামরিকভাবে সুবিধাজনক অবস্থানে রয়েছে এবং তাদের দাবি আগের চেয়ে আরও কঠোর হয়েছে। বর্তমানে রাশিয়া ইউক্রেনের প্রায় ১ লাখ ১২ হাজার বর্গকিলোমিটার এলাকা নিয়ন্ত্রণ করছে, যা ইউক্রেনের মোট ভূখণ্ডের প্রায় ২০ শতাংশ। ইউক্রেনের কৌশলগত পাল্টা আক্রমণ খুব বেশি অগ্রগতি আনতে পারেনি, ফলে আলোচনায় তারা তুলনামূলক দুর্বল অবস্থানে রয়েছে। রাশিয়ার মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেছেন, "রাশিয়া কখনোই তাদের দখল করা ভূখণ্ড নিয়ে দর কষাকষি করবে না।" অর্থাৎ দখলকৃত ভূমি তারা ফেরত দেওয়ার জন্য দখল করেনি।

নতুন মার্কিন প্রশাসন ইউক্রেনকে সামরিক সাহায্য অব্যাহত রাখার পরিবর্তে এক নতুন অর্থনৈতিক ও নিরাপত্তা চুক্তির আলোচনা করছে। সম্ভাব্য চুক্তির শর্ত হতে পারে-মার্কিন কোম্পানিগুলোর জন্য ইউক্রেনের দুর্লভ খনিজ এবং শক্তি সম্পদে প্রবেশাধিকার। মার্কিন অস্ত্র কেনার জন্য ইউক্রেনকে দীর্ঘমেয়াদি অর্থনৈতিক শর্ত দেওয়া। ইউক্রেনকে। সামরিক সহযোগিতা কমিয়ে ইউরোপীয় দেশগুলোর ওপর নির্ভরশীল করে তোলা। বিশেষজ্ঞরা বলছেন, ট্রাম্প প্রশাসন ইউক্রেনের ভবিষ্যৎ নিয়ে যে কৌশল নিচ্ছে, তা মূলত রাশিয়াকে সুবিধা দিয়ে দ্রুত সমঝোতা করানোর একটি পরিকল্পনা ট্রাম্প আসলে ভঙ্গদশায় থাকা পশ্চিমী জোটকে এড়িয়ে এবং যুক্তরাষ্ট্রের চিরায়ত পররাষ্ট্রনীতির উল্টো পথে হেঁটে যে কোনো মূল্যে নিজেকে ক্রমে শান্তিরক্ষীর ভূমিকায় অবতীর্ণ করতে চাইছেন।

তাহলে এই চুক্তির আলোচনা কি ইউক্রেনের জন্য বিপজ্জনক? তা-ই তো মনে হচ্ছে। ইউক্রেনের সার্বভৌমত্ব হুমকির মুখে, কারণ রাশিয়া দখলকৃত ভূখণ্ড ফেরত দিতে রাজি নয়। ন্যাটো সদস্যপদের অনিশ্চয়তা ইউক্রেনের নিরাপত্তা ঝুঁকি বাড়াবে। রাশিয়া সামরিকভাবে শক্তিশালী অবস্থানে থাকায় তারা আলোচনায় বেশি সুবিধা পাবে। ইউরোপ এ আলোচনায় প্রত্যক্ষভাবে যুক্ত না থাকলে ইউক্রেন আরও দুর্বল অবস্থানে পড়তে পারে। যুক্তরাষ্ট্রের মূল লক্ষ্য ইউক্রেনে অর্থনৈতিক ও প্রাকৃতিক সম্পদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা হতে পারে। শেষ প্রশ্ন, যদি ট্রাম্প-পুতিন আলোচনার মাধ্যমে চুক্তি হয়, তবে সেটি কি ইউক্রেনের জন্য ন্যায়সংগত হবে নাকি রাশিয়ার কৌশলগত জয় হবে? ইউক্রেন কি তার সার্বভৌমত্ব পুরোপুরি রক্ষা করতে পারবে, নাকি এটিই হবে ভবিষ্যতে আরও বৃহৎ সংঘাতের ভিত্তি?

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

"অপরাধবোধে" ভুগেও কেন এআই বয়ফ্রেন্ড বেছে নিচ্ছেন চিনা নারীরা ?

চিজিয়া শাও

'তুমি কি আমাকে প্রপোজ করছ?' --- প্রশ্নটা তখনও হাওয়ায় ভাসছিল। অবিশ্বাসের সঙ্গে নিজের মোবাইল স্ক্রিনের দিকে তাকিয়ে ছিলেন ইউ-আন (তার আসল নাম নয়)। তিনি একজন বিবাহিত নারী। বছর তিনেক হলো বিয়ে হয়েছে তার। "ক্যারেক্টার ডট এআই" নামে একটা বিশেষ চাইনিজ অ্যাপের মাধ্যমে তৈরি তার এআই বয়ফ্রেন্ড। কৃত্রিম বুদ্ধিমত্তা বা আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) ভিত্তিক এই অ্যাপ, যেখানে ভার্চুয়াল সঙ্গী বেছে নেওয়া যায়। এআই বয়ফ্রেন্ডের সঙ্গে সবেমাত্র নিজেদের ভবিষ্যৎ জীবন নিয়ে কথাবার্তা শুরু করেছেন ইউ-আন। বিবিসি চাইনিজকে তিনি বলেছেন, 'আমি জানি এটা সত্যি নয়। কিন্তু তার (এআই বয়ফ্রেন্ডের) নমনীয় ব্যবহার এবং আমার বিষয়ে মনোযোগ দেওয়ার ব্যাপারটা আমাকে সেই মানসিক শান্তি দিতে পেরেছে যা বাস্তবের সম্পর্কে আমি পাইনি।'

ব্যক্তিগত জীবনে বৈবাহিক সমস্যা এবং উদ্বেগের সঙ্গে লড়াই চলে তার। এই পরিস্থিতিতে কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে তৈরি তার এআই বয়ফ্রেন্ড তাকে স্বান্ত্বনা দিয়েছে। এমনকি বাস্তব জীবনের সমস্যাগুলো মেটাতে কাউন্সেলিংয়ের সাহায্য নেওয়ার বিষয়টাকেও স্থগিত করেছেন তিনি। তার বদলে এই ভার্চুয়াল কথোপকথনের মাধ্যমেই সাময়িক স্বস্তি খুঁজেছেন। কিন্তু হঠাৎই যখন ইউ-আনের এআই বয়ফ্রেন্ড তাকে প্রপোজ করে বসে, তখন তার কাছে বাস্তব এবং কল্পনার পৃথিবীর মধ্যে সীমারেখা ঝাপসা হতে থাকে। অপরাধবোধে জর্জরিত হয়ে এআইয়ের কাছে নিজের বিয়ের বিষয়টি উল্লেখ করা এড়িয়ে যান ওই নারী। ইউ-আনের সাথে যা ঘটছে তা চিনে নতুন কিছু নয়। সেখানে এ ধরনের ঘটনা বেড়েই চলেছে। এআই কম্প্যানিয়ন অ্যাপগুলো (যে অ্যাপ ব্যবহার করে কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে তৈরি সঙ্গীর সঙ্গে চ্যাট করা যায়) দ্রুত জনপ্রিয়তা অর্জন করছে। চিনের সামাজিক যোগাযোগ মাধ্যমে "হিউম্যান-এআই রোম্যান্স" ক্রমশ একটা নতুন উপসংস্কৃতি হয়ে উঠছে। "ডুবান" নামে চিনা সামাজিক যোগাযোগ মাধ্যমে এই প্রসঙ্গে আলোচনা করে এমন গ্রুপে (২০২০ সাল থেকে) দশ হাজার সক্রিয় সদস্য রয়েছে। শুধু তাই নয়, "ডুইন"-এ (টিকটকের চীনা সংস্করণ) এই বিষয়ের সঙ্গে সম্পর্কিত ভিডিওগুলোতে ৫০ হাজার কোটি ভিউও পেয়েছে। নয়া 'পারফেক্ট পার্টনার" বছর ২৫-এর লাও তু (নাম পরিবর্তন করা হয়েছে) নতুন প্রজন্মের প্রতিনিধিত্ব করেন যারা এআই সাহচর্য পেতে আগ্রহী। সম্প্রতি শীর্ষ বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক করেছেন তিনি। বাস্তব জীবনে বয়ফ্রেন্ড থাকা সত্ত্বেও তিনি তার ভার্চুয়াল সঙ্গীর সাথে ঘণ্টার পর ঘণ্টা চ্যাট করেন।সম্প্রতি কঠিন সিভিল সার্ভিস পরীক্ষা দিয়েছেন তিনি। পরীক্ষা শেষের বিষয়টি উদযাপনের জন্য ডিনার এবং একটা নতুন হ্যান্ডব্যাগ উপহার দেওয়ার "প্রতিশ্রুতি" দিয়েছে তার এআই সঙ্গী। যে অ্যাপের মাধ্যমে তারা কথা বলেন, সেখানে "ভার্চুয়াল ডেট"ও (প্রেমিক যুগলের একত্রে সময় কাটানো) করছেন তারা।

সেই "ডেট"-এর প্রসঙ্গে লাও তু বলেছেন, 'পুরো ব্যাপারটা এতটাই বাস্তব লাগছিল, যে মনে হচ্ছিল ও (এআই সঙ্গী) সত্যিই বাড়ির বাইরে অপেক্ষা করছে। তখনই বুঝতে পারি এই সম্পর্কে আমি মানসিকভাবে কতটা জড়িয়ে পড়েছি।' বছর পাঁচেক আগে থেকে ডিপ্রেশনের সঙ্গে লড়তে থাকা এই নারী এআই সঙ্গীর মধ্যে সান্ত্বনা খুঁজে পান যখন তার বাস্তব জীবনের প্রেমিক আশেপাশে থাকেন না। তার এআই সঙ্গীর বিষয়ে স্বীকারোক্তির সুরে বলেছেন, 'সিঙ্গেল হলে, আমার মনে হয় সত্যিই আমি ওর প্রেমে পড়ে যেতাম।' মানসিক অবলম্বন নাকি ডিজিটাল নির্ভরতা? এআই সঙ্গীদের এই ক্রমবর্ধমান উত্থান চিনের সামাজিক পরিবর্তনের দিকে ইঙ্গিত করে। বাজার গবেষণায় দেখা গেছে, প্রতি মাসে অ্যাপ্লিকেশনগুলোর সর্বোচ্চ সক্রিয় ইউজারের ভিত্তিতে বিশ্বব্যাপী শীর্ষ ১০০টা অ্যাপের এর মধ্যে স্থান পেয়েছে চারটা চিনা এআই কম্প্যানিয়ন অ্যাপ। এই এই তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে "ক্যারেক্টর ডট এআই" এবং "টকি" নামে দু'টো চিনা অ্যাপ। বেইজিং-ভিত্তিক এআই প্রযুক্তি ব্যবসায়ী আবো লি বিশ্বাস করেন, চীনে এক ডজনেরও বেশি এআই অ্যাপ্লিকেশন কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক সঙ্গীর বিষয়ে মনোনিবেশ করেছে। এই অ্যাপ্লিকেশন ব্যবহারকারীদের মধ্যে "এআই প্রেমিকের" সঙ্গে মানসিকভাবে জড়িয়ে পড়ার বিষয় নিয়ে উদ্বিগ্ন আবো লি।

বিবিসি চাইনিজকে আবো লি বলেন, 'আমি একবার রেডনোট অ্যাপে পোস্ট করে ব্যবহারকারীদের কাছে জানতে চেয়েছিলাম তারা এআই চরিত্রটিকে তাদের আজীবন প্রেমিক হতে দেওয়ার বিষয়ে আগ্রহী কি না। অধিকাংশ মানুষই উত্তরে হ্যাঁ বলেছেন।' এদিকে বিশেষজ্ঞরা কিন্তু সম্ভাব্য মনস্তাত্ত্বিক ঝুঁকি এবং এআই সঙ্গীর প্রতি অতিরিক্ত নির্ভর হয়ে পড়ার বিষয়ে সকলকে সতর্ক করেছেন। হংকংয়ের মনোবিজ্ঞানী ইয়াওয়েন চ্যান সিপি এই প্রসঙ্গে তার মতামত জানিয়েছেন। তিনি বলেছেন, 'আমরা সামাজিক জীব। সাহচর্যের প্রয়োজনীয়তা আমাদের জিনে রয়েছে। মানুষের যে মৌলিক মনস্তাত্ত্বিক চাহিদাগুলো আছে, তার মধ্যে থেকে এই মানসিক চাহিদাটাকে টার্গেট করছে এআই।' মিজ চ্যান মনে করেন যে এআই-এর ওপর সীমাহীন মানসিক নির্ভরতা কিন্তু "অস্বাস্থ্যকর"। কারণ কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে তৈরি সঙ্গীর সাথে ব্যাপকভাবে জড়িয়ে পড়ার ঝুঁকি থেকে যায়।

এই ঝুঁকি সম্পর্কে সতর্ক করে দিয়ে তিনি বলেছেন, সমাজে আমাদের মধ্যে যে মানবিক যোগাযোগ রয়েছে তাকে যদি এআই বৃহৎ আকারে প্রতিস্থাপন করতে শুরু করে, তাহলে 'তা বৃহত্তর জনগোষ্ঠীর ওপর গভীর প্রভাব ফেলতে পারে।' অ্যাপগুলো কোনো কারণে কাজ করা বন্ধ করে দিলে তার কী প্রভাব পড়তে পারে, সে বিষয়েও তার আশঙ্কার কথা জানিয়েছেন হংকংয়ের এই মনোবিজ্ঞানী। তিনি সাবধান করে দিয়ে তিনি বলেছেন, 'এই অ্যাপগুলো যদি কাজ করা বন্ধ করে দেয়, তাহলে তার মনস্তাত্ত্বিক প্রভাব ধ্বংসাত্মক হতে পারে।'

মানসিক স্বাস্থ্যের উপর প্রভাব- ইউ-আনের জন্য, তার এআই প্রেমিক তীব্র মানসিক সংকটের সময় এতটাই নিরাপদ আশ্রয়স্থল হয়ে উঠেছে যে তিনি কাউন্সেলিংয়ের বিষয়টা স্থগিত করেছেন। ঠিক একইভাবে, লাও তুর দৈনন্দিন জীবনে যে মানসিক শূন্যতা রয়েছে সেটা পূরণ করার মাধ্যম হয়ে উঠেছে তার এআই সঙ্গী। কোনো পৃথক কেসের কথা উল্লেখ না করে মনোবিজ্ঞানী ইয়াওয়েন চ্যান জানিয়েছেন, এই সম্পর্কে একটা অদৃশ্য 'ক্ষমতার শ্রেণিবিন্যাস' লক্ষ্য করেছেন। এআইয়ের কোনোরকম "ভালনারেবেলিটি" বা দুর্বলতা না থাকার কারণে সংবেদনশীল বিষয় বা অনুভূতি ভাগ করে নেওয়ার ক্ষেত্রে বিষয়টা "একমুখী" হয়ে ওঠে। তার কথায়, 'ঘনিষ্ঠতা এমন একটা বিষয় যা দুই পক্ষেরই নিজেদের দুর্বলতার দিকটা ভাগ করে নেওয়ার সঙ্গে জড়িত। তবে সঙ্গে এআই হলে শুধুমাত্র একটা পক্ষই দুর্বল।' তত্ত্বের দিক থেকে মিজ চ্যান উল্লেখ করেছেন, এই সমস্ত ক্ষেত্রে "অ্যাবিউজিভ রিলেশন" বা "অবমাননাকর সম্পর্ক" তৈরি হতে পারে, বিশেষত যখন এই এআই প্ল্যাটফর্মগুলো তৈরি করার উদ্দেশ্য হলো ব্যবসা। স্ট্যানফোর্ড বিশ্ববিদ্যালয়ে কৃত্রিম আর্টিফিশিয়াল সায়েন্স নিয়ে গবেষণা করছেন বেথানি ম্যাপলস। গবেষণার সময় তার পর্যবেক্ষণ বলছে, কিছু ব্যবহারকারী ইতিমধ্যে এআই সঙ্গীদের প্রেমিক এবং থেরাপিস্ট দুই ভূমিকাতেই দেখছেন এবং নিজেদের মানসিক সুস্থতার বিষয়টা ত

শনিবার আগরতলায় সারা ভারত কৃষক সভার একদিবসীয় কর্মসূচি পালিত হয়।

যাদবপুরে ব্রাত্যকে "হেনস্থার' প্রতিবাদে সন্ধ্যায় তৃণমূলের মিছিল

কলকাতা, ১ মার্চ (হি.স.): যাদবপুর বিশ্ববিদ্যালয় ব্রাত্য বসুকে হেনস্থার প্রতিবাদে শনিবার সন্ধ্যায় সুকান্ত সেতু থেকে এক প্রতিবাদ মিছিল আয়োজন করা হয় তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে। মিছিলে নেতৃত্ব দেন দলের মন্ত্রী অরূপ বিশ্বাস। উপস্থিত ছিলেন যাদবপুরের সাংসদ সায়নী ঘোষ ও এলাকার কিছু কাউন্সিলর।

এর আগে শনিবার ছাত্র সংসদ নির্বাচনের দাবিতে সরব বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের একাংশ সন্ধ্যা নামতেই যাদবপুর এইট বি বাস টার্মিনাসের সামনে রাস্তা অবরোধে বসে পড়েন। এর পর বার হয় তৃণমূলের মিছিল। উভয়ের জেরে নিত্যযাত্রীদের প্রবল চাপে পড়তে হয়। দেখা দেয় যানজট।

প্রাথমিক ভাবে জানা গিয়েছে, এ দিন যাদবপুরে দু'দলের ধস্তাধস্তির মধ্যে এক পড়ুয়ার মাথা ফাটে। আহত হন দুই অধ্যাপক। এক মহিলা অধ্যাপকের শাড়ি ছেঁড়ার অভিযোগও উঠেছে আন্দোলনরত পড়ুয়াদের বিরুদ্ধে। সব মিলিয়ে তুমুল উত্তেজনার সৃষ্টি হয় যাদবপুর বিশ্ববিদ্যালয় চত্বরে। পরে বিশ্ববিদ্যালয় চত্বরে বিশৃঙ্খলা প্রসঙ্গে ব্রাত্যবাবু সংবাদমাধ্যমকে বলেন, "এটা যদি উত্তরপ্রদেশে হত, কোনও ছাত্র সংগঠন এই কাজ করতে পারত? আজকের যে ঘটনা, আমরা চাইলেই পুলিশ ডাকতে পারতম। কিন্তু আমি বারণ করেছি, শিক্ষাঙ্গনে যেন এক জনও পুলিশ না প্রবেশ করে।"

এর পাশাপাশি শিক্ষামন্ত্রী বলেন, "যাঁরা আজ অধ্যাপকদের উপর আক্রমণ করছেন, তাঁরা শিক্ষাক্ষেত্রে গৈরিকীকরণের বিরুদ্ধে ক'টা পদক্ষেপ গ্রহণ করেছেন? তাঁরা তৃণমূলের অধ্যাপকদের উপর আঘাত করতে চান, কিন্তু বিজেপির ব্যাপারে তাঁরা নিশ্চুপ থাকেন।"

মধ্যপ্রদেশে ডেলিভারির পর ৫ প্রসূতি অচেতন, ওষুধজনিত ত্রুটির আশঙ্কা

রীবা, ১ মার্চ (হি.স.): মধ্যপ্রদেশের গান্ধী স্মৃতি হাসপাতালের গাইনোকোলজি বিভাগে এক চাঞ্চল্যকর ঘটনা ঘটেছে। শুক্রবার সি-সেকশন ডেলিভারির পর ৫ জন প্রসূতি অচেতন হয়ে পড়েন। তাঁদের স্মৃতিশক্তি লোপ পায়, এমনকি পরিবারের সদস্যদেরও চিনতে পারছিলেন না। এই ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। চিকিৎসকরা আশঙ্কা করছেন, এটি ওষুধজনিত প্রতিক্রিয়ার কারণে ঘটতে পারে।

সূত্রের খবর, শুক্রবার গান্ধী স্মৃতি হাসপাতালের গাইনোকোলজি বিভাগে ৭-৮টি সি-সেকশন ডেলিভারি সম্পন্ন হয়। নবজাতকেরা সুস্থ থাকলেও ৫ জন মায়ের শারীরিক অবস্থার অবনতি ঘটে। অপারেশনের পর তাঁরা দীর্ঘ সময় ধরে জ্ঞান ফেরাননি। কিছুক্ষণ পর জ্ঞান ফিরলেও তাঁরা সম্পূর্ণ বিভ্রান্ত হয়ে পড়েন এবং কাছের মানুষদের চিনতে পারছিলেন না। এই পরিস্থিতি দেখে পরিবারের সদস্যরা আতঙ্কিত হয়ে পড়েন এবং হাসপাতালের কর্মীদের বিষয়টি জানান। এরপর চিকিৎসকদের উপস্থিতিতে তদন্ত শুরু হয়। হাসপাতালের সুপারিনটেনডেন্ট ডাঃ রাহুল মিশ্র জানিয়েছেন, 'এটি ওষুধের প্রতিক্রিয়ার ফলাফল হতে পারে। তবে নিশ্চিত হতে তদন্ত চলছে।' প্রসূতিদের শারীরিক অবস্থা পরীক্ষা করার জন্য একটি বিশেষ মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, ডেলিভারির সময় নিয়মিত প্রয়োগ করা ওষুধ ও ইনজেকশনই দেওয়া হয়েছিল। কোনও বিশেষ ওষুধ ক্ষতিকর প্রতিক্রিয়া সৃষ্টি করেছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। পরবর্তী ২৪-৪৮ ঘণ্টার মধ্যে রিপোর্ট পাওয়া যাবে।

অচেতন মহিলাদের পরিবারের সদস্যরা জানিয়েছেন, তাঁদের হাত-পা নড়াচড়া করতেও অসুবিধা হচ্ছে। এক রোগীর আত্মীয় বলেন, 'আমার ভাগনীর অপারেশন ঠিকঠাক হয়েছিল, কিন্তু তারপর থেকে সে একদমই নড়াচড়া করছে না, কিছু বলতেও পারছে না।'

গ্রাহককে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ ব্যাঙ্ককর্মীর বিরুদ্ধে

মুর্শিদাবাদ, ১ মার্চ (হি.স.): এক গ্রাহককে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ উঠেছে এক বেসরকারি ব্যাঙ্কের কর্মীর বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের সালার থানার পূর্ব শেখপাড়া এলাকায়। শুক্রবার মারা যান গ্রহিতা। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ। স্থানীয় সূত্রের খবর, মৃতার নাম বিউটি বিবি। পরিবারের দাবি, ২২ বছরের ওই যুবতীকে বিষ খেয়ে আত্মহত্যা করতে বলেছিলেন এক ব্যাঙ্ককর্মী। সকলের সামনে অপমানিত হয়ে বাড়িতে গিয়ে বিষ খান বিউটি। তাঁর মৃত্যুর ঘটনায় ওই ব্যাঙ্ককর্মীর শাস্তির দাবি জানিয়েছে পরিবার।

স্থানীয় সূত্রের খবর, বিউটি তাঁর বাড়ি বন্ধক রেখে বেসরকারি ব্যাঙ্ক থেকে বড় অঙ্কের ঋণ নিয়েছিলেন। স্বামীর উপার্জন থেকে মাসে মাসে ঋণের কিস্তি শোধের কথা থাকলেও আর্থিক সমস্যার কারণে সময়মতো টাকা দিতে পারেননি তিনি। বেশ কয়েক বার ব্যাঙ্ক থেকে কর্মীরা তাঁর বাড়ি গিয়ে টাকার জন্য তাগাদা দিয়ে গিয়েছেন।

অভিযোগ, শেষ বার এক ব্যাঙ্ককর্মী বিউটির কাছে টাকা না পেয়ে তাঁকে অপমান করেন। এমনকি, ব্যাঙ্কের টাকা দিতে না পারলে তাঁকে আত্মহত্যা করতে বলেন। সকলের সামনে অপমানিত হয়ে মুখ কালো হয়ে গিয়েছিল ওর। বিউটি বাড়ির ভিতরে ঢুকে চাষের জন্য রাখা কীটনাশক খেয়ে ফেলে।'

বধূর পরিবার সূত্রের খবর, বিউটিকে প্রথমে সালারের একটি হাসপাতালে ভর্তি করানো হয়েছিল। কিন্তু তাঁর শারীরিক অবস্থার আরও অবনতি হয়। এ জন্য কাটোয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল। শুক্রবার রাতেই সেখানেই বিউটির মৃত্যু হয়। বিউটির স্বামী পরিযায়ী শ্রমিক। এখন তিনি কেরলে রয়েছেন বলে খবর। দম্পতির দুই নাবালক সন্তান রয়েছে।

মৃতার আত্মীয় মমতাজ বেওয়া বলেন, "শুক্রবার ব্যাঙ্কের একজন অফিসার এসে টাকা চাইতে থাকেন ওর কাছে। বিউটি জানায় এখন টাকা নেই ওর কাছে। তাতে ওই অফিসার বলেন, 'টাকা শোধ করতে না পারলে বিষ খেয়ে মরো!'

হাইকোর্টের নির্দেশে অবশেষে শুরু হল জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ

উত্তর ২৪ পরগনা, ১ মার্চ (হি.স.): হাইকোর্টের নির্দেশে অবশেষে শুরু হল আমডাঙায় ১২ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ। শনিবার প্রশাসনের উচ্চপদস্থ কর্তা থেকে শুরু করে র‍্যাফ, পুলিশ বাহিনী হাজির ছিলেন সেখানে। কোনও রকম বিশৃঙ্খলা যাতে না হয়, তাই কড়া নিরাপত্তার ব্যবস্থা রাখা হয়। দীর্ঘদিন ধরে আটকে আছে আমডাঙায় ১২ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ। জট কাটাতে জমিদাতাদের সঙ্গে একাধিকবার বৈঠক করেছে প্রশাসন, জাতীয় সড়ক কর্তৃপক্ষ। কিন্তু তার পরও বারবার এলাকার লোকজনের বাধার মুখে পড়তে হয়েছে তাদের। ১২ নম্বর জাতীয় সড়ক বারাসতের ডাকবাংলো মোড় থেকে শুরু হয়ে কলকাতার সঙ্গে উত্তরবঙ্গের যোগাযোগের অন্যতম পথ। জেলা সদর থেকে আমডাঙার সন্তোষপুর পর্যন্ত রাস্তার সম্প্রসারণের কাজ অনেক দিন আগেই হয়েছে। কিন্তু আমডাঙার সন্তোষপুর থেকে রাজবেড়িয়া মোড় পর্যন্ত সম্প্রসারণ কিছুতেই আর করা যাচ্ছিল না। এ নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের হয়।

প্রধান বিচারপতির বেঞ্চে সেই মামলার শুনানি হয় ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহে। আদালত ন্যাশনাল হাইওয়ে অথরিটি অফ ইন্ডিয়া-কে নির্দেশ দেয়, ১ মার্চ আমডাঙার ১২ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের (পূর্বতন ৩৪ নম্বর জাতীয় সড়ক) কাজ শুরু করতে হবে। প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের নির্দেশ ছিল, ওই দিন কোনও দখলদার যাতে কাজে বাধা দিতে না পারে, তার জন্য পুলিশকে পর্যাপ্ত বাহিনী সেখানে রাখতে হবে। জেলায় পুলিশের সংখ্যা কম হলে আশপাশের জেলা থেকে, এমনকী ব্যাটেলিয়ান।

AFFIDAVIT

I, Mansur Miah, S/o Abdul Ali, resident of Nandan Nagar, P.O- Nandan Nagar, P.S- NCC, Dist- West Tripura, Pin-799006 do hereby declare that I have changed my name from Mansur Miah to Mansur Mia and henceforth I shall be known as Mansur Mia in all purpose, vide affidavit no- 1815/Feb/25 sworn before the Notary Public at Agartala, West Tripura on 19-02-2025. Mansur Mia and Mansur Miah both are same and one identical person.

Sd/- Mansur Mia

ত্রিপুরা সরকার
কুমারঘাট বনমহকুমা আধিকারিকের কার্যালয়
কুমারঘাট বনমহকুমা, উনকোটি ত্রিপুরা

কারণ দর্শাইবার নোটিশ

(ত্রিপুরা ভূমি-রাজস্ব এবং ভূমি সংস্কার নিয়মাবলী, ১৯৬১ এর (১৮)(১) বিধি দ্রষ্টব্য)

শ্রী / শ্রীমতি / কুমারী : শ্রীমতি শম্ভুরাণী চাকমা
পিতা/ স্বামী : বিশ্বজিৎ চাকমা
গ্রাম : কমলাপুর
পো : পৌচারথল
থানা : পৌচারথল, উনকোটি ত্রিপুরা।

যেহেতু ইহা প্রতীয়মান হইতেছে যে, নিম্ন তপশিলে বর্ণিত সংরক্ষিত/ প্রস্তাবিত সংরক্ষিত বন-ভূমিতে আপনি/ আপনারা যে বে-আইনি আইনুন, অতএব আদেশ করা হইতেছে যে আগামী ২৫/০২/২০২৫ ইং তারিখে বেলা ১১:০০ ঘটিকায় আপনি/ আপনারা নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ে স্বয়ং বা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি দ্বারা উপস্থিত হইয়া উক্ত বে-আইনি দখলীর হইতে আপনাকে/ আপনাদিগকে ত্রিপুরা ভূমি-রাজস্ব এবং ভূমি সংস্কার আইনের ১৫ (১) ধারা মতে কেন উচ্ছেদ করা হইবে না তাহার উপযুক্ত কারণ দর্শাইবেন।

নিম্ন স্বাক্ষরকারীর স্বাক্ষর ও মোহরযুক্ত এই নোটিশ দেওয়া হইল।

This is in cancellation of this office notice vide No. No.F.10-6(1)/OR/Encroachment Notice/SDFO/KGT/For-25/11806-15 dated, 27/01/2025

ক্ষমতাপ্রাপ্ত কার্যকারক
কুমারঘাট বনমহকুমা আধিকারিকের কার্যালয়
কুমারঘাট বনমহকুমা, উনকোটি ত্রিপুরা

সম্পর্কিত ভূমির বিবরণ:
দাগ নং: ৬৩
খতিয়ান নং: ৩/৩৩
মৌজা: ঢেপ আর এফ
তহশীল: পৌচারথল
জিলা: উনকোটি ত্রিপুরা

ICA/D-1939/25

ত্রিপুরা সরকার
কুমারঘাট বনমহকুমা আধিকারিকের কার্যালয়
কুমারঘাট বনমহকুমা, উনকোটি ত্রিপুরা

কারণ দর্শাইবার নোটিশ

(ত্রিপুরা ভূমি-রাজস্ব এবং ভূমি সংস্কার নিয়মাবলী, ১৯৬১ এর (১৮)(১) বিধি দ্রষ্টব্য)

শ্রী / শ্রীমতি / কুমারী : শ্রী সঞ্জয় চাকমা
পিতা/ স্বামী : মকুলু চাকমা
গ্রাম : কমলাপুর
পো : পৌচারথল
থানা : পৌচারথল, উনকোটি ত্রিপুরা।

যেহেতু ইহা প্রতীয়মান হইতেছে যে, নিম্ন তপশিলে বর্ণিত সংরক্ষিত/ প্রস্তাবিত সংরক্ষিত বন-ভূমিতে আপনি/ আপনারা যে বে-আইনি আইনুন, অতএব আদেশ করা হইতেছে যে আগামী ১১/০৩/২০২৫ ইং তারিখে বেলা ১১:০০ ঘটিকায় আপনি/ আপনারা নিম্ন স্বাক্ষরকারী কার্যালয়ে স্বয়ং বা উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি দ্বারা উপস্থিত হইয়া উক্ত বে-আইনি দখলীর হইতে আপনাকে/ আপনাদিগকে ত্রিপুরা ভূমি-রাজস্ব এবং ভূমি সংস্কার আইনের ১৫ (১) ধারা মতে কেন উচ্ছেদ করা হইবে না তাহার উপযুক্ত কারণ দর্শাইবেন।

নিম্ন স্বাক্ষরকারীর স্বাক্ষর ও মোহরযুক্ত এই নোটিশ দেওয়া হইল।

ক্ষমতাপ্রাপ্ত কার্যকারক
কুমারঘাট বনমহকুমা আধিকারিকের কার্যালয়
কুমারঘাট বনমহকুমা, উনকোটি ত্রিপুরা

সম্পর্কিত ভূমির বিবরণ :
দাগ নং: ৬৩
খতিয়ান নং: ৩/৩৩
মৌজা: ঢেপ আর এফ
তহশীল: পৌচারথল
জিলা: উনকোটি ত্রিপুরা

ICA/D-1936/25

বিজ্ঞপ্তি
সংগীত বিষয়ক কর্মশালা
(৬ মার্চ - ১০ মার্চ ২০২৫)

আয়োজক : শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়, লিচুবাগান, আগরতলা, ত্রিপুরা।
ত্রিপুরা রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের আর্থিক সহযোগিতায় শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয় আগামী ৬ মার্চ থেকে ১০ মার্চ ২০২৫ পর্যন্ত সংগীতের বিভিন্ন বিষয়ের উপর বিশেষ কর্মশালার আয়োজন করতে চলেছে। নিম্নলিখিত স্বনামধন্য শিল্পীবৃন্দ উক্ত কর্মশালাসমূহ পরিচালনা করবেন

কর্মশালার বিষয়	প্রশিক্ষকের নাম
রবীন্দ্রসংগীত	ড: পূর্বালী দেবনাথ মুখার্জী, কলকাতা
নৃত্য	শ্রী সঞ্জীব সমাদ্দার, কলকাতা
শ্রীখোল	ড: হরেকৃষ্ণ হালদার, কলকাতা
কীর্তন	শ্রী বিজয় শংকর ব্যানার্জী, কলকাতা

কর্মশালাটি সকলের জন্য উন্মুক্ত, রাজ্যের যে কোন অংশের সঙ্গীত বিদ্যার্থীগণ বয়স নির্বিশেষে উপরোক্ত বিষয়গুলো প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবেন।
রেজিস্ট্রেশন চলবে ৩ মার্চ থেকে ৫ মার্চ ২০২৫ পর্যন্ত।
কর্মশালায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফর্ম অফলাইনে কলেজ থেকে সংগ্রহ করা যাবে। অথবা, অনলাইনে https://forms.gl/ExB5JfSPAKpe3hr56 এই লিঙ্কে গিয়ে পূরণ করা যাবে।
বিস্তারিত বিবরণের জন্য মহাবিদ্যালয়ের এসে যোগাযোগ করার জন্য বলা হচ্ছে।
ICA/D-1929/25

ধন্যবাদান্তে
ভারপ্রাপ্ত অধ্যক্ষা
শচীন দেববর্মণ স্মৃতি সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়
লিচুবাগান আগরতলা, পশ্চিম ত্রিপুরা

// NOTICE INVITING TENDER //

On behalf of the Governor of Tripura, sealed tenders are invited from the reputed registered firms/agencies, suppliers, workshop, authorized service centers and Govt. contractor for supply of various types of spare parts, hoods, job works, new tyres, new batteries, MT Tools and retreading of tyres for deferent types of vehicles of 9th Battalion TSR (IR-IV) during the financial year 2025- 26.
2.
The tender form, list of items, terms and condition for supply of above-mentioned items may be collected free of cost from the office of the Commandant, 9th Battalion TSR (IR-IV), Hichacherra, Jolaibari, South Tripura on any working day during the office hours up to 12-03-2025 from the date of publication in newspaper. The detail information regarding this tender will be available at website www.tripura.gov.in
3. The tender should be submitted to the office of the undersigned by 28-03-2025 up to 1400 hrs and will be opened on 29-03-2025 at 1130 hrs.
ICA/C-4118/25

(Alok Bhattachar
Commandant
9th Battalion TSR (IR-IV)

Notice Inviting Tender

Sealed Notice Inviting Tender (NIT) are invited by the undersigned from Shops/Enterprises/Agencies/Co-operative Societies/Registered Firm of Tripura for Supply of Desktop Computer (All in One Desktop),Multifunction Printer Machine,Scanner under District Health & Family Welfare,O/o the CMO,Ambassa Dhalai District, Tripura for the financial year 2024-2025 as and when required by the Authority. Details terms & conditions and list of the items are available in the office of the undersigned (receive & despatch section) on all working days up to 15.00 hrs on 17/03/25.
The sealed quotations may be dropped in the Tender Box at the office of the undersigned up to 15.00 hrs on 17/03/25 by hand /Registered Post only and may be opened on 18/03/2025 at 01:00 P.M, if possible, in the office of the undersigned. The undersigned will not be responsible for any postal delay.
The Tender will remain valid for financial year 2024-25 from the date of Selection.The Validity may be Extended subject to the terms & Conditions of NIT under District Health & Family Welfare,O/o the CMO,Ambassa Dhalai District on Satisfactory Service.
ICA/C-4109/25

Chief Medical Officer Dhalai Tripura, Ambassa)
Chalai, Ambassa, Tripura.

PRESS NOTICE INVITING e-TENDER NO- e-PT-35/EE/RDUD/G/2024-25 DATED- 25/02/2025

On behalf of the 'Governor of Tripura' The Executive Engineer, R.D Udaipur Division, Udaipur, Gomati District invites percentage rate e-tender from the eligible Bidders up to 15.00 Hrs on 07/03/2025 for the following work-
1. CONSTRUCTION OF EXTENSION OF BUILDING OF NAKULIBARI J.B SCHOOL
UNDER SOUTH BARAMURA VC OF KILLA R.D BLOCK.
2. Construction of Addl. Class Room at Kukiachara Jaladhar Samukchara ADC Village under Kakraban R.D. Block
Para J.B. School under
For details visit website https://tripuratenders.gov.in and contact
ICA/C/4106/25

Executive Engineer
R.D Udaipur Division Gomati District,Tripura.

TRIPURA PUBLIC SERVICE COMMISSION
AGARTALA

Advt. No. 11/2025

Online applications are invited from bonafide citizens of India for selection of candidates for direct recruitment to the post of Sub-Inspector of Excise for Excise Organization, Group-C (Non-Gazetted) under Finance Department, Government of Tripura.
For detailed Advertisement please visit -https://tpsc.tripura.gov.in
The Commission will not be responsible for printing mistake, if there be any.

(S. Mog, IAS)
Secretary,
Tripura Public Service Commission.

The Executive Engineer, Engineering Cell, Samagra Shiksha, Old Shishu Bihar Complex, Agartala, West Tripura invites on behalf of the 'Governor of Tripura' online percentage/ item rate e- tender from the eligible Central & State Public Sector undertaking/enterprise and eligible Contractors/Bidders/Firms/Agencies of appropriate class registered with PWD/ TTAADC/ MES/ CPWD/Railway/Other State PWD for the following work:-

SL NO	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION	CLASS OF BIDDER
1	Construction of 2(Two) units Additional Classroom at Dhuchikhola SB School, Kakraban Block, Gomati District for the year 2024-25 under Samagra Shiksha at Elementary Level. DRAFT NIT NO: 129/SE/ENGG.CELL/DSE/2024-25 PRESS NIT NO: 153/EE/ENGG.CELL/Samagra/2024-25	Rs. 39,22,000.00	Rs. 78,440.00	6 (Six) months	Up to 3PM 14/03/2025	At 17/03/2025 Hrs on 11 AM.	https://tripuratenders.gov.in	Appropriate Class
2	Construction of 4(Four) units Additional Classroom at Salghara English Med. School, Tepania Block,Gomati District for the year 2024-25 under Samagra Shiksha at Higher Secondary Level. DRAFT NIT NO: 130/SE/ENGG.CELL/DSE/2024-25 PRESS NIT NO: 154/EE/ENGG.CELL/Samagra/2024-25	Rs. 91,87,300.00	Rs. 1,83,746.00	10 (Ten) months	Up to 3PM 14/03/2025	At 17/03/2025 Hrs on 11 AM.	https://tripuratenders.gov.in	Appropriate Class
3	Major Repair of 4(Four) nos. School under Matabari, Kakraban, Killa and Tepania Block, Gomati District for the year 2024-25 under Samagra Shiksha at Elementary Level/2nd Call. DRAFT NIT NO: 45/EE/ENGG.CELL/Samagra/2024-25 PRESS NIT NO: 155/EE/ENGG.CELL/Samagra/2024-25	Rs. 12,00,000.00	Rs. 24,000.00	3 (Three) months	Up to 3PM 07/03/2025	At 10/03/2025 Hrs on 11 AM.	https://tripuratenders.gov.in	Appropriate Class

All details can be seen in Press Notice & Bid Documents for the works on websitehttps://tripuratenders.gov.in at free of cost. No negotiation will be conducted with the lowest bidder.
ICA/C-4114/25

(Er. B. Das)
Executive Engineer
Samagra Shiksha, Tripura.

PRESS NOTICE INVITING e-TENDER NO: 21/EE/KD/2024-25 Date: 24-02-2025

SL. NO	NAME OF THE WORK/ INIT NO	ESTIMATED COST	EARNEST MONEY	TIME FOR COMPLETION	COST OF BID FEE	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOAD AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	DOCUMENT DOWNLOADING AND BIDING
1	34/SE(I)/KGT/2024-25	₹ 1,03,83,734.00	₹ 2,07,675.00	240 (Two hundred Forty) days	₹ 4,000.00	Up to 3.00 P.M. on 10-03-2025	At 4.00 P.M. on 10-03-2025	https://tripuratenders.gov.in

Details can be seen in the office of the Executive Engineer, Kumarghat Division, PWD(R&B), Kumarghat, Unakoti Tripura or through website https://tripuratenders.gov.in

ICA/C-4125/25

Executive Engineer
PWD(R&B), Kumarghat Division
Kumarghat, Unakoti Tripura

The Executive Engineer, Samagra Shiksha, Old Shishu Bihar Complex, Agartala, Tripura invites on behalf of the 'Governor of Tripura' percentage rate e-tender from the eligible Contractors/Firms/Agencies of appropriate class registered with PWD/TTAADC/MES/CPWD/ Railway/OtherState PWD up to 3.00P.M.on 07/03/2025 for the followingwork:

SL NO	NAME OF THE WORK	ESTIMATED COST	EARNEST MONEY & BID FEE	TIME FOR COMPLETION	LAST DATE AND TIME FOR DOCUMENT DOWNLOADING AND BIDDING	TIME AND DATE OF OPENING OF BID	DOCUMENT DOWNLOADING AND BIDING AT APPLICATION	CLASS OF BIDDER
1	Construction of 3 (Three) units Laboratory Room for Physics, Chemistry, Boilogy at Kalachari Class-XII School, Durga Chowmuhani block of Dhalai District under Samagra Shiksha for the year 2024-25. DRAFT NIT NO: 121/SE/ENGG.CELL/DSE/2024-25 PRESS NIT NO: 132/EE/ENGG.CELL/Samagra/2024-25	Rs. 67,07,976.00	Rs. 1,34,160.00	8(Eight) months	Up to 3PM 07/03/2025	At 07/03/2025 Hrs on 4 pm.	https://tripuratenders.gov.in	Appropriate Class
2	Construction of 1 unit Library Room at Satyaram Chowdhury Para Class-XII School under Ambassa block of Dhalai District under Samagra Shiksha for the year 2024-25. DRAFT NIT NO: 122/SE/ENGG.CELL/DSE/2024-25 PRESS NIT NO: 133/EE/ENGG.CELL/Samagra/2024-25	Rs. 29,79,874.00	Rs. 59,597.00	6(Six) months	Up to 3PM 07/03/2025	At 07/03/2025 Hrs on 4 pm.		

All details can be seen in Press Notice & Bid Documents for the works websitehttps://tripuratenders.gov.in at free of cost. No negotiation will be conducted with the lowest bidder.
ICA/C-4113/25

(Er. B. Das)
Executive Engineer,
Samagra Shiksha, Tripura

হরেকরকম

হরেকরকম

হরেকরকম

বিদেশি ফল স্টার আপেল

স্টার আপেল গ্রীষ্মমন্ডলীয় ফল। এটি মূলত সফেদা গোত্রের একটি সুস্বাদু ফল। দুর্লভ গাছসমূহের মধ্যে একটি হল স্টার আপেল। এর কয়েকটি গাছ রয়েছে কৃষি অনুষদের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের সামনে। গাছগুলো বেশ বড়। সবুজ আপেলের মতো ফল ধরে। ফলগুলো পাকলে হাল্কা বেগুনী রং ধারণ করে। ফলের ভেতরে মাঝে সাদা এবং চারপাশে উজ্জ্বল বেগুনী রং বিদ্যমান। ফলের ভেতরে চারটি বিচি থাকে, দেখতে গাবের বিচির মতো, তবে আকারে অনেক ছোট। ফলটি মিষ্টি স্বাদযুক্ত এবং খেতে বেশ সুস্বাদু। ফলের স্বাদ সুনির্দিষ্ট করে বলা কঠিন। কখনো গাব কিংবা সফেদার স্বাদের মতো মনে হয়। স্পেনে এটাকে কাইমিটা বা এস্টেরেলা, ওয়েস্ট ইন্ডিজে পোম সুরেট, বারবাডোজে স্টার পাম, কলম্বিয়াতে কাইমো, আর্জেন্টিনাতে আগুয়ে বা অলিভোয়া, চিন বা সিঙ্গাপুরে এটাকে চিকল ডুরিয়ান বলা হয়। তবে এর ভেতরের বীজগুলো ও পাল্প স্টারের মতো থাকায় সাধারণভাবে এটাকে স্টার আপেল বলা হয়ে থাকে। সাধারণভাবে স্টার আপেল সেন্ট্রাল আমেরিকার ফল বলা হলেও এ নিয়ে মতভেদ আছে। কারও মতে এর উৎপত্তি মেক্সিকো ও পানামা অথবা ওয়েস্ট ইন্ডিজ। গুয়াতেমালা, উত্তর আর্জেন্টিনা, পেরু, ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জ, বারমুদা, হাইতি, যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা ও হাওয়াই প্রভৃতি অঞ্চলে বর্তমানে স্টার আপেল চাষ হয়।

স্টার আপেল গাছ বৃহৎ আকারের শোভাময়ী বৃক্ষ। উচ্চতা সাধারণত ৮-৩০ মিটার, বাদামি রোমশ এবং শাখা কাটলে সাদা কষ বের হয়। পাতা দোরঙা। অর্থাৎ ওপরের পিঠ গাঢ় সবুজ ও নিচের পিঠ মেরুন বাদামি। পাতা কিছুটা ডিম্বকার, বর্শার ফলার মতো। এই গাঢ় সবুজ চর্মবৎ পাতার নিচের দিক খয়েরি রংয়ের সূক্ষ্ম রোমযুক্ত। পাতা ৫-১০ সেমি, লম্বা ও ৪-১০ সেমি. চওড়া হয়ে থাকে। পত্র কক্ষে ছোট গুচ্ছে সবুজাভ হলুদ বর্ণের ফুল উৎপন্ন হয় যাতে পাঁচটি দল থাকে। ফল গোলাকার কখনো সামান্য লম্বাটে, ৫-১০ সেমি. লম্বা এবং ৫-১০ সেমি. ব্যাসযুক্ত সবুজ থেকে বেগুনী বর্ণের হয়ে থাকে। ফলের ভেতরে নরম জিলেটিনযুক্ত সাদা মিষ্টি স্বাদযুক্ত পরস্পর সংযুক্ত ৬-১১টি কোষ থাকে - যা কেন্দ্রীয় অক্ষের চতুর্দিকে ঘনসন্নিবিষ্ট থাকে। আড়াআড়ি কাটলে এটা স্টার বা তারার মতো দেখায়।

বেশিরভাগ ক্ষেত্রে স্টার আপেল বীজ থেকে উৎপন্ন চারা ব্যবহার করা হয়। এর বীজে বেশ কয়েক মাস অঙ্কুরোদগম ক্ষমতা থাকে এবং রোপণের পর দ্রুত (৭-১০ দিন) চারা গজায়। গুটি কলমে ৪-৭ মাসে শিকড় আসে। একই জাতের গাছের বীজ থেকে উৎপাদিত চারার ওপর বাডিং বা গ্রাফটিংয়ের মাধ্যমে ও বংশবিস্তার করা যায়। বাডিং বা গ্রাফটিংয়ের চারা লাগানোর ১-২ বছর পরই গাছে ফল ধরতে শুরু করে অপরদিকে চারা থেকে রোপিত গাছ ৫ থেকে ১০ বছর পর ফল ধরে। স্টার আপেলের বীজ ও খোসা বাদে ভেতরের মাংসল অংশ খাওয়া যায়। পাকা ফলের মাঝ বরাবর ছুরি দিয়ে কেটে চামচ দিয়ে ভেতরের অংশ তুলে খেতে এটা খুবই সুস্বাদু। এর নরম শাঁস থেকে বীজ আলাদা করে ডেজার্ট হিসেবে ও সালাদের সঙ্গে খাওয়া যায়। জ্যামাইকাতে এটাকে বিবাহ উৎসবে খাওয়া হয়। অনেক সময় স্ট্রবেরি ও ক্রিম সহযোগেও স্টার আপেল খাওয়া হয়।

বেঁচে যাওয়া ভাত দিয়ে বানিয়ে ফেলুন চিজ রাইস কাটলেট

দুপুরের খাবার শেষে বেশ অনেকটা ভাত বেঁচে গেছে। বেঁচে যাওয়া ভাত রাতে খাবেন না আর, ফলে ভাবছেন কী করবেন এগুলো দিয়ে। এর সঙ্গে আরও কিছু উপাদান মিশিয়ে বানিয়ে ফেলতে পারেন বিকেলের নাস্তা রাইস কাটলেট। কীভাবে বানাবেন জেনে নিন।

যা যা লাগবে

১ কাপ সেদ্ধ ভাত
২ টেবিল চামচ সুজি
১/৪ চা চামচ হলুদ
স্বাদ মতো লবণ
২ টেবিল চামচ ভার্জিন অলিভ অয়েল
১টি বড় পেঁয়াজ
১ চা চামচ রসুন বাটা
১/২ চা চামচ মরিচের গুঁড়া
১/২ চা চামচ ধনিয়া গুঁড়া
প্রয়োজন মতো পনিরের টুকরো

যেভাবে তৈরি করবেন

প্যানে ১ টেবিল চামচ তেল গরম করে পেঁয়াজ কুচি ভেজে নিন এক মিনিট। রসুন বাটা দিয়ে নাড়তে থাকুন। পেঁয়াজের রঙ স্বচ্ছ হয়ে গেলে মরিচের গুঁড়া, হলুদ গুঁড়া, ধনিয়া গুঁড়া এবং স্বাদ অনুযায়ী লবণ দিন। কয়েক মিনিট নাড়ুন। এরপর কাটলেটের মিশ্রণ তৈরি করুন। এজন্য এখন একটি পাত্রে রান্না করা ভাত ভালো করে চটকে নিন। এর সঙ্গে ২ টেবিল চামচ ভাজা সুজি যোগ করুন। ঘন মিশ্রণ তৈরি করতে খুব ভালো করে মিশিয়ে নিন। মিশ্রণ থেকে ছোট ছোট অংশ নিয়ে কাবাবের আকৃতি দিন। এর মধ্যে পনিরের একটি ছোট টুকরো দিয়ে দিন। অল্প তেলে ভেজে নিন কাটলেট। এজন্য প্যানে ১ টেবিল চামচ তেল গরম করুন। দুই দিক থেকে অল্প অল্প করে সোনালি-বাদামী রঙ না হওয়া পর্যন্ত ভাজুন। টমেটো কেচাপ ও পুদিনা চাটনির সাথে পরিবেসন করুন গরম গরম কাটলেট।

ঢেঁড়স ভেজানো জলে লেবু মিশিয়ে খেলে উপকার পাবেন

সকালে ঢেঁড়স ভেজানো জল খেলে মিলবে বেশ কিছু উপকার। সেই জলে যদি মিশিয়ে নেন লেবুর সতেজতা, তবে পানীয়ের গুণ বাড়বে আরও বহুগুণে। শক্তিশালী পানীয়টি ভিটামিন সি এবং অ্যান্টিঅক্সিডেন্টে ভরপুর। ডিটক্স এই পানীয় খেলে কোন কোন উপকার পাবেন জেনে নিন।

১.হজমশক্তি উন্নত করে করবে এবং কোষ্ঠকাঠিন্য দূর করবে এই পানীয়। ঢেঁড়স দ্রবণীয় ফাইবার সমৃদ্ধ যা প্রাকৃতিক রেচক হিসেবে কাজ কর। প্রদাহ প্রতিরোধ করে এবং অন্ত্রের স্বাস্থ্য উন্নত করে ঢেঁড়স-লেবুর পানীয়। এছাড়া লেবুতে থাকা সাইট্রিক অ্যাসিড পাচক এনজাইমগুলোকে উদ্দীপিত করে এবং হজম সহজ করে।

২.অতিরিক্ত ওজন কমানোর প্রাকৃতিক উপায় হতে পারে এই পানীয়। ঢেঁড়সে ক্যালোরি কম কিন্তু ফাইবার বেশি, যা আমাদের দীর্ঘক্ষণ পেট ভরা রাখে এবং অপ্রয়োজনীয় খাবার খাওয়া থেকে বিরত রাখে। ঢেঁড়সের পেকটিন চিনির শোষণকে ধীর করে দেয়, রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে সাহায্য করে যা ওজন নিয়ন্ত্রণে সাহায্য করে। লেবুর বিপাক-বৃদ্ধিকারী বৈশিষ্ট্য চর্বি দূর করার প্রক্রিয়া আরও ত্বরান্বিত করে।

৩.রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণ করে ঢেঁড়স-লেবুর পানীয়। ডায়াবেটিস নিয়ন্ত্রণকারী বা রক্তে শর্করার স্পাইকের ঝুঁকিতে থাকা ব্যক্তিদের জন্য এই পানীয় তাই খুব উপকারী। ঢেঁড়সে এমন যৌগ রয়েছে যা অন্ত্রে চিনির শোষণ কমাতে সাহায্য করে, গ্লুকোজের মাত্রা নিয়ন্ত্রণে রাখে। ঢেঁড়স এবং লেবুর সংমিশ্রণ ইনসুলিন সংবেদনশীলতা উন্নত করতেও সাহায্য করে।

৪.ঢেঁড়স ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম এবং ভিটামিন কে এর মতো প্রয়োজনীয় পুষ্টিতে সমৃদ্ধ, এগুলোর সবই হাড়ের স্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ। বোন রিপোর্টে প্রকাশিত গবেষণা অনুসারে, ভিটামিন কে হাড়ের খনিজকরণ এবং শক্তির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ঢেঁড়স ভেজানো জল খেলে হাড়-সম্পর্কিত রোগের ঝুঁকি কমে।

৫.শরীর থেকে বিষাক্ত পদার্থ বের করে দিতে পারে এই পানীয়। ফলে ভালো থাকে কিডনি। ঢেঁড়সে অ্যান্টিঅক্সিডেন্ট এবং প্রদাহ-বিরোধী গুণ রয়েছে যা কিডনির আঘাত প্রতিরোধে সহায়তা করে। অন্যদিকে লেবু একটি প্রাকৃতিক মূত্রবর্ধক হিসেবে কাজ করে, ক্ষতিকারক দূষণকারী পদার্থ অপসারণ করে এবং কিডনিতে পাথর প্রতিরোধ করে। প্রতিদিন সকালে এই পানীয় খেলে শরীর হাইড্রেটেড এবং ডিটক্সিফাই থাকে। ৬.ঢেঁড়সে শক্তিশালী অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে যার মধ্যে ভিটামিন সি এবং ফ্ল্যাভোনয়েড উল্লেখযোগ্য। অকাল বার্ধক্য সৃষ্টিকারী ফ্রি র‍্যাডিক্যালগুলোর বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে এগুলো। লেবুতে থাকা ভিটামিন সি কোলাজেন উৎপাদন বৃদ্ধি করে এবং ত্বকের বলিরেখা কমায়। প্রতিদিন এই মিশ্রণটি খেলে ত্বক হাইড্রেটেড, পরিষ্কার এবং উজ্জ্বল থাকে। ৭.রোগ প্রতিরোধ ক্ষমতা শক্তিশালী করে ঢেঁড়স-লেবুর পানীয়। ঢেঁড়সের ভিটামিন সি এবং অ্যান্টিঅক্সিডেন্ট সংক্রমণের বিরুদ্ধে লড়াই করতে সাহায্য করে, অন্যদিকে লেবুর অ্যান্টিব্যাকটেরিয়াল বৈশিষ্ট্য ক্ষতিকারক ব্যাকটেরিয়াকে দূরে রাখে। যেভাবে তৈরি করবেন পানীয় ৪-৫টি ঢেঁড়স ভালো করে ধুয়ে ছোট টুকরা করে কেটে নিন। এক গ্লাস জলে সারারাত ভিজিয়ে রেখে পরদিন সকালে লেবুর রস মিশিয়ে খান এই পানীয়। তবে প্রথমে বেশি না খেয়ে অল্প করে খেয়ে দেখুন। ধীরে ধীরে পরিমাণ বাড়ান।

ত্বকের যত্নে ঘি ব্যবহার করবেন যেভাবে

হালুয়া বা গরম ভাতের স্বাদ বাড়ায় ঘি। স্বাদে ও সুগন্ধে অতুলনীয় ঘি কিন্তু ত্বকের যত্নেও অনন্য। এটি ত্বক ময়েশ্চারাইজ রাখতে সাহায্য করে। এছাড়া বলিরেখা ও ডার্ক সার্কেল দূর করতেও ঘিয়ের জুড়ি নেই। নিয়মিত ত্বকের যত্নে ঘি ব্যবহার করলে ত্বক থাকে উজ্জ্বল।

জেনে নিন কীভাবে ঘি ব্যবহার করবেন ত্বকে। ১ চামচ ঘিয়ের সঙ্গে কফি, বেসন, হলুদ আর চিনি মিশিয়ে ফেসপ্যাক বানিয়ে নিন। মিশ্রণটি কিছুক্ষণ ত্বকে রেখে কুসুম গরম জল দিয়ে ধুয়ে ফেলুন ত্বক। ঘুম থেকে উঠে অল্প একটু ঘি মেখে নিন ত্বকে। কিছুক্ষণ রেখে একটা ভেজা কাপড়ে মুখ মুছে নিন। দেখবেন সারা দিন ত্বক উজ্জ্বল থাকবে। ফাটা ঠোঁট থেকে মুক্তি পেতে রাতে ঘুমানোর আগে ঘি লাগান। পরের দিন সকালে ধুয়ে ফেলুন।

ঘিয়ের সঙ্গে একটু জাফরান মিশিয়ে নিন। তারপর পনেরো মিনিট মাসাজ করুন ত্বকে। ২ টেবিল চামচ বেসন এবং ২ টেবিল চামচ হলুদের সাথে ঘি মিশিয়ে ফেস মাস্ক তৈরি করুন। ১৫ থেকে ২০ মিনিটের জন্য ত্বকে লাগিয়ে রেখে কুসুম গরম পানি দিয়ে ধুয়ে ফেলুন। ঘিয়ের সঙ্গে কমলার খোসা মিশিয়ে অল্প ফুটিয়ে নিন। ঠান্ডা করে সেটা ত্বকে মেখে নিন। কিছুক্ষণ রেখে কুসুম গরম জল দিয়ে ধুয়ে ফেলুন। দুই থেকে তিন ফোঁটা ঘি আঙুলে নিয়ে আলতো করে চোখের নিচের ত্বকে ম্যাসাজ করুন। সারা রাত রেখে দিন। পরদিন সকালে ঠান্ডা জল দিয়ে ধুয়ে ফেলুন। ডার্ক সার্কেল দূর হবে।

ইনডোর প্ল্যান্ট বাঁচছে না কেন?

বাতাস থেকে ক্ষতিকর পদার্থ দূর করে ঘরের বাতাস বিশুদ্ধ রাখে গাছ। তবে অনেকেই অভিযোগ করেন জে ঘরে থাকা গাছ খুব সহজেই বিবর্ণ হয়ে পড়ে এবং বাঁচে না। কেন এমন হয়? জেনে নিন কিছু টিপস।

ঘরের কাছে খুব বেশি পানি লাগে না সাধারণত। নজর রাখবেন পাত্রে যেন পানি জমে না থাকে। অতিরিক্ত পানির কারণে গাছ মরে যেতে পারে। মাটিতে ভেজা ভাব থাকলে পানি দেওয়ার দরকার নেই।

ইনডোর প্ল্যান্ট হলেও অল্প আলোতে গাছ রাখতে পারলে ভালো হয়। ঘরে থাকা গাছ যেমন অতিরিক্ত রোদে বাঁচে না, তেমনি একেবারে আলো বাতাস না পেলেও এগুলো দ্রুত বিবর্ণ হয়ে পড়ে। যে ঘরে এসি চলে বা ঘরের তাপমাত্রা ঘন ঘন পরিবর্তন হয়, সেখানে গাছ না রাখাই ভালো। পানিতে বড় হওয়া গাছ দীর্ঘদিন একই পানিতে রাখবেন না। পানি নির্দিষ্ট সময় পর পর বদলে দিন।সাকুলেন্ট, ক্যাকটাস, অ্যালোভেরা ধরনের গাছের পাতা পানি সংগ্রহ করে রাখে। ফলে এ ধরনের গাছের মাটি শুকিয়ে গেলেও বেশি পানি দিতে যাবেন না। কম পানি দিলে এসব গাছ মরে না, বেশি পানি দিলে মারা যায়। গাছের পাতায় ময়লা জন্মেও বিবর্ণ হয়ে পড়ে গাছ। তাই নির্দিষ্ট সময় পর পর পরিষ্কার করে দেবেন।

সজিনা এখন অপ্রধান সবজিগুলোর মধ্যে অন্যতম

সজিনা অপ্রধান সবজিগুলোর মধ্যে অন্যতম। সজিনা অত্যন্ত উপকারী ও পুষ্টিকর সবজি। সমগ্র গীষ্মমন্ডলীয় অঞ্চলে দ্রুত বর্ধনশীল সজিনা গাছ মানুষের খাদ্য, পশুর খাদ্য, ঔষুধ, রঙ ও পানিশোধক হিসেবে ব্যবহার করা হয়। এটা খুব সহজেই বসতবাড়ির আঙ্গিনায় এবং রাস্তার পাশ জন্মানো যায়। বাংলাদেশের আবহাওয়া সজিনা চাষের জন্য খুবই উপযোগী। এদেশে প্রধানত তিন ধরনের সজিনা পাওয়া যায়। শ্বেত সজিনা, রক্ত সজিনা ও নীল সজিনা নামে পরিচিত। তবে এদেশের মানুষের কাছ-কে সজিনা ও কে লাজনা বলে পরিচিত। সজিনার আদি নিবাস ভারতের পশ্চিমাঞ্চল ও পাকিস্তান। বাংলাদেশের উত্তরাঞ্চলে এটি হেজ হিসেবে এবং বসতবাড়িতে সবজি হিসাবে ব্যবহারর জন্য রোপণ করা হয়। সজিনা মাঝারি আকৃতির পত্রঝরা বৃক্ষ, ৭-১০ মিটার উঁচু হয়। এর বাকল ও কাঠ নরম। যৌগিত পত্রের পত্রাক্ষ ৪০-৪৫ সেমি. লম্বা হয়, এতে ৬-৯ জোড়া ১-২ সেমি. লম্বা বিপরীতমুখি ডিম্বাকৃতি পত্রক থাকে। ফেব্রুয়ারি-মার্চ মাস সজিনা গাছে ফুল আসে। মুকুলের ডাঁটাগুলো বিস্তৃত, গুচ্ছবৃদ্ধ ও ৫-৮ সেমি. লম্বা। মিষ্টি গন্ধে সবুজ আভাযুক্ত সাদা ফুল ২ ৩ সেমি. ব্যাসের হয়। লম্বা সবুজ বা ধূসর বর্ণের সজিনা ফল গাছে ঝুলন্ত অবস্থায় থাকে। এক একটি ফল ৯টি শিরাযুক্ত ২২-৫০ সেমি. বা কখনো কখনো এর বেশি লম্বা হয়। সজিনা ও লাজনা এই দুই প্রকারই এদেশে চাষ করা হয়। তবে কৃষ্ণ সজিনা বনৌষধি হিসেবে খুব বেশি উপকারী কিন্তু এটি খুব বিরল। সজিনা অপুষ্টি ও দারিদ্র্য বিমোচনে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। গবেষণায় দেখা যায় যে, সজিনা ও লাজনা এদেশের লবণাক্ত এলাকা ছাড়া পাহাড়ি এলাকাসহ সারা বাংলাদেশেই অতি সহজেই জন্মানো সম্ভব। পুষ্টিমূল্য ও ব্যবহার। সজিনা গাছের বিভিন্ন অংশ ঔষুধ, সুগন্ধি, তেল লুব্রিক্যান্ট হিসেবে এবং কসমেটিকস শিল্পে এর ব্যবহার সর্বজনস্বীকৃত। তবে সজিনার কাঠ জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়। পাতা, ফুল ও ফল তরকারী ও পশুখাদ্য হিসেবে ব্যবহার করা হয়। গাছের ছাল থেকে দড়ি তৈরি করা যায়। ঔযুধি বৃক্ষ হিসেবে সজিনা যথেষ্ট মূল্যবান। সজিনার পাতা ও ফলে প্রচুর পরিমাণে বিটা-ক্যারোটিন, প্রোটিন, বিটামিন-সি ও আয়রন থাকে। এছাড়াও সজিনা গাছর বিভিন্ন অংশ থেকে এন্টিসেপটিক বাতজ্বরের চিকিৎসা ও সাপের কামড়ের প্রতিষেধক হিসেবে ব্যবহৃত হয়। এর বীজচূর্ণ ব্যাকটেরিয়াজনিত চর্মরোগের চিকিৎসায় ব্যবহৃত হয়। সজিনার মূলের বাকল বায়ুনাশক, হজম বৃদ্ধিকারক, স্নায়ুবিক দুর্বলতা ডাঁটার ব্যথা, হিষ্টিরিয়া, হৃৎপিন্ড ও রক্তচলাচলের শক্তি বর্ধক হিসেবে কাজ করে। সজিনা ডাঁটার নির্যাস যকৃত ও প্লীহার অসুখে, ধনুষ্টংকার ও প্যারালাইসিস, কৃমিনাসক, জ্বরনাশক হিসেবে কাজ করে। সজিনা ডাটা ও ফুল ভাজা বা তরকারী করে খেলে জল ও গুটি এ দু'ধরনের বসন্তে আক্রান্ত হবার আশংকা থাকে না। সজিনা ডাটাতে সোডিয়াম ক্লোরাইড নেই বললেই চলে। কাজেই এতে ব্লাডপ্রেসার নিয়ন্ত্রিত থাকে। সজিনা ডাটায় ডায়েটরী ফাইবার থাকার করাণে নিয়মিত সজিনা ডাটা খেয়ে ব্লাডসুগার অনেকটাই নিয়ন্ত্রণে রাখা যায়। সজিনা ডাটা রক্ত শূন্যতায়ও কাজ করে।

রান্নাঘরের কাজ সহজ করতে দশটি টিপস

রান্নাঘরের কাজ সামলানো বেশ ঝক্কির কাজই বটে। রান্নায় আপনি যতই পটু হন না কেন, দিনের একটা বড় সময় কেটে যায় রান্নাঘরেই। কারণ কাজ গুছিয়ে করা, ছোটখাট নানা বিড়ম্বনা সামাল দেওয়া ও কাজ শেষে আবার রান্নাঘর গুছিয়ে বের হওয়া সময়সাপেক্ষ। দরকারি কিছু টিপস জেনে নিন। এতে রান্নার কাজে সময় বাঁচবে অনেকটাই। ১.প্রেসার কুকারে ডাল রান্না করতে গেলেই ঢাকনায় ডালের পানি লেগে মাখামাখি হয়। চারপাশ সবকিছু নোংরা হয়ে যায়। যা পরিষ্কার করতেও খুব কষ্ট হয়। একটি কৌশল খুব কার্যকর হতে পারে এক্ষেত্রে। প্রেসার কুকারে ডাল ফুটোনোর সময় একটি ছোট স্টিলের বাটি রাখুন। এতে করে মসুর ডাল ফুটবে না এবং কুকারের সিটি থেকে কেবল হাওয়া বের হবে। ডালের জল বের হবে না। এছাড়া ডাল, জল, লবণ, হলুদ ও তেল দিয়ে প্রেসার কুকার চুলায় বসানোর আগে ভেন্ট ওয়েটের নিচের অংশে কয়েক ফোঁটা তেল দিয়ে দিন। এরপর মাঝারি আঁচে চুলায় বসান। এতেও উপচে পড়বে না প্রেসার কুকার। ২. খেজুরের গুড় দিয়ে পায়েস করতে গিয়ে অনেক সময় দুধ ফেটে যায়। দুধ ঘন হয়ে গেলে নামিয়ে একটু ঠান্ডা করে তারপর গুড় মেশাবেন। ভালো করে নেড়ে আবার কিছুটা ফুটিয়ে নেবেন, দুধ ফাটবে না। ৩. কড়াইতে গরম তেলে কিছু ভাজার সময় যা দেবেন তার সঙ্গে সামান্য লবণ দিল। তাহলে আর তেল ছিটবে না। ৪.রসুনের খোসা সহজে ছাড়ানোর জন্য কোয়াগুলো কিছুক্ষণ গরম জলে ডুবিয়ে রাখুন। কিছুক্ষণ পর রসুনের খোসা ছাড়ালে খুব সহজে তা পরিষ্কার হয়ে যাবে। ৫.নারকেল ভাঙার আগে কিছুক্ষণ জলে ভিজিয়ে রাখলে নারকেলটি সমান দুই ভাগে ভেঙে যাবে। ৬.খুব সহজে প্রেসার কুকারে ভাত রান্না করে ফেলতে পারেন। এজন্য ২ কাপ চাল ধুয়ে দিয়ে দিন। ২ কাপ চালের জন্য ৪ কাপ জল দেবেন। ঢাকনা লাগিয়ে উচ্চ তাপে চুলায় বসিয়ে দিন। দুটি সিটি উঠলে নামিয়ে সঙ্গে সঙ্গে ঢাকনা খুলে ফেলুন। নাহলে ভাত নরম হয়ে যাবে। ৭.দুধ জ্বাল দেওয়ার সময় একটু বেখেয়াল হলেই হাঁড়ি উপচে পড়ে যায়। হাঁড়ির চারপাশে সামান্য তেল মেখে নিলে এই সমস্যা থেকে মুক্তি পাবেন। তবে অবশ্যই উচ্চতাপে দেওয়া যাবে না দুধ। মাঝারি আঁচে রাখতে হবে। ৮.রান্না তাড়াতাড়ি করার জন্য মসলার সাথে কয়েক ফোঁটা লেবুর রস মিশিয়ে দিন, দেখবেন সবজি তাড়াতাড়ি সেদ্ধ হয়ে যাচ্ছে। ৯. অপরিপক্ক লেবু থেকে রস পাওয়ার জন্য ১৫ মিনিট গরম পানিতে ভিজিয়ে রাখুন। ১০.সেদ্ধ ডিমের খোসা তাড়তাড়িএবং ভাল ভাবে ছাড়তেচাইলে ফ্রিজের ঠান্ডা জল ভিজিয়ে রাখুন।

জাগ্রত দ্বারে 'উদ্বোধন'

অদিতি চট্টোপাধ্যায়

ঠাকুর রামকৃষ্ণদেব বলেছিলেন, "মনটি দুধের মতো, সেই মনকে যদি সংসার জলে রাখ, তা হলে দুধে জলে মিশে যাবে। তাই দুধকে দই পেতে মাখন তুলতে হয়। যখন নির্জনে সাধন করে মনরূপ দুধ থেকে জ্ঞান ভক্তিরূপ মাখন তোলা হল তখন সেই মাখন অনায়াসে সংসার জলে রাখা যায়। সে মাখন কখনও সংসার জলের সঙ্গে মিশে যাবে না-সংসার জলের উপর নির্লিপ্ত হয়ে ভাসবে।"

'উদ্বোধন' পত্রিকাটি স্বামী বিবেকানন্দের চিন্তাপ্রসূত দীর্ঘ ১২৬ বছর ধরে প্রকাশ হয়ে আসছে। রামকৃষ্ণ মঠ কলকাতার বাগবাজার থেকে বইটি প্রকাশিত হয়। "ঈশ্বরকোটি ও জীবকোটি প্রসঙ্গ" অধ্যায়ে স্বামী তত্ত্বসারানন্দ শ্রীশ্রী রামকৃষ্ণ কথামৃত-এর একটি তথ্য আলোচনা স্বরূপ তুলে ধরেছেন। যেখানে বলা হচ্ছে ১৮৮৫ সালের ১২ এপ্রিল কলকাতার বলরাম মন্দিরে ঠাকুর রামকৃষ্ণের উপস্থিতিতেই ভক্তরা জানতে চেয়েছেন, সাধনা করলেই যে কেউও কৃষ্ণের মতো অর্থাৎ অবতারের মতো বা অবতারের সমকক্ষ হয়ে উঠতে পারে কিনা। ঐই প্রশ্নের উত্তর দিতে গিয়ে শ্রী রামকৃষ্ণ বলেছেন, "অবতার বা অবতারের অংশ, এদের বলে ঈশ্বরকোটি। আর সাধারণ লোকেদের বলে জীব বা জীবকোটি। যারা জীবকোটি তারা সাধনা করে ঈশ্বরলাভ করতে পারে, তারা সমাধিস্থ হয়ে আর ফেরে না। যারা ঈশ্বরকোটি তারা যেমন রাজার বেটা, সাততলার চাবি তাদের হাতে। তারা সাততলায় উঠে যায়, আবার ইচ্ছামতো নেমে আসতে পারে।" বইটির "রত্নাকরের তীরে" অধ্যায়ে পূর্বা সেনগুপ্ত দেখিয়েছেন, দক্ষযজ্ঞ থেকে শুরু করে দেবী সতীর দেহত্যাগ। মূলত, শিবকে অপমান করার জন্য প্রজাপতি দক্ষ এক যজ্ঞ করেছিল। সতী মহাদেবের হাজারও বারন সত্ত্বেও সেই যজ্ঞতে উপস্থিত হয়েছিলেন। স্বামী নিন্দা সহ্য করতে না পেরে আগুনে নিজেকে আহুতি দিয়েছিলেন। পরবর্তীতে সতীর দেহ নারায়ণ তাঁর সুদর্শন চক্র দ্বারা বিক্ষণ্ডিত করে দেয়। পরবর্তীতে যা ৫১ সতীপীঠ হিসাবে খ্যাতি লাভ করে। এই অধ্যায়ে পূর্বা দেবী আরও উল্লেখ করেছেন, রত্নাবলি তীর্থক্ষেত্রের কথা। পশ্চিমবঙ্গের হুগলি জেলার রাধানগর ও কৃষ্ণনগর পাশাপাশি মন্দিরময় দুই গ্রাম। যে গ্রামদুটি দেখলে বাংলার প্রাচীন ঐতিহ্য কেমন ছিল সে সম্বন্ধে একটা স্পষ্ট ধারণা হয়ে যায়। ভারতচন্দ্রের মতে, এই স্থানে দেবীর ডান কাঁধ পতিত হয়েছে। দেবীর নাম "শিবা", আর ভৈরবের নাম "কুমার"। কিন্তু পীঠনির্ণয়তন্ত্র অনুযায়ী দেবীর তেত্রিশ নম্বর পীঠ হলো রত্নাবলী। এখানে দেবীর কাঁধ পতিত হয়েছিল। কিন্ত দেবীর নাম কুমারী, ভৈরব হলেন শিবা। একান্ন পীঠ সর্বদাই মুক্তির পথ দেখায়, দেবী তাঁর ভৈরবকে নিয়ে সর্বদাই এখানে জাগ্রত থাকে। দেবী এখানে শ্মশানবাসিনী দক্ষিণাকালী রূপে পূজিতা হন। অমাবস্যায় বিশেষ পুজোতে তাঁকে খিচুড়ি ভোগ নিবেদন করা হয়। এছাড়াও দেবীর পুজোয় শোল মাছ লাগে যা তন্ত্র সাধনারই একপ্রকার ইঙ্গিত বহন করে। ত্রিশ টাকা মূল্যের সবুজ মলাট ঘেরা বইটির "মায়ের কোলে পিঠে", "বর্ধমানের সতীপীঠ", "সতীপীঠ দেবী বর্গভীমা", "গানের গভীরে", "রামকৃষ্ণ মঠ ও মিশন সংবাদ", "শ্রীশ্রী মায়ের বাড়ীর সংবাদ" অধ্যায়গুলি পাঠকমহলে বহু অজানা তথ্যকে তুলে ধরে।

শনিবার আগরতলায় আয়োজিত সিল্ক পোগ্রাম পরিদর্শন করেন মন্ত্রী সান্ত্বনা চাকমা।

শান্তিপুরের বিডিও-র বিরুদ্ধে ইচ্ছেমতো সর্বদলীয় বৈঠক ডাকার অভিযোগ শুভেন্দুর

কলকাতা, ১ মার্চ (হি.স.): ভুয়ো ভোটার নিয়ে সরব বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এবার ভোটার সংক্রান্ত বিষয়ে শান্তিপুরের বিডিও-র বিরুদ্ধে নিজের ইচ্ছেমতো সর্বদলীয় বৈঠক ডাকার অভিযোগ তুললেন তিনি। বিরোধী দলনেতার অভিযোগের পরই তৎপর হয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক।

শনিবার এক্স হ্যান্ডলে একটি চিঠি পোস্ট করেছেন শুভেন্দুবাবু। চিঠিতে সই রয়েছে শান্তিপুরের বিডিও-র। চিঠির বয়ান ২০২৫ সালের হলেও দুই জায়গায় ২০২৪ সালও রয়েছে। চিঠি পোস্ট করে শুভেন্দুবাবু লিখেছেন, আগামী ৫ মার্চ বিকেল সাড়ে তিনটেয় নিজের চেম্বারে সর্বদলীয় বৈঠক ডেকেছেন বিডিও। যে বৈঠকের বিষয়সূচি বুথ লেভেল এজেন্ট, মৃত ভোটার, স্থানান্তরিত ভোটার-সহ নানা বিষয়। এই ধরনের বৈঠক ডাকা পক্ষপাতমূলক আচরণ বলে অভিযোগ তুলে শুভেন্দুবাবু লেখেন, এই ধরনের সর্বদলীয় বৈঠক শুধুমাত্র সিইও কিংবা নির্বাচন কমিশনের নির্দেশের পরিপ্রেক্ষিতেই করা যায়। কিন্তু, এক্ষেত্রে তা হয়নি।

শান্তিপুরের বিডিও সন্দীপ ঘোষ শান্তিপুর বিধানসভা এবং রানাঘাট উত্তর-পশ্চিম বিধানসভার এইআরও। শুভেন্দুবাবুর অভিযোগ, ওই বিডিও তাঁর রাজনৈতিক 'বস' মমতা বন্দ্যোপাধ্যায়কে খুশি করতে এই ধরনের বৈঠক ডেকেছেন। শান্তিপুরের বিডিও-র বিরুদ্ধে কঠোর পদক্ষেপ করার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ও মুখ্য নির্বাচন কমিশনারকে আর্জি জানান বিরোধী দলনেতা। অভিযোগ কেন্দ্রীয় কমিশনে পাঠানো হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের অফিসের তরফে জানা গিয়েছে।

যাদবপুরে ব্রাত্যর সভা ঘিরে রণক্ষেত্র, গাড়িতে চড়াও বিক্ষোভকারীরা

কলকাতা, ১ মার্চ (হি.স.): শনিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শাসকদলের সংগঠন ওয়েবকুপার অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সভা ঘিরে রণক্ষেত্র অবস্থা তৈরি হয়। বৈঠক শেষ হওয়ার পর ফের বিক্ষোভের মুখে পড়েন তিনি। তাঁর গাড়ি তো বটেই, সঙ্গে থাকা দু'টি পাইলট কারের কাচও ভেঙে দেন বিক্ষোভরত পড়ুয়ারা।

ওয়েবকুপা'-র বৈঠক সেরে বিশ্ববিদ্যালয় থেকে যখন বেরোচ্ছিলেন, সেই সময় ব্রাত্যের গাড়ির চাকার হাওয়া খুলে দেন ওই পড়ুয়ারা। গাড়ি থেকে নেমে পড়ুয়াদের সঙ্গে কথা বলার চেষ্টা করেন শিক্ষামন্ত্রী। কিন্তু তাঁর সামনেই চলতে থাকে বিক্ষোভ। ওঠে 'চোর-চোর' এবং 'গো ব্যাক স্লোগান'। পরে মন্ত্রীর গাড়ি এবং সঙ্গে থাকা দু'টি পাইলট কার তাঁকে উদ্ধার করে।

ব্রাত্য বলেন, "এই গুন্ডামি চলতে পারে না। পড়ুয়াদের চার জন প্রতিনিধির সঙ্গে কথা বলতে পারি। কিন্তু সবাই মিলে গুন্ডামি করলে মুশকিল। তবে আমি কোনও প্ররোচনায় পা দেব না। যাঁরা এগুলি করছেন, তাঁদের বিরুদ্ধে উপাচার্য পদক্ষেপ করবেন।"

পড়ুয়াদের বিক্ষোভ থেকে রেহাই পাননি অধ্যাপকেরাও। এক সময় প্রতিবাদী পড়ুয়াদের সঙ্গে ধস্তাধস্তি শুরু হয় ওয়েবকুপার সদস্যদের। যাদবপুরের অধ্যাপক তথা ওয়েবকুপার সদস্য ওমপ্রকাশ মিশ্রকে লাঠি হাতে তাড়া করেন বাম এবং অতি বাম সংগঠনের কয়েক জন পড়ুয়া। পরে বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তারক্ষীরা তাঁকে সরিয়ে নিয়ে যান।

'বিলম্ব' নিয়ে প্রশ্ন তুলে, মণিপুরে নিরাপত্তা সংক্রান্ত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নির্দেশনাকে স্বাগত প্রদেশ কংগ্রেসের

ইমফল, ১ মার্চ (হি.স.) : 'বড্ড বিলম্ব করে ফেলেছেন', এই প্রশ্ন তুলে মণিপুরে নিরাপত্তা সংক্রান্ত স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের নির্দেশনাকে স্বাগত জানিয়েছে প্রদেশ কংগ্রেস।

মণিপুরের চলমান সংকট নিয়ে নয়াদিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পৌরোহিত্যে অনুষ্ঠিত উচ্চস্তরের নিরাপত্তা পর্যালোচনা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত এবং নির্দেশনাগুলিকে স্বাগত জানিয়েছেন প্রদেশ কংগ্রেসের সভাপতি কেইশম মেঘচন্দ্র সিং। মেঘচন্দ্র বলেছেন, '৮ মার্চ থেকে রাজ্যের সমস্ত রাস্তায় মানুষের অবাধ চলাচল নিশ্চিত করা অত্যন্ত প্রয়োজনীয় এবং এতে কোনও সন্দেহ নেই এটা একটা ইতিবাচক পদক্ষেপ।' তবে তিনি প্রশ্ন তুলেছেন, 'রাজ্যে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় থাকাকালীন কেন এ ধরনের ব্যবস্থা নেওয়া হয়নি ?'

ভারত-মায়ানমার আন্তর্জাতিক সীমান্তে বেড়া দেওয়ার বিষয়ে গৃহীত পদক্ষেপকে সমর্থন করে প্রদেশ কংগ্রেসের সভাপতি কেইশম মেঘচন্দ্র সিং বলেছেন, 'এটি মণিপুরবাসীর দীর্ঘদিনের দাবি। তাছাড়া, মণিপুরকে মাদক-মুক্ত করতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে অবস্থান নিয়েছেন, তাকেও স্বাগত জানাচ্ছি।'

চ্যাম্পিয়নস ট্রফি : না খেলেই সেমিতে দক্ষিণ আফ্রিকা, বাদ আফগানিস্তান

কলকাতা, ১ মার্চ (হি.স.): করাচিতে শনিবার 'বি' গ্রুপের শেষ ম্যাচে টস জিতে ব্যাটিংয়ে নেমে ৩৮.২ ওভারে ১৭৯ রানে অলআউট হয়ে গেছে ইংল্যান্ড। এর ফলে ম্যাচ শেষ হওয়ার আগেই দক্ষিণ আফ্রিকার সেমিফাইনালের যাওয়ার টিকিট নিশ্চিত হয়ে গেল। আগে ব্যাট করায় সেমির দৌড়ে প্রোটিয়াদের বাদ করে আফগানদের উঠার ক্ষেত্রে ইংল্যান্ডের ২০৭ রানের বড় জয় লাগত। সেটা আর হল না, ইংলিশরা যে ২০০-ই ছুঁতে পারল না। প্রায় অসম্ভব সমীকরণে এই ম্যাচের দিকে তাকিয়ে থাকা আফগানিস্তান বিদায় নিল এবারের চ্যাম্পিয়নস ট্রফি থেকে।

এই ম্যাচ জিতলে ৫ পয়েন্ট নিয়ে অস্ট্রেলিয়াকে টপকে গ্রুপ সেরা হবে দক্ষিণ আফ্রিকা। ইংল্যান্ডকে অল্প রানে থামাতে মুল্ডার ২৫ রানে ও মার্কো ইয়ানসেন ৩৯ রানে ৩টি করে উইকেট নেন। আর ১০ ওভারে ৩৫ রান দিয়ে ২ উইকেট নেন বাঁ-হাতি স্পিনার কেশাভ মহারাজ।

ইংল্যান্ডের হয়ে সর্বোচ্চ রান করেন জো রুট, তিনি ৩৭ রান করেন। এছাড়া জফরা আর্চার ২৫ ও জন বাটলার ২১ রান করেন।

'নেইবারহুড ফার্স পলিসি' : অসম-ভুটান নতুন রেল লাইন সংস্থাপনের ঘোষণা অশ্বিনীর

গুয়াহাটি, ১ মার্চ (হি.স.) : প্রতিবেশী দেশগুলির সঙ্গে যোগাযোগ বৃদ্ধি করার জন্য বেশ কিছু নতুন রেলওয়ে প্রকল্প গ্রহণ করে প্রধানমন্ত্রীর ভিশন 'অ্যাক্ট ইস্ট পলিসি' এবং 'নেইবারহুড ফার্স পলিসি'-র দিকে সক্রিয়ভাবে এগিয়ে চলেছে ভারতীয় রেল। প্রধানমন্ত্রীর ভিশনের সঙ্গে সংগতি রেখে কোকরাঝাড় থেকে গেলেফু পর্যন্ত নতুন রেললাইন সংস্থাপনের প্রস্তাব রাখা হয়েছে। এই লাইনই অসম ও ভুটানকে যুক্ত করবে। দুই দেশের মধ্যে সংযোগ ব্যবস্থাকে উন্নত করতে এবং দ্বিপাক্ষিক সম্পর্ককে মজবুত করার জন্য ওই লাইন সংস্থাপনের প্রস্তাব রাখা হয়েছে। গত ২৫ ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠিত বিনিয়োগ ও পরিকাঠামো শীর্ষ সম্মেলন 'অ্যাডভান্টেজ আসাম ২.০'-তে এই প্রকল্পের কথা ঘোষণা করেছেন রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

আজ শনিবার উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা এক প্রেস বার্তায় এ খবর দিয়ে জানান, প্রস্তাবিত এই ৬৯.০৪ কিলোমিটারের রেললাইনটি অসমের কোকরাঝাড় স্টেশনকে ভুটানের গেলেফুর সঙ্গে যুক্ত করবে। ৩,৫০০ কোটি টাকার আনুমানিক ব্যয়ে এই লাইন বসানো হবে। এই প্রকল্পের অধীনে ছয়টি নতুন স্টেশন নির্মাণ করা হবে। সেগুলি বালাজান, গারুভাসা, রুনিখাতা, শান্তিপুর, দাদগিরি ও গেলেফু। সেই সঙ্গে পরিকাঠামো পরিকল্পনায় থাকবে দুটি গুরুত্বপূর্ণ সেতু, ২৯টি বড় সেতু, ৬৫টি ছোট সেতু, একটি রোড ওভারব্রিজ, ৩৯টি রোড আন্ডার ব্রিজ এবং ১১ মিটার দৈর্ঘ্যের দুটি ভায়াডাক্ট। ফাইনাল লোকেশন সার্ভে (এফএলএস) সফলভাবে সম্পূর্ণ করা হয়েছে এবং পরবর্তী অনুমোদন ও প্রয়োজনীয় নির্দেশনার জন্য বিস্তারিত প্রকল্প প্রতিবেদন জমা দেওয়া হয়েছে।

প্রেস বার্তায় জানানো হয়েছে, প্রস্তাবিত এই রেললাইনটি উল্লেখযোগ্যভাবে ভারত-ভুটান সম্পর্ককে মজবুত করবে দুই দেশের মধ্যে বাণিজ্য, পর্যটন ও সাংস্কৃতিক বিনিময়কে বৃদ্ধি করার মাধ্যমে। সেই সঙ্গে যাতায়াত ব্যবস্থাকেও উন্নত করবে এবং এর মাধ্যমে ভুটানকে প্রথম বার রেলওয়ে সংযোগ ব্যবস্থা প্রদান করা হবে, যা বাধাহীন পরিবহণে সহায়ক হয়ে উঠবে। তাছাড় এই রেললাইন বড়োল্যান্ডের জন্য একটি বাণিজ্য ও ট্রানজিট হাব হিসাবে গড়ে উঠবে। যার ফলে স্থানীয় ব্যবসা ও জনসাধারণের সুবিধা হবে।

সামগ্রিকভাবে প্রস্তাবিত অসম-ভুটান রেললাইন বড়োল্যান্ডের অর্থনীতিতে ও যোগাযোগ ব্যবস্থায় রূপান্তর সাধন করবে, যা দীর্ঘমেয়াদি বিকাশ ও উন্নয়নের পথ প্রশস্ত করবে, বলা হয়েছে প্রেস বার্তায়।

বিহারে একটি পরিবারে হামলার প্রতিবাদে ব্রাহ্মঋষি সেবা অভিযানের মিছিল

নওয়াদা, ১ মার্চ (হি.স.) : বিহারের নওয়াদা জেলার নারদীগঞ্জ থানার অন্তর্গত পদরিয়া গ্রামে দিনকয়েক আগে রাতে একদল দুষ্কৃতী একটি বাড়ির দরজা ভেঙে মহিলাদের নির্মমভাবে মারধর করে এবং অশালীন আচরণ করে বলে অভিযোগ। এই ঘটনায় প্রশাসনিক ব্যর্থতার অভিযোগ তুলে শনিবার জাতীয় ব্রাহ্মঋষি সেবা অভিযানের নওয়াদা জেলা শাখা প্রতিবাদ মিছিল বের করে। এই প্রতিবাদ মিছিলে বিভিন্ন সংগঠনের নেতারা অংশ নেন। তারা সংশ্লিষ্ট থানার আধিকারিকের বরখাস্তের দাবি জানান। বলেন, এখনও পর্যন্ত জেলা প্রশাসন ক্ষতিগ্রস্ত পরিবারকে কোনও ক্ষতিপূরণ দেয়নি বা চিকিৎসার ব্যবস্থা করেনি। ২০টি মামলার আসামি এক দুষ্কৃতী দরজা ভেঙে ওই পরিবারের উপর নৃশংস হামলা চালালেও প্রশাসনের ভূমিকা সন্তোষজনক নয়। প্রতিবাদ মিছিলে অংশগ্রহণকারীরা এই ঘটনার তদন্ত করে দ্রুত পদক্ষেপ নেওয়ার জন্য বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার এবং মুখ্য সচিবকে বার্তা পাঠিয়েছেন।

৩০ মার্চ প্রদর্শনী ম্যাচে ভারতের কিংবদন্তিদের মুখোমুখি হতে চলেছে ব্রাজিলের কিংবদন্তিরা

চেন্নাই, ১ মার্চ (হি.স.): ৩০ মার্চ চেন্নাইয়ের জওহরলাল নেহেরু স্টেডিয়ামে ভারতীয় কিংবদন্তিদের বিরুদ্ধে একটি প্রদর্শনী ম্যাচ খেলবে ব্রাজিলের কিংবদন্তিরা।

ব্রাজিলিয়ান কিংবদন্তি দলে থাকবেন রোনালদিনহো, রিভালদো এবং কাফুর সঙ্গে গিলবার্তো সিলভা, এডমিলসন, ক্লেবারসন, রিকার্ডো অলিভেইরা, কাকাপা, কামান্ডুকাইয়া, এলিভেল্টন, পাওলো সার্জিও, হিউরেলো গোমেস, দিয়েগো গিল, জরগিনহো, অমরাল, লুসিও, অ্যালেক্স

'যাদবপুরে অসভ্যতা', 'চিহ্নিত করে রাখা দরকার', দাবি তৃণমূলের কুণালের

কলকাতা, ১ মার্চ (হি.স.): শনিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শাসকদলের সংগঠন ওয়েবকুপার অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সভা ঘিরে রণক্ষেত্র অবস্থা তৈরি হয়। ঘটনার পর বিষয়টির কড়া সমালোচনা করেন তৃণমূল কংগ্রেসের কুণাল ঘোষ।

তিনি এক্সবার্তায় লিখেছেন, "অধ্যাপক ডঃ প্রদীপ্ত মুখোপাধ্যায়ের সঙ্গে যাদবপুরে যারা এই অসভ্যতা করল, তাদের এবং ওই সংগঠনগুলিকে চিহ্নিত করে রাখা দরকার। প্রদীপ্ত নিপাট ভদ্রলোক।

তার সঙ্গে বাঁদরামি করা কয়েকটা অসভ্যের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা দরকার।

তৃণমূলের সৌজন্য মানে দুর্বলতা নয়। গায়ে হাত দেবে কেন? শাসক বলে সংযত নিশ্চয় থাকা উচিত। কিন্তু বাঁদরামি সীমা পার করলে উপযুক্ত জবাব দেওয়া উচিত।

যাদবপুরে যে বাঁদরামিটা এরা করল, মনে রাখুন।

চিহ্নিত করুন। শিক্ষামন্ত্রী এবং তৃণমূল সমর্থক অধ্যাপকরা সংযমের পরিচয় দিয়েছেন। কিন্তু হামলা, বিশৃঙ্খলা যারা করল, গণতান্ত্রিকভাবে যথাযথ জবাব দরকার। এদের চিহ্নিত করুন।"

কুণালের এই মন্তব্যের প্রেক্ষিতে প্রাক্তন সিপিএম কর্মী দিব্যেন্দু দাস এক্সবার্তায় লিখেছেন, "ব্রাত্যর কিছু হলোনা, তাহলে কিসের বিশৃঙ্খলা? ধিক্কার জানাই এই রকম মিথ্যাচার কে, একজন বাচ্চা ছেলে কে গাড়ি দিয়ে চাপা দিয়ে চলে গেছে শিক্ষামন্ত্রী, লজ্জা নেই আপনার?"

বিহারে দুর্যোগ মোকাবিলায় প্রশিক্ষণ, স্কুলে বাড়ানো হলো প্রস্তুতি

ভাগলপুর, ১ মার্চ (হি.স.): নাগরিক সুরক্ষা, দুর্যোগ প্রস্তুতি ও জরুরি পরিস্থিতির বিষয়ে সচেতনতা বাড়াতে বিশ্ব নাগরিক সুরক্ষা দিবসে ভাগলপুরের মধ্য বিদ্যালয় জগদীশপুরে শনিবার একটি প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণ শিবিরে বিদ্যালয়ের বাল প্রেরক, ইকো ও ইয়ুথ ক্লাবের ছাত্ররা অংশগ্রহণ করে এবং বিভিন্ন দুর্যোগ মোকাবিলার কৌশল প্রদর্শন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশুতোষ চন্দ্র মিশ্র জানান, প্রতি শনিবার 'মুখ্যমন্ত্রী বিদ্যালয় সুরক্ষা কর্মসূচি'-র আওতায় 'নিরাপদ শনিবার' পালন করা হয়, যেখানে বিভিন্ন প্রাকৃতিক ও মানবসৃষ্ট দুর্যোগ সম্পর্কে সচেতনতা বাড়ানো হয় এবং প্রশিক্ষণ পরিচালিত হয়। এর মাধ্যমে ছাত্রছাত্রীরা দুর্যোগকালীন ঝুঁকি কমাতে প্রশিক্ষিত হয়।

অনুষ্ঠানে ফোকাল শিক্ষক বিন্দু কুমারী ও অবিনাশ সরোজ ছাড়াও শিক্ষক নবল কিশোর পাঞ্জিয়ারা, প্রতিমা মিশ্র, আনজুম রাগিব আহসান, শাহিনা খাতুন, নীরজ কুমার, কৌশল্যা কুমারীসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা শিক্ষার্থীদের সহযোগিতা করেন।

আমৌসি বিমানবন্দরের রানওয়ে সংস্কার, ১৫ জুলাই পর্যন্ত বাতিল একাধিক বিমান

লখনউ, ১ মার্চ (হি.স.): উত্তর প্রদেশের চৌধুরী চরণ সিং আন্তর্জাতিক বিমানবন্দরে (আমৌসি বিমানবন্দর) রানওয়ে সংস্কারের কাজ শুরু হয়েছে। এর ফলে শনিবার থেকে প্রতিদিন ৮ ঘণ্টা রানওয়ে বন্ধ রাখা হবে। এই কাজ ১৫ জুলাই পর্যন্ত চলবে এবং এর ফলে প্রায় ১৬টি বিমান বাতিল করা হয়েছে।

বিমানবন্দর মুখপাত্র রূপেশ কুমার জানান, টার্মিনাল-৩-এর রানওয়ের সংস্কারের কাজ শুরু হয়েছে। প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত রানওয়ে বন্ধ থাকবে। এই সময়ে ইন্ডিগোর ৯টি সহ মোট ১৬টি বিমান বাতিল করা হয়েছে। দিল্লি, মুম্বই ও ইন্দোরগামী বিমানের সংখ্যা কমানো হয়েছে। তবে সকাল ১০টার আগে এবং সন্ধ্যা ৬টার পর স্বাভাবিকভাবে প্রায় ১৩২টি বিমান পরিষেবা চালু থাকবে। বর্তমানে দেশীয় ও আন্তর্জাতিক বিমান মিলিয়ে প্রতিদিন প্রায় ১৫৫টি উড়ান ওঠানামা করে এখানে। মুখপাত্র আরও জানান, রানওয়ের এই রক্ষণাবেক্ষণ—এর কাজ বিমানবন্দরকে আরও আধুনিক ও নিরাপদ করবে।

খুনের' অভিযোগে বেঙ্গালুরু থেকে ধৃত ৫ জনের ৪ দিনের পুলিশি হেফাজতের নির্দেশ

বীরভূম, ১ মার্চ (হি.স.): বীরভূমে কাঁকরতলায় তৃণমূল কর্মীকে পাথর দিয়ে থেঁতলে 'খুনের' ঘটনায় আরও পাঁচ জনকে গ্রেফতার করল রাজ্য পুলিশ। শুক্রবার রাতেই ধৃতদের বীরভূমে আনা হয়। আদালত তাদের চার দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দিয়েছে।

পুলিশ সূত্রের খবর, অভিযুক্তদের বেঙ্গালুরু থেকে পাকড়াও করে রাজ্যে আনা হয়েছে। অভিযুক্তেরা প্রত্যেকে তৃণমূলের সঙ্গে যুক্ত বলে স্থানীয় সূত্রের খবর। শনিবার ধৃত শেখ সাদ্দাম, শেখ লালন, শেখ নইমুল, শেখ ফিরদৌস এবং শেখ শরফুদ্দিনকে দুবরাজপুর আদালতে হাজির করানো হয়।

কাঁকরতলার বড়রা গ্রামে তৃণমূল কর্মী শেখ নিয়ামুলকে পিটিয়ে এবং পাথর দিয়ে থেঁতলে খুনের ঘটনায় এর আগে এক জনকে গ্রেফতার করেছিল পুলিশ। ধৃতের নাম শেখ আকবর। কিন্তু বাকি অভিযুক্তেরা অধরা ছিল। তারা ভিন্‌রাজ্যে গা ঢাকা দেয় বলে খবর পায় পুলিশ। বেশ কিছু দিন ধরে তদন্তের পর পুলিশ জানতে পারে, পাঁচ অভিযুক্ত রয়েছে বেঙ্গালুরুতে। তাদের পাকড়াও করতে বীরভূম জেলা পুলিশের একটি বিশেষ দল কর্নাটকে যায়। তারপর অভিযুক্তদের গোপন আস্তানা থেকে ধরে বীরভূমে আনা হয়।

কলকাতা প্রেস ক্লাবে স্বাস্থ্য পরীক্ষা শিবির

কলকাতা, ১ মার্চ (হি.স.) : নারায়ণা হাসপাতালের ব্যবস্থাপনা ও কলকাতা প্রেস ক্লাবের সহযোগিতায় শনিবার এক স্বাস্থ্য পরীক্ষা শিবির অনুষ্ঠিত হয়। ওই স্বাস্থ্য পরীক্ষা শিবিরে এদিন হৃদযন্ত্রের পর্যবেক্ষণ এবং হাড়ের ঘনত্ব পরীক্ষা হয়। ৭৬ জনের স্বাস্থ্য পরীক্ষা করা হয় এদিন। কার্ডিওলজি, জেনারেল মেডিসিন, অর্থোপেডিক এবং স্পাইন বিশেষজ্ঞরা উপস্থিত ছিলেন। চিকিৎসক ডা. নিবেদিতা সেন, ডা. সৌমিক সরকার, ডা. কুনাল প্যাটেল, সাই ভিকসেথ রাজ বাসানি প্রমুখ এদিন উপস্থিত ছিলেন। হাড়ের ঘনত্ব পরীক্ষার পাশাপাশি ইসিজি—ও করা হয়। সেইসঙ্গে ব্লাড সুগার, সিবিসি, ইএসআর, ইউরিক অ্যাসিড, ক্যালসিয়াম-ম্যাগনেসিয়াম, ভিটামিন-ডি, এলক্যালাইন ফসফেট ইত্যাদি পরীক্ষাও হয়।

পুলিশের গাড়ি আটকে অভিযুক্তকে ছিনতাইয়ের অভিযোগ

উত্তর দিনাজপুর, ১ মার্চ (হি.স.): গোয়ালপোখরের পর এ বার চোপড়া। ফের পুলিশের হাত থেকে 'ছিনতাই' অভিযুক্ত। বাধা পেতেই ফের পুলিশের উর্দিতে হাত, আইনরক্ষকদের সঙ্গে ধস্তাধস্তি। শনিবার চোপড়ার কালকাপুরের ঘটনা।

অভিযোগ, পুলিশের গাড়ি আটকে অভিযুক্তকে ছিনিয়ে নিয়ে যান এলাকার লোকজন। এই ঘটনায় গ্রামবাসীদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তিও হয়। ছিনতাই হওয়া অভিযুক্তের নাম মজিবুর রহমান। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশের বড় বাহিনী। পৌঁছন চোপড়া থানার আইসি সুরজ থাপাও।

মজিবুরের বিরুদ্ধে সমাজবিরোধী কাজকর্মে যুক্ত থাকার অভিযোগ রয়েছে। বেশ কিছু দিন ধরে গা ঢাকা দিয়েছিলেন মজিবুর। সম্প্রতি গ্রামে ফিরে আসেন তিনি। সেই খবর পৌঁছয় পুলিশের কাছ। এ দিন তাঁকে ধরতে গ্রামে যায় পুলিশ।

অভিযোগ, মজিবুরকে গ্রেফতার করে ভ্যানে তুলতেই গ্রামবাসীদের একাংশ পুলিশের গাড়ির সামনে রুখে দাঁড়ান। এর পর তাকে পুলিশের গাড়ি থেকে বেরিয়ে পালাতে সাহায্য করেন। পুলিশ বাধা দিতে গেলে শুরু হয় ধস্তাধস্তি। খবর পেয়ে চোপড়া থানার আইসি সুরজ থাপার নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ও কমব্যাট ফোর্স ঘটনাস্থলে পৌঁছে লাঠি উঁচিয়ে তাড়া করে বিক্ষোভকারীদের।

ওই ঘটনায় অন্তত ২৭ জনকে আটক করা হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। অভিযুক্তের খোঁজে এলাকায় তল্লাশি শুরু হয়েছে।

ব্রাত্যর ভাষণ চলাকালীন ওয়েবকুপার সভায় ঢুকে 'তাণ্ডব'—এর অভিযোগ বাম ছাত্র সংগঠনের বিরুদ্ধে

কলকাতা, ১ মার্চ (হি.স.): ওয়েবকুপা অর্থাৎ তৃণমূলপন্থী শিক্ষক-অধ্যাপক সংগঠনের বার্ষিক সাধারণ সভা ঘিরে সকাল থেকেই অশান্তির পরিবেশ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে। দুপুর গড়িয়ে সভা শুরু হতেই বিশৃঙ্খল পরিস্থিতি। যেন আগুনে ঘি পড়ল!

বৈঠক শুরু হওয়ার আগে তৈরি হয় উত্তেজনা। ওই সময় বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংসদ ভোটের দাবিতে স্লোগান দিচ্ছিলেন বামপন্থী ছাত্র সংগঠন এসএফআই, আইসা, ডিএসএফ (ডেমোক্র্যাটিক স্টুডেন্টস' ফ্রন্ট)-এর সদস্যেরা। তাঁরা বিশ্ববিদ্যালয়ের ২ নম্বর গেট আটকে বিক্ষোভ দেখাতে থাকেন।

পাল্টা মানববন্ধন তৈরি করেন তৃণমূল ছাত্র পরিষদ (টিএমসিপি)-এর সদস্যেরা। বৈঠকে যোগ দিতে এসে বিক্ষোভকারীদের বাধার মুখে পড়েন ব্রাত্য। তাঁকে বিশ্ববিদ্যালয়ের ৩ নম্বর গেট দিয়ে প্রবেশ করিয়ে ওপেন এয়ার থিয়েটারের পিছন দিয়ে মঞ্চে তোলা হয়।

অভিযোগ, শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর ভাষণ চলাকালীন পিছনের দরজা দিয়ে ঢুকে পড়েন বাম-সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন সদস্য। চেয়ার ভাঙচুর, ধাক্কাধাক্কি শুরু হয়। প্রেক্ষগৃহের এমন ধুন্ধুমার পরিস্থিতিতে অসুস্থ হয়ে পড়েন অধ্যাপকদের কেউ কেউ। তা দেখে ব্রাত্য বসুও সরাসরি বাম ছাত্র সংগঠনকে লক্ষ্য করে একাধিক প্রশ্ন ছুঁড়ে দেন।

প্রোগ্রেসিভ মেডিক্যাল প্র্যাকটিশনার্স অ্যাসোসিয়েশনের সম্মেলন

বাঁকুড়া, ১ মার্চ (হি.স.) : বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ, শংসাপত্র প্রদান এবং সরকারি ক্ষেত্রে নিয়োগের দাবিতে সরব হল প্রোগ্রেসিভ মেডিক্যাল প্র্যাকটিশনার্স অ্যাসোসিয়েশন। শনিবার সংগঠনের ৫ম জেলা সম্মেলনে এই দাবি জানানো হয়।

বাঁকুড়ার এক সভাগৃহে আয়োজিত সম্মেলনে জেলার বিভিন্ন ব্লক থেকে সংগঠনের প্রায় দুই শতাধিক সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সভাপতি ডাঃ প্রাণতোষ মাইতি, সম্পাদক ডাঃ রবিউল আলম, রাজ্য নেতা ডাঃ তিমির কান্তি দাস, জেলা ডেপুটি সিএমওএইচ ডাঃ সজল বিশ্বাস-সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

সংগঠনের বাঁকুড়া জেলা সম্পাদক ডাঃ মোস্তাকিন আলী জানান, মেডিক্যাল প্র্যাকটিশনার্সদের স্বাস্থ্যকর্মী হিসাবে স্বীকৃতি প্রদান এবং উপযুক্ত বিজ্ঞানসম্মত প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য দীর্ঘদিন ধরে দাবি জানানো হলেও তা এখনও বাস্তবায়িত হয়নি। ফলে রাজ্যজুড়ে কয়েক হাজার মেডিক্যাল প্র্যাকটিশনার্স বঞ্চনার শিকার। এদিনের সম্মেলনে এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আগামী দিনে বৃহত্তর আন্দোলনের কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয় বলে জানা গেছে।

শনিবার আগরতলায় রামকৃষ্ণের জন্ম বার্ষিকী পালিত হয়।

নয়া সেবি প্রধানের দায়িত্ব নিলেন তুহিন, নিয়োগ ৩ বছরের জন্য

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.): সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি)-র নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন তুহিন কান্ত পাণ্ডে। ৩ বছরের জন্য তাঁকে নিয়োগ করেছে কেন্দ্র সরকার। শনিবার মুম্বইয়ে সেবি-র নতুন চেয়ারম্যান হিসেবে দায়িত্বভার বুঝে নিয়েছেন ১৯৮৭ ব্যাচের এই আইএএস অফিসার। তিনি এর আগে অর্থ সচিব এবং রাজস্ব বিভাগের সচিব পদের দায়িত্ব সামলাচ্ছিলেন।

তুহিন পঞ্জাব বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে এমএ এবং ব্রিটেন থেকে এমবিএ করেছেন। তিনি ওড়িশা সরকারের পাশাপাশি কেন্দ্রীয় সরকারেও গুরুত্বপূর্ণ প্রশাসনিক ভূমিকা পালন করেছেন। ২০২৪ সালের সেপ্টেম্বরে ভারতের অর্থ সচিব হন তুহিন। সেবি চেয়ারপার্সন মাধবী পুরী বুচের মেয়াদ শেষ হয়েছে ১ মার্চ। তিনি ২০২২ সালের ২ মার্চ প্রথম মহিলা হিসেবে সেবির শীর্ষ পদে আসীন হয়েছিলেন।

সেবির প্রধান পদের দায়িত্ব নেওয়ার পর তুহিন কান্ত পাণ্ডে বলেছেন, 'সেবি অত্যন্ত শক্তিশালী বাজার প্রতিষ্ঠান। এটি বছরের পর বছর ধরে ধারাবাহিক নেতৃত্ব দিয়ে তৈরি করা হয়েছে এবং তা অব্যাহত থাকবে। আমরা ভারতের জনগণের আস্থা রাখি। আমরা ভারতের সংসদের আস্থা রাখি। আমরা সরকারের আস্থা রাখি, আমরা বিনিয়োগকারীদের আস্থা রাখি, আমরা শিল্পের আস্থা রাখি। বিশ্বাস খুবই গুরুত্বপূর্ণ এবং আমরা সবাই সামনের দিকে তাকিয়ে থাকব। আমাদের চারটি উদ্দেশ্য আছে, আমরা বিশ্বাসের জন্য কাজ করি, আমরা স্বচ্ছতার জন্য কাজ করি, আমরা টিমওয়ার্কের জন্য কাজ করি এবং আমরা প্রযুক্তির জন্য কাজ করি। আমরা বিশ্বের অন্যতম সেরা বাজার প্রতিষ্ঠান তৈরি করতে থাকব।'

উত্তরবঙ্গের মানুষ বঞ্চিত, ফের সওয়াল সাংসদ জয়ন্ত রায়ের

জলপাইগুড়ি, ১ মার্চ (হি.স.): ফের উত্তরবঙ্গকে বঞ্চনার অভিযোগ আনলেন জলপাইগুড়ির বিজেপি সাংসদ জয়ন্ত রায়। শনিবার সকালে জলপাইগুড়িতে সাংসদের অফিসে বসে তাঁর বক্তব্য, 'বঞ্চনা থেকেই এসব দাবি উঠছে। উত্তরবঙ্গের মানুষ বঞ্চিত। তাঁদের কথা ভাবতে হবে। সেটা যে ফরম্যাটেই হোক।'

কামতাপুর রাজ্যের দাবিতে আন্দোলন নিয়ে বিজেপি সাংসদের বক্তব্য, 'এটা এতদিন একটি গোষ্ঠীর দাবি ছিল। এখন তো মাস ডিমান্ড হয়ে গিয়েছে।' একইসঙ্গে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের এক বছর আগে উত্তরবঙ্গে এইমস নিয়ে আশ্বাস জলপাইগুড়ির বিজেপি সাংসদের। তাঁর দাবি, 'আমরা উত্তরবঙ্গের বিজেপি সাংসদরা মিলে চেষ্টা চালাচ্ছি। উত্তরবঙ্গে এইমস অথবা এইমসের মতো কিছু হবে। অপেক্ষা করুন।'

'মাদার্স অন হুইলস" সফরের সূচনায় মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.): দিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা শনিবার "মাদার্স অন হুইলস"-এর সূচনা করলেন। জানা গেছে, "মাদার্স অন হুইলস" তার এই সফরে দক্ষিণ-পূর্ব এশিয়া, অস্ট্রেলিয়া এবং নিউজিল্যান্ড পরিক্রমা করবে। বিভিন্ন জায়গার পারিবারিক ব্যবস্থা সম্পর্কে বোঝা এবং সামাজিক কল্যাণে প্রভাব সম্পর্কে গভীরভাবে অনুধাবন করার লক্ষ্যে এই সফর বলে জানা গেছে।

জানা যাচ্ছে, সফরকালে শিশুদের লালন-পালনে মায়ের ভূমিকা সম্পর্কে এইসব দেশে সচেতনতা প্রসার হবে। মুখ্যমন্ত্রী এই সফরের জন্য মায়েদের শুভেচ্ছা জানিয়েছেন।

বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

বিজ্ঞাপন বিভাগ
জাগরণ

জরুরী পরিষেবা

হাসপাতাল : জিবি : ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ **(টোলফ্রি : ২৪ ঘন্টা)। ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ **(পি বি এক্স), আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

ষারধস দুর্যোগে মৃত্যু দু"জনের, খারাপ আবহাওয়ায় বিঘ্ন ঘটছে উদ্ধারকাজে

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.): উত্তরাখণ্ডের চামোলিতে ভয়াবহ তুষারধসের ঘটনায় এখনও পর্যন্ত ৪৯ জনকে উদ্ধার করা সম্ভব হয়েছে। এখনও ৬ জনকে উদ্ধার করা সম্ভব হয়নি, ওই ৬ জনকে প্রাণে বাঁচানোর আপ্রাণ চেষ্টা চলছে। এই বিপর্যয়ে মৃত্যু হয়েছে দু"জনের। উত্তরাখণ্ড সরকারের পক্ষ থেকে শনিবার দুপুরে জানানো হয়েছে, মানা গ্রামে তুষারধসে আটকে পড়া ৫৫ জনের মধ্যে ৪৯ জন বর্ডার রোড অর্গানাইজেশন কর্মীকে উদ্ধার করা হয়েছে। ৬ জনকে উদ্ধারের চেষ্টা চলছে।

সেন্ট্রাল কমান্ডের জিওসি-ইন-সি লেফটেন্যান্ট জেনারেল অনিন্দ্য সেনগুপ্ত বলেছেন, 'দুর্ভাগ্যবশত, দুই জনের মৃত্যু হয়েছে। আবহাওয়া এবং রাস্তার অবস্থা অনুকূলে থাকলে ইউএভি এবং রাডার-সহ সমস্ত সহায়তায় উদ্ধারকাজে জোর দেওয়া হবে। বর্তমানে হতাহতদের বের করার জন্য বিমানের প্রচেষ্টা চালানো হচ্ছে। আমরা আশা করছি, সন্ধ্যার মধ্যে উদ্ধারকাজ সম্পন্ন হবে।'

৩১ মার্চের পর ১৫ বছরের পুরনো গাড়িতে জ্বালানি দেওয়া হবে না : মনজিন্দর সিং সিরসা

নয়াদিল্লি, ১ মার্চ (হি.স.): রাজধানী দিল্লিতে দূষণ রুখতে কঠোর পদক্ষেপ নিলেন দিল্লির পরিবেশ মন্ত্রী মনজিন্দর সিং সিরসা। শনিবার তিনি বলেছেন, ৩১ মার্চের পর ১৫ বছরের পুরনো গাড়িতে জ্বালানি দেওয়া হবে না। শনিবার দিল্লির পরিবেশ মন্ত্রী বলেছেন, ৩১ মার্চের পরে ১৫ বছরের পুরনো গাড়িগুলিতে জ্বালানি দেওয়া হবে না। দিল্লিতে কিছু বড় হোটেল, কিছু বড় অফিস কমপ্লেক্স, দিল্লি বিমানবন্দর, বড় নির্মাণ সাইট রয়েছে। আমরা তাদের সকলের জন্য তাদের জায়গায় দূষণ নিয়ন্ত্রণের জন্য অবিলম্বে অ্যান্টি-স্মোগগান স্থাপন করা বাধ্যতামূলক করতে যাচ্ছি। আমরা দিল্লির সব উঁচু ভবনে স্মোগগান লাগানো বাধ্যতামূলক করতে যাচ্ছি।

পরিবেশ মন্ত্রী আরও বলেছেন, আমরা দিল্লির সব হোটেলে স্মোগগান লাগানো বাধ্যতামূলক করতে যাচ্ছি। একইভাবে, আমরা সমস্ত বাণিজ্যিক কমপ্লেক্সের জন্য এটি বাধ্যতামূলক করতে যাচ্ছি। আমরা আজ সিদ্ধান্ত নিয়েছি যে, ক্লাউড সিডিংয়ের জন্য আমাদের যা কিছু অনুমতি লাগবে আমরা তা নেব এবং আমরা নিশ্চিত করব যে দিল্লিতে যখন মারাত্মক দূষণ থাকবে, তখন কৃত্রিম মাধ্যমে বৃষ্টি হতে পারে এবং দূষণ নিয়ন্ত্রণ করা যেতে পারে।'

নাবালিকাকে লাগাতার যৌন নির্যাতনের অভিযোগে গ্রেফতার এক

কলকাতা, ১ মার্চ (হি.স.): নানা লোভ দেখিয়ে রাজারহাটের এক নাবালিকাকে দিনের পর দিন যৌন নির্যাতনের অভিযোগে শেষপর্যন্ত পুলিশের হাতে গ্রেফতার হল এক ব্যক্তি। এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। ধৃত ব্যক্তির নাম আবুল হোসেন মিদ্দে (৪০)।

অভিযোগ, কোনও ফাঁকা জায়গায় নিয়ে গিয়ে ওই নাবালিকার উপর যৌন নির্যাতন চালাতেন ওই ব্যক্তি। শুধু তাই নয়, কাউকে এই কথা বললে আরও ক্ষতি করা হবে। সেই হুমকিও দেওয়া হত। ফলে ভয়ে মুখ বন্ধ করে রাখত ওই নাবালিকা। আর সেই সুযোগে গত তিন মাস ধরে লাগাতার হেনস্তা করছিলেন আবুল। এই ঘটনা ক্রমাগত চলার ফলে ক্রমেই শারীরিক ও মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ছিল ওই নাবালিকা। শুক্রবার বাড়িতেই অসুস্থ হয়ে পড়ে ওই নাবালিকা। পরিবারের লোকজন তার কাছে ভয়ে থাকার কারণ জানতে চান। এরপরই বাড়ির লোকজনকে সে গোটা ঘটনা জানায়। কালবিলম্ব না করে আবুল হোসেন মিদ্দের বিরুদ্ধে রাজারহাট থানায় লিখিত অভিযোগ জানানো হয়। রাতেই অভিযুক্তকে গ্রেফতার করে পুলিশ। পুলিশের জিজ্ঞাসাবাদে ঘটনার কথা স্বীকার করেছে ধৃত। 'পকসো' আইনে মামলা রুজু করা হয়েছে।

মুম্বইয়ে অবৈধভাবে বসবাসকারী ৫ বাংলাদেশি নাগরিক ধৃত

মুম্বই, ১ মার্চ (হি.স.): দক্ষিণ মুম্বইয়ের চিঞ্চপোকলি এলাকায় একটি বাড়িতে অভিযান চালিয়ে ৫ বাংলাদেশি নাগরিককে হেফাজতে নিলো পুলিশ। জানা গেছে, অবৈধভাবে বসবাস করা পাঁচ বাংলাদেশি নাগরিককে হেফাজতে নিয়েছে পুলিশ। তাদের মধ্যে ৪ জন পুরুষ ও একজন মহিলা। শনিবার পুলিশের তরফে জানানো হয়, চিঞ্চপোকলি এলাকায় একটি বাড়িতে ৫ বাংলাদেশি নাগরিকদের অবৈধভাবে বাস করছে, গোপন সূত্রে এই খবর পেয়ে অভিযান চালায় পুলিশ। শুক্রবার গভীর রাতে ওই বাড়িতে অভিযান চালিয়ে সেখান থেকে ৫ বাংলাদেশিকে হেফাজতে নিয়েছে পুলিশ। তারা ভারতে বসবাসের কোনও বৈধ কাগজপত্র দেখতে পারেনি। এই পাঁচজনকে বাংলাদেশে ফেরত পাঠানোর প্রক্রিয়া শুরু করেছে প্রশাসন।

বিহারে ৩,৫০০ লিটার বিদেশি মদ উদ্ধার

পূর্ব চম্পারণ, ১ মার্চ (হি.স.): শুক্রবার রাত পঞ্জাব থেকে নিষিদ্ধ সামগ্রী নিয়ে আসার পথে বিদেশি মদ উদ্ধার করেছে পুলিশ। শনিবার ভোররাত আড়াইটার সময় চালানো এই অভিযানে একটি ট্যাঙ্কার লরি এবং একটি পিকআপ ভ্যান বাজেয়াপ্ত করা হয়। তবে পাচারকারীরা অন্ধকারের সুযোগ নিয়ে পলাতক। এই অভিযানে উদ্ধার হয়েছে প্রায় ৩,৫০০ লিটার বিদেশি মদ। গোপন সূত্রে খবর পেয়ে মেহসি থানা এলাকার সুলসাবাদ রোডের কাছে এলাকা থেকে পুলিস উদ্ধার করে।

পুলিশ জানিয়েছে, হোলি উৎসবকে কেন্দ্র করে পঞ্জাব থেকে আনা মদের একটি বড় চালান মেহসির সুলসাবাদ এলাকায় পৌঁছাবে বলে গোপন সূত্রে খবর পাওয়া যায়। এরপর পুলিশ অধিকারিকদের সঙ্গে সশস্ত্র বাহিনীর সদস্যরা এলাকায় চেকিং চালায়।অভিযানে ট্যাঙ্কার লরি ও বোলেরো পিকআপ ভ্যান আটক করা হয়, যেখানে মোট ৩৯৪টি কার্টনে ৩,৫৩৩ লিটার বিদেশি মদ পাওয়া গেছে। উদ্ধার হওয়া সমস্ত মদ পাঞ্জাবে তৈরি বলে নিশ্চিত করেছে পুলিশ।

ভুয়ো ভোটার তৈরিতে পারদর্শী বাংলা সরকার : অধীর চৌধুরী

কলকাতা, ১ মার্চ (হি.স.): সম্প্রতি তৃণমূল কংগ্রেসের মহাসমাবেশে ভোটার তালিকা স্ক্রুটিনির করার জন্য দলীয় কর্মীদের পরামর্শ দেন তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এবার এই ইস্যুতেই মমতাকে আক্রমণ করলেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। তাঁর কথায়, ভুয়ো ভোটার তৈরিতে পারদর্শী বাংলা সরকার।

শনিবার কলকাতায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, 'সেখানেই লক্ষ লক্ষ ভুয়ো ভোটার রয়েছে, যেখানে শাসক দল কারচুপিতে লিপ্ত হয়, সেটা মহারাষ্ট্র অথবা বাংলাই হোক না কেন, সেখানে আপনারা অবশ্যই ভুয়ো ভোটার পাবেন এবং শুধু একজন নয়, লক্ষাধিক। বাংলা সরকার এখন থেকে নয়, বহু বছর ধরে ভুয়ো ভোটার তৈরিতে পারদর্শী, তাই এই জায়গাটি ভুয়ো ভোটারে ভরপুর।'

অকালে প্রয়াত হলেন তরুণ চিকিৎসক

আগরতলা, ১ মার্চ: অকালে প্রয়াত হলেন তরুণ চিকিৎসক সোমেন দাস। তিনি কর্মরত ছিলেন খেদাছড়া হাসপাতালে। তার বাড়ি কুমারঘাটে। খেদা ছড়া হাসপাতালের চিকিৎসক ডঃ সোমেন দাস পৃথিবী থেকে বিদায় নিলেন। জীবন মরণ নিয়ে টানাটানি শুরু হয়েছিল বিগত কয়েক দিন ধরে। বৃহস্পতিবার থেকে বিভিন্ন ঘটনা রটনা, নানা গুঞ্জন শুরু হয়। সেই গুঞ্জনই শেষ পর্যন্ত সত্যি হয়। না ফেরার দেশে চলে গেছেন তরুণ চিকিৎসক ডক্টর সুমন দাস। মৃত্যুর আগ পর্যন্ত তিনি পানিসাগর মহকুমার খেদাছড়া হাস পাতালে কর্মরতা ছিলেন। মূল বাড়ি কুমারঘাট শহরের নিদেবী এলাকায়। পিতা অবসরপ্রাপ্ত শিক্ষক রথীন্দ্র দাস এবং মা সাথী রানী দাসের পুত্র ছিলেন। পিতা-মাতা এবং এক বোন রয়েছে। ভাই বোন দুইজনই অত্যন্ত মেধাবী। বোন মৌমিতা দাস একসময় উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় থেকে দ্বিতীয় স্থান অধিকার করে ছিল।

জানা গিয়েছে, ডঃ সুমেন দাস বিগত কয়েক বছর ধরে লিভার সংক্রান্ত রোগে ভুগছিল। উন্নত চিকিৎসার জন্য কয়েকদিন পূর্বে হায়দ্রাবাদ নিয়ে যাওয়া হয়ে ছিল। সেখানকার চিকিৎসকরা চিকিৎসক সোমেন দাস কে সুস্থ করে তোলার জন্য সব ধরনের চেষ্টা করে ছিল। কিন্তু শুক্রবার সূর্য্য বিদায়ের সময়ে দাস পরি বারের সূর্য্য অস্তমিত হয়। তরুণ চিকিৎসকের অকাল বিদায়ের সংবাদ ত্রিপুরাতে এসে পৌঁছলে চিকিৎ সক মহলে গভীর শোকের সৃষ্টি হয়।

অনুষ্ঠিত হলো "খোয়াব উৎসব ২০২৫"

হাওড়া, ১ মার্চ (হি.স.): শুক্রবার হাওড়ার শরৎ সদনে অনুষ্ঠিত হয়ে গেল দ্বিতীয় বছরের খোয়াব উৎসব ২০২৫। খোয়াব ফাউন্ডেশনের এই অনুষ্ঠানে ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান, সম্মাননা প্রদান এবং পুরস্কার বিতরণী ও ম্যাজিক শো। সংস্থার সম্পাদক রমা চট্টোপাধ্যায় জানান, সারাবছর ধরে বিনামূল্যে লেখাপড়া শেখানো, মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য বিনামূল্যে ক্র্যাশ কোর্স, ছোটদের পত্রিকা 'চিলেকোঠা' প্রকাশ এবং বিভিন্ন কল্যাণকর ও সাংস্কৃতিক কাজ করে থাকে খোয়াব ফাউন্ডেশন। খোয়াবের আগামীর উদ্যোগ স্বল্পমূল্যের কোচিং সেন্টার 'স্বপ্নের পাঠশালা'-র বিষয়েও আলোকপাত করেন তিনি।

এদিন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এশিয়ান গেমসে ব্রিজে প্রথম ভারতীয় হিসাবে সোনাজয়ী শিবনাথ দে সরকার, অধ্যাপক ডঃ শুভাশিস বসু, আইনজীবী সুব্রত কাঁড়ার, নৃত্যশিল্পী মহুয়া গাঙ্গুলি প্রমুখ। সংস্থার পক্ষ থেকে শিবনাথ দে সরকারকে 'জীবন কৃতি সম্মাননা ২০২৫'-এ ভূষিত করা হয়। শিবনাথ দে সরকার জানান, ছোটদের মধ্যে পড়াশোনার পাশাপাশি খেলা ও সাংস্কৃতিক চর্চার পরিমণ্ডল গড়ে তুলতে না পারলে তারা আরও একাকীত্বে ভুগবে। তাই খোয়াব ফাউন্ডেশন যে 'খোয়াব' নিয়ে এগিয়ে নিয়ে যাচ্ছে তাতে আমি আশাবাদী।

উল্লেখ্য, সংস্থার জনসংযোগ আধিকারিক অমিত ব্যানার্জি জানিয়েছেন, এই সংস্থার উদ্যোগে জানুয়ারি মাসে অনুষ্ঠিত হয় সারা বাংলা অঙ্কন, আবৃত্তি ও নৃত্য প্রতিযোগিতা। তার পুরস্কার বিতরণী অনুষ্ঠানও হয় শুক্রবার। সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি এদিন বিশেষ আকর্ষণ ছিল সৌরপ্রভ চ্যাটার্জির ম্যাজিক শো।

মণিপুরে অবাধ

● প্রথম পাতার পর

প্রসঙ্গত প্রায় ২২ মাস আগে শুরু হওয়া জাতিগত সহিংসতার নামে মণিপুরের বিভিন্ন জায়গায় পুলিশের কাছ থেকে এবং বিভিন্ন থানা থেকে কয়েক হাজার অস্ত্রশস্ত্র লুট করা হয়েছিল। রাজ্যপালের আবেদনে সাড়া দিয়ে এ পর্যন্ত যুব স্বেচ্ছাসেবক, কমিউনিটি লিডার, সিভিল সোসাইটি অর্গানাইজেশন, মহিলা সংগঠন সহ বিভিন্ন গোষ্ঠীর প্রায় ৯৪৬ জন স্বেচ্ছায় অবৈধভাবে মজুত অস্ত্রশস্ত্র, সেনা-পোশাক ও হেলমেট, সামরিক অন্য সরঞ্জাম সমর্পণ করেছে।

নুরপুর গ্রাম পঞ্চায়েতে অনাস্থা, ভোটে পরাজিত বিজেপি প্রধান

● প্রথম পাতার পর

নির্বাচিত পঞ্চায়েত সদস্যদের মধ্যে ৮ জন নির্বাচিত পঞ্চায়েত সদস্য এই ভোটাভোটিতে অংশগ্রহণ করেন একজন নির্বাচিত পঞ্চায়েত সদস্য কোন এক অজ্ঞাত কারণে এই ভোটাভোটিতে অংশগ্রহণ করেননি।

প্রধানের বিপক্ষে পড়ে পাঁচটি ভোট এবং প্রধানের পক্ষে পড়ে তিনটি ভোট। এই ভোটাভোটিতে প্রধান পরাজিত হন। এই ভোটাভোটিতে বিজেপি ও কংগ্রেস দলের কর্মী সমর্থকরা উপস্থিত ছিলেন।কংগ্রেস দলের কর্মী সমর্থকরা বাজি পটকা ফুটিয়ে আনন্দ উল্লাসে মেতে উঠে।

মেডিক্যাল শিক্ষা

● প্রথম পাতার পর

ছাত্রদের থেকে অর্থ আদায়ের বিরুদ্ধে ছিল।

সম্প্রতি সংবাদ মাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, ত্রিপুরা মেডিক্যাল কলেজের অধ্যাপকদের বিরুদ্ধে প্রায় এক কোটি টাকার মতো অর্থ ছাত্রদের কাছ থেকে হাতিয়ে নেওয়ার অভিযোগ উঠেছে।

এসএফআই ও টিএসইউ'র পক্ষ থেকে দাবি করা হয়েছে, রাজ্যের মুখ্যমন্ত্রী তথা স্বাস্থ্যমন্ত্রী এই গুরুতর বিষয়টি নিয়ে সম্পূর্ণ নিশ্চুপ রয়েছেন। তারা অভিযোগ করেছেন, কিছু অধ্যাপক ছাত্রদের ভবিষ্যৎ নিয়ে খেলছেন, কিন্তু এই বিষয়ে কোনো পদক্ষেপ নেওয়া হচ্ছে না।

ডেপুটেশনে এসএফআই এবং টিএসইউ'র সদস্যরা অবিলম্বে এই অবৈধ অর্থ আদায়ের বিরুদ্ধে সঠিক পদক্ষেপ গ্রহণ এবং অভিযুক্তদের শাস্তির দাবি জানিয়েছেন। তারা আশা করছেন, এই বিষয়টি দ্রুত তদন্ত করে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

প্রতিবেশীকে মারধর অভিযুক্তের ৩ বছরের জেল

● প্রথম পাতার পর

হয়েছে। আজ চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেড শুভদীপ সাহা শনিবার দোষী সাবস্ত হওয়া ব্যক্তির বিরুদ্ধে এই রায় ঘোষণা করেন।

সরকারপক্ষের আইনজীবী চঞ্চল রায় চৌধুরী জানিয়েছেন, গত ২০১৯ সালের ১৯ ডিসেম্বর বিকেল ৩ টায় মেলাঘর থানাধীন মোহনভোগ এলাকায় ঘটে এই ঘটনাটি। বিনা কারনে তার পরিবারের সদস্যদের গালিগালাজ করার প্রতিবাদ জানালে অভিযোগকারিণী আখিরানি পাল দত্তের নানাশ চিনুরানী পাল সহ আখিরানির বিকলাঙ্গ ছেলে ও বাড়ির অন্য মহিলাদের ওপর হামলে পড়েছিল তাদেরই প্রতিবেশী মহম্মদ ইউনুস। শুধু তাই নয় চেষ্টা করেছিল শ্লীলতাহানির। যার কারনে চিনুরানী পালকে হাসপাতালে পর্যন্ত ভর্তি হতে হয়েছে।

পরে আখিরানি মেলাঘর থানায় মামলা দায়ের করলে তদন্তক্রমে মহম্মদ ইউনুসের বিরুদ্ধে আদালতে চার্জশিট দাখিল করেন তদন্তকারী অফিসার এএসআই বীরেন্দ্র দাস। ৮ জনের সাক্ষ বাক্য গ্রহণ শেষে এই রায় ঘোষণা করে আদালত। মামলাটির বিবাদীপক্ষের আইনজীবী ছিলেন এডভোকেট সফিকুল ইসলাম।

মহিলাদের আত্মনির্ভর করা সরকারের লক্ষ্য ঃ শিল্পমন্ত্রী

● প্রথম পাতার পরণ

শিল্প ও বাণিজ্য দপ্তরের মাধ্যমে বিভিন্ন প্রকল্পে ঋণ দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, এই প্রশিক্ষণ কেন্দ্রে ড্রোন প্রযুক্তি, অ্যালার্ম সিকিউরিটি প্রভৃতি বিষয়ে মহিলাদের প্রশিক্ষণ দেওয়া হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দক্ষতা উন্নয়ন দপ্তরের আধিকারিক সুপ্রীতি চক্রবর্তী। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন মহিলা শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ ভাস্কর দেববর্মা।

মহিলাদের সশক্তিকরণ

● প্রথম পাতার পর

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় আরও বলেন, ২০১৮ সালের আগে এরাজ্যে স্বসহায়ক দলের সংখ্যা ছিল ৪১৫০টি। ২০২৪ সালের ডিসেম্বর মাস পর্যন্ত স্বসহায়ক দলের সংখ্যা দাঁড়িয়েছে ৫২ হাজার ৩৫৫টি। এতে ৪ লক্ষ ৭৭ হাজার সদস্য ও সদস্যা যুক্ত রয়েছেন। লাখপতি দিদি হয়েছেন ৯১ হাজার। আমরা চাই সকল মহিলা স্বসহায়ক দলের সাথে যুক্ত হোক। কৃষি ও কৃষক কল্যাণের প্রসঙ্গ উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, দেশের অর্থনীতির মূল ভিত্তি হলো কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্র। এলক্ষ্যে প্রধানমন্ত্রী দেশের ১০০টি জেলায় পিএম ধনধান্য কৃষি যোজনা চালু করেছেন। আগে ৩ লক্ষ টাকা পর্যন্ত কেসিসি লোন দেওয়া হতো। দেশে এবারের বাজেটে কেসিসি লোন ৫ লক্ষ টাকা করা হয়েছে। উপকৃত হবেন ৭ কোটি ৭০ লক্ষ কৃষক। পিএম মুদ্রা লোন ১০ লক্ষ টাকা থেকে বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে। প্রধানমন্ত্রী ২০২৮ সাল পর্যন্ত দেশের ৮০ কোটি লোককে বিনামূল্যে খাদ্যশস্য দেবার ব্যবস্থা করেছেন। রাজ্যের কৃষকদের প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, দিন দিন রাজ্যে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রের উন্নয়ন হচ্ছে। আজ রাজ্যে জিএসডিপি ও মাথা পিছু গড় আয় বাড়ছে। আগে রাজ্যে একজন কৃষকের মাসিক আয় ছিল ৬৫৫০ টাকা। এখন হয়েছে প্রায় ১৩ হাজার টাকা।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের এমডি এবং সিইও অশোক চন্দ্রা, আরবিআই-র জিএম সুরেন্দ্র নিদার এবং নাবার্ড এর জিএম অনিল এস কোটমেরে। স্বাগত বক্তব্য রাখেন পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের জোনাল ম্যানেজার চিত্তরঞ্জন পুস্ত। উপস্থিত ছিলেন ত্রিপুরা গ্রামীণ ব্যা



বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন ক্রিকেটে চ্যাম্পিয়নের দোরগোড়ায় ব্লাডমাউথ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। সুপার ডিভিশন ক্রিকেটে ব্লাডমাউথ চ্যাম্পিয়ন। ঘোষণাটা টিসিএ সূত্রে নয়। কেননা ফিরতি লীগের আরও এক রাউন্ডের ম্যাচ অবশিষ্ট রয়েছে। যা হবে আগামী তিন মার্চ। তবে সময়ের অপেক্ষায় হলেও এবারকার বিপুল মজুমদার মেমোরিয়াল সুপার ডিভিশন ক্রিকেটে ব্লাড মাউথ-ই চ্যাম্পিয়ন শিরোপা পাচ্ছে। রানার্স ট্রফির লড়াইয়ে রয়েছে সংহতি, জেসিসি এবং স্ফুলিঙ্গ। তবে তা নির্ভর করছে সুপার ডিভিশনের ফিরতি লীগের শেষ রাউন্ডের ফলাফলের উপর। এদিকে ব্লাড মাউথ ক্লাব দুর্দান্ত ৬ উইকেট এর ব্যবধানে জয় পেয়েছে জেসিসি কে হারিয়ে। তা যেন প্রথম লীগে ৩ উইকেটে পরাজয়ের মোক্ষম জবাব বলা যেতে পারে। সকালে এমবিবি স্টেডিয়ামে ম্যাচ শুরুতে টস জিতে ব্লাডমাউথ ক্লাব প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিং এর সুযোগ পেয়ে জয়নগর ক্রিকেট ক্লাব নির্ধারিত পঞ্চাশ ওভারের মধ্যে ৪৭.৫ ওভার খেলে ১৯৫ রানে ইনিংস শেষ করে। পাল্টা ব্যাট করতে নেমে ব্লাডমাউথের বিক্রম কুমার দাসের অনবদ্য অপরাজিত শতরানের দৌলতে ৩২.৪ ওভার খেলে ৪ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। সতীর্থ উদীয়ান বোসের ৫৭ রান এবং মনিশঙ্কর মুড়া সিংয়ের অপরাজিত ৩৯ রানেরও যথেষ্ট ভূমিকা রয়েছে। ওপেনার বিক্রম কুমার দাস চুরানব্বই বল খেলে দশটি বাউন্ডারি ও পাঁচটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে অপরাজিত ভূমিকায় ১০১ রান সংগ্রহ করে দলকে জয়ের লক্ষ্যে পৌঁছাতে গুরুত্বপূর্ণ ভূমিকার পাশাপাশি প্লেয়ার অব দ্যা ম্যাচের খেতাবও উপায়। জয়নগর ক্রিকেট ক্লাবের ইন্দ্রজিত দেবনাথ দলের পক্ষে সর্বাধিক ৪৯ রান পেয়েছিল। বোলিংয়ে ব্লাডমাউথের দীপ্তনু চক্রবর্তী ২৭ রানে তিনটি এবং সৌরভ দাস দুটি উইকেট এবং জয়নগর ক্রিকেট ক্লাবের ইন্দ্রজিৎ ১৬ রানে তিনটি উইকেট পেয়েছিল।

অল ইন্ডিয়া পুলিশ ফুটবলে মহারাষ্ট্রকে ১০ গোলে হারালেও মূলপর্ব অধরা ত্রিপুরার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ত্রিপুরার মহিলা ফুটবল দল দুর্দান্ত জয় পেয়েছে। হারিয়েছে মহারাষ্ট্র কে ১০-০ গোলের বিশাল ব্যবধানে। কিন্তু তৃতীয় ম্যাচের মাথায় প্রথম জয়ের স্বাদ ত্রিপুরাকে মূল পর্বের পথ প্রশস্ত করতে পারেনি। আগামীকাল (রবিবার) ত্রিপুরা দলের ম্যাচ রয়েছে মণিপুরের বিরুদ্ধে। মনিপুর যথারীতি তিন ম্যাচের মধ্যে দুটিতে জয়ী হয়ে সেমিফাইনালের লক্ষ্যে এগিয়ে রয়েছে। এই ম্যাচে ত্রিপুরা জয়ী হলেও গোল ব্যবধানের নিরিখে তামিলনাড়ু ও মনিপুর এক ধাপ এগিয়ে রয়েছে। গ্রুপ লিগ পর্যায়ের খেলা আগামীকাল শেষ হচ্ছে। ৩ মার্চ থেকে শুরু হবে মূল পর্ব তথা নক আউট পর্যায়ের খেলা। ত্রিপুরা পুলিশ আয়োজিত ৭৩তম বিএন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপ একদিকে যেমন জমজমাট পর্যায়ে, অপরদিকে তা মূল পর্বের দোরগোড়ায় পৌঁছেছে। আগামীকাল গ্রুপ লীগ পর্যায়ের শেষ দিনে পুরুষ বিভাগের নয়টি এবং মহিলা বিভাগের দুইটি ম্যাচ অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে পুরুষ বিভাগ থেকে ১২টি রাজ্য দল ও ইউনিট প্রি-কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে নিয়েছে। মহিলা বিভাগ থেকে তিনটি রাজ্য দল ও ইউনিট সেমিফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। চতুর্থ দল বাছাই হবে আগামীকাল লীগ পর্যায়ের শেষ ম্যাচের পর। পুরুষ বিভাগে এ গ্রুপ চ্যাম্পিয়ন কেরালা এবং রানার্স এসএসবি, গ্রুপ বি চ্যাম্পিয়ন সিআরপিএফ, গ্রুপ সি চ্যাম্পিয়ন আসাম রাইফেলস, রানার্স মনিপুর, গ্রুপ ডি চ্যাম্পিয়ন পাঞ্জাব, গ্রুপ ই চ্যাম্পিয়ন সিআইএসএফ, রানার্স আসাম, গ্রুপ জি থেকে চ্যাম্পিয়ন মিজোরাম এবং রানার্স তামিলনাড়ু এবং গ্রুপ এফ থেকে রাজস্থান ও আইটিবিপি প্রি-কোয়ার্টার ফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। মহিলা বিভাগ থেকে গ্রুপ এ চ্যাম্পিয়ন আসাম রাইফেলস সেমিফাইনালে পৌঁছালেও রানার্স হিসেবে মণিপুরের খেলার সম্ভাবনা উজ্জ্বল। গ্রুপ বি থেকে উড়িষ্যা এবং এসএসবি সেমিফাইনালে খেলা নিশ্চিত করে নিয়েছে। আজ, শনিবার টুর্নামেন্টের ষষ্ঠ দিনের খেলায় পুরুষ বিভাগে এসএসবি ৬-০ গোলে গুজরাটকে, সিআরপিএফ ৩-০ গোলে পশ্চিমবঙ্গ কে, আরপিএফ ৩-০ গোলে উত্তরাখণ্ডকে, মনিপুর ৩-১ গোলে মহারাষ্ট্রকে, পাঞ্জাব ৫-০ গোলে ঝাড়খণ্ডকে, সিআইএসএফ ৩-১ গোলে লাক্ষাদ্বীপকে, মিজোরাম ৬-১ গোলে অরুণাচল প্রদেশকে, তামিলনাড়ু ২-১ গোলে উত্তরপ্রদেশকে পরাজিত করেছে। দিল্লি ও আসাম এর ম্যাচটি গোলশূন্য অবস্থায় ড্র তে শেষ হয়েছে। গোল ব্যবধানের নিরিখে আসাম মূল পর্বে খেলার সুযোগ পাচ্ছে। মহিলা বিভাগের খেলায় এসএসবি ৭-১ গোলে সিআরপিএফ কে পরাজিত করেছে।

দাপট দেখালেন শ্রীদাম, সানি ফ্রেন্ডসকে হারিয়ে এগিয়ে সংহতি

ইউনাইটেড ফ্রেন্ডস - ১১৮ সংহতি - ১২১/১

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। জয়ে ফিরলো সংহতি ক্লাব। সানি সিং এর দুরন্ত বোলিং এবং শ্রীদাম পালের ঝড়ো ব্যাটিংয়ে। অপরদিকে পরাজিত হওয়ার নজির করল ইউনাইটেড ফ্রেন্ডস। টানা ৯ ম্যাচে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত বিপুল মজুমদার স্মৃতি সুপার ডিভিশন লিগ ক্রিকেটে। শনিবার টি আই টি মাঠে অনুষ্ঠিত ম্যাচে সংহতি ক্লাব জয়লাভ করে ৯ উইকেটে। সকালেই প্রথমে ব্যাট করতে নেমে ইউনাইটেড ফ্রেন্ডস এর গড়া ১১৮ রানের জবাবে সংহতি ক্লাব ১৩.৪ ওভারে এক উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে শুরু থেকেই ব্যাটিং বিপর্যয়ের মুখে পড়ে ইউনাইটেড ফ্রেন্ডস। মিডল অর্ডারে নবারুন চক্রবর্তীর যদি কিছুটা প্রতিরোধ গড়ে না তুলতেন তাহলে দলীয় স্কোর সম্ভবত ৭০ রানের গণ্ডি পার হতো না। নবারুণ ৭২ বল খেলে ছয়টি বাউন্ডারি ও দুটি ওভার বাউন্ডারির সাহায্যে ৫০ রান করেন।

এছাড়া দলের পক্ষে দীপক্ষ ক্ষত্রি ২১ বল খেলে তিনটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ২৫ এবং ঋত্বিক শ্রীবাস্তব ২৩ বল খেলে একটি ওভার বাউন্ডারির সাহায্যে ১২ রান করেন। দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেনি। সংহতি ক্লাবের পক্ষে সানি সিং ৪৩ সনে চারটি এবং রানা দত্ত ১০ রানে তিনটি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ৮২ বল খেলে এক উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয় সংহতি ক্লাব।

দলের পক্ষে শ্রীদাম পাল ৩০ বল খেলে সাতটি বাউন্ডারি ও পাঁচটি ওভারবাউন্ডারির সাহায্যে ৬৬ রানে এবং অর্কপ্রভ সিনহা ৪২ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৫০ রানে অপরাজিত থেকে যান। আসরে সাত ম্যাচ জিতে এখন সংহতি রয়েছে দ্বিতীয় স্থানে।

বিলোনিয়াকে হারিয়ে গ্রুপ রানার্স অমরপুর কোয়ার্টার ফাইনালে উন্নীত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।। অবশেষে জয় পেলো অমরপুর মহকুমা। হারালো বিলোনিয়াকে। এই জয়ের সুবাদে অমরপুর গ্রুপ রানার্স হয়ে কোয়ার্টার ফাইনালে খেলার যোগ্যতা অর্জন করে নিয়েছে। এবং জয় দিয়েই আসর শেষ করলো অমরপুর। শনিবার ৬২ রানে পরাজিত করে বিলোনিয়া মহকুমাকে। ব্রজেন্দ্রনগর স্কুল মাঠে। রাজ্য ক্রিকেট সংস্থা আয়োজিত অনূর্ধ ১৩ ক্রিকেটে। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে অমরপুর মহকুমা ১৬৬ রান করে। দলের পক্ষে আশিক দেব ৫৬ বল খেলে নয়টি বাউন্ডারির সাহায্যে ৪৩, কর্ণজিত দাস ৭২ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ৩৮, প্রিয় শীল ৪২ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ৩৪ এবং দীপঙ্কর সাহা ৩৯ বল খেলে চারটি বাউন্ডারির সাহায্যে ৩১ রান করে। বিলোনিয়া মহকুমার পক্ষে মৈনাক সরকার ২৪ রানে এবং রাজবীর ভূঁইয়ান ৩১ রানে তিনটি করে উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে বিলোনিয়া মহকুমা ১০৪ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে জয়দেব মজুমদার ৫৭ বল খেলে ছয়টি বাউন্ডারির সাহায্যে ৩৭ এবং অনুপম চৌধুরী ৩৮ বল খেলে দুটি বাউন্ডারির সাহায্যে ২৫ রান করে। অমরপুর মহকুমার পক্ষে শুভজিৎ শীল ১৯ রানে চারটি এবং দীপঙ্কর সাহা ১১ রানে দুটি উইকেট দখল করে।

কপাল ফেটে যাওয়া রাচিন আবার স্বমেজাজে, 'অদ্ভুত' চোট সারিয়ে শতরানে নিউ জিল্যান্ড ব্যাটার

পাকিস্তানের বিরুদ্ধে ত্রিদেশীয় সিরিজে অদ্ভুত ভাবে চোট লেগেছিল রাচিন রবীন্দ্রের। সেই চোট সারিয়ে চ্যাম্পিয়ন্স ট্রফিতে বাংলাদেশের বিরুদ্ধে খেলতে নেমেছিলেন তিনি। শতরান করে ম্যাচও জেতালেন।রাচিন মনে করেন অদ্ভুত ভাবে চোট লেগেছিল তাঁর। বাংলাদেশের বিরুদ্ধে শতরান করে তিনি বলেন, "সত্যিই অদ্ভুত চোট। এমন ঘটনা খুব বেশি দেখা যায় না। আমাদের দলের চিকিৎসকদের কাছে কৃতজ্ঞ। কোচ, ফিজিয়ো এবং চিকিৎসকেরা আমাকে খুব ভালবাসে। তারা প্রতি মুহূর্তে আমাকে সাহায্য করেছে। সকলকে ধন্যবাদ।"দেশীয় সিরিজের প্রথম ম্যাচে নিউ জিল্যান্ডের মুখোমুখি হয়েছিল পাকিস্তান। মহম্মদ রিজওয়ানদের ইনিংসের ৩৮তম ওভারে মিচেল ব্রেসওয়েলের বলে খুশদিল শাহ ডিপ ব্যাকওয়ার্ড স্কোয়্যার লেগে তুলে শট মারেন। সেখানে ফিল্ডার ছিলেন রাচিন। তিনি ক্যাচ ধরার চেষ্টা করেন। বলের কাছে পৌঁছেও গিয়েছিলেন। কিন্তু ফ্লাডলাইটের আলো পড়ায় শেষ মুহূর্তে তাঁর চোখ ধাঁধিয়ে যায়। বলের গতিপথ বুঝতে পারেননি। সরাসরি তাঁর মুখে গিয়ে বল লেগেছিল। বলের আঘাতে রক্তাক্ত মুখ নিয়ে মাঠ ছাড়তে হয়েছিল তাঁকে।এই চোটের কারণে রাচিন চ্যাম্পিয়ন্স ট্রফির প্রথম ম্যাচে পাকিস্তানের বিরুদ্ধে খেলতে পারেননি। সোমবার ব্যাট করতে নেমে ১০৫ বলে ১১২ রান করেন। রাচিন এবং টম লাথাম মিলে ১২৯ রানের জুটি গড়েন। তাঁদের দাপটেই ৩.৫ ওভার বাকি থাকতেই ম্যাচ জিতে নেয় নিউ জিল্যান্ড।

হারের উপর চোটের ঘা, ইংরেজ পেসার বাদ এ বারের চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে

চোটের কারণে বাদ ব্রাইডন কার্স। চ্যাম্পিয়ন্স ট্রফিতে আর খেলতে পারবেন না ইংল্যান্ডের পেসার। বুধবার আফগানিস্তানের বিরুদ্ধে হারলে ইংল্যান্ড চ্যাম্পিয়ন্স ট্রফি থেকে ছিটকে যেতে পারে। এমন অবস্থায় দলের এক পেসারকে হারানো আরও কঠিন পরিস্থিতি তৈরি করে দিল ইংল্যান্ডের জন্য।এ বারের চ্যাম্পিয়ন্স ট্রফি শুরুর আগে বিভিন্ন দেশের বেশ কয়েক

ভোলাগিরি গ্রাউন্ডে আজ থেকে জেন্টলম্যান কাপ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। শহরতলীতে বেশ সাড়া জাগানো জেন্টলম্যান কাপ ক্রিকেট টুর্নামেন্ট শুরু হচ্ছে আগামীকাল (রবিবার) থেকে। উদ্যোক্তা ভোলাগিরি মর্নিং ক্রিকেট ক্লাব। ভোলাগিরি স্টেডিয়াম গ্রাউন্ডে চারটি দলকে নিয়ে আয়োজিত এই জেন্টলম্যান কাপ সিজন-৩ আগামীকাল দুটি সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে। অংশগ্রহণকারী চারটি দল হল অনুপ নাইট রাইডার্স, সন্তোষ টাইটানস, কৃষ্ণ সান রাইজার্স ও সুমন সুপার কিংস। বিজয়ী দুই দলের মধ্যে ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে আগামী ৯ মার্চ রবিবার। সুষ্ঠুভাবে প্রতিযোগিতা সম্পন্ন করার জন্য উদ্যোক্তাদের পক্ষ থেকে অনির্বাণ দেবনাথ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন।

ব্যাটে-বলে দাপট দেখালো শ্রীমন, গ্রুপ চ্যাম্পিয়ন উদয়পুর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।।গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে উঠলো শক্তিশালী উদয়পুর মহকুমা। গ্রুপের তৃতীয় ম্যাচের পর চতুর্থ ম্যাচেও শতরান করলো মহকুমার সবথেকে প্রতিভাবান অলরাউন্ডার শ্রীমন দেবনাথ। শিব শংকর দেবনাথের ছাত্র শ্রীমনের ব্যাটিং তাণ্ডবে নাজেহাল সাব্রুম মহকুমা। রাজ্য অনূর্ধ ১৩ ক্রিকেটে। শনিবার বাইখোরা স্কুল মাঠে অনুষ্ঠিত ম্যাচে উদয়পুর মহকুমা জয়লাভ করে ২০৯ রানের বড় ব্যবধানে। এদিন সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট করতে নেমে উদয়পুর মহকুমা ২৮১ রান করে। দলের পক্ষে ওপেনার শ্রীমন দেবনাথ ১০৬ বল খেলে ১৯ টি বাউন্ডারি ও ছয়টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৫৪ রানের চোখ ঝলসানো ইনিংস উপহার দেয়। এছাড়া দলের পক্ষে রিহান আক্তার ৫৩ বল খেলে সাতটি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারির সাহায্যে ৬৩ এবং দেবজিৎ দেব ৩৩ বল খেলে একটি বাউন্ডারির সাহায্যে ১৯ রান করে। সাব্রুম মহকুমার পক্ষে দ্বীপ দেবনাথ ৩৯ রানের দুটি উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে শ্রীমন দেবনাথের বিধ্বংসী বোলিংয়ে মাত্র ৭২ রানে গুটিয়ে যায় সাব্রুম মহকুমা। দলের পক্ষে পিটার ত্রিপুরা ২৪ বল খেলে চারটি বাউন্ডারি সাহায্যে ২৪, দেবাংক দে ৩০ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ১৯ রান করে। উদয়পুর মহকুমার পক্ষে শ্রীমন দেবনাথ ৮ রানে পাঁচটি উইকেট দখল করে।

রাজ্য ক্রিকেট সহজ জয় পেয়ে গ্রুপ চ্যাম্পিয়ন সদর এ

ক্রীড়া প্রতিনিধি আগরতলা।।আবির ভট্টাচার্য ও আয়ুস ঘোষের হাত ধরে ছোটদের রাজ্যভিত্তিক ক্রিকেটে আরো একটি ম্যাচে সহজ জয় পেল সদর এ দল। ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত রাজ্যভিত্তিক অনূর্ধ ১৩ ক্রিকেট টুর্নামেন্টের পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী শনিবার উদয়পুর জামজুরি মাঠে মুখোমুখি হয় গন্ডাছড়া ও সদর এ দল। দুইদলের এই ম্যাচে এদের সদর এ ১০ উইকেটে পরাজিত করে গন্ডাছড়াকে। সকালে গন্ডাছড়া টসে জিতে প্রথমে ব্যাট করতে নেমে মাত্র ৩৪ রান তুলতে সক্ষম হয়। আবিরের ধারাবাহিক বোলিং আক্রমণের সামনে গন্ডাছড়ার কোন ব্যাটসম্যানের পক্ষেই ব্যাট হাতে নিয়ে বেশি সময় টিকে থাকা সম্ভব হয়নি। ইনিংসে আবির একাই তুলে নেয় চারটি উইকেট। জবাবে সদর এ দল কোন উইকেট না হারিয়ে ৩৮ রান তুলে ম্যাচ থেকে জয় ছিনিয়ে নেয়।

অস্মিতা সিটি লীগ : মহিলাদের জুডো ও সাঁতার প্রতিযোগিতা আজ

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। মহিলাদের ক্রীড়া প্রতিযোগিতার আসর তথা অস্মিতা সিটি লীগ অনুষ্ঠিত হচ্ছে আগামীকাল (রবিবার)। প্রস্তুতি চূড়ান্ত। সাঁতার এবং জুডো, এই দুই ইভেন্টে মহিলাদের খেলো ইন্ডিয়া অস্মিতা লীগ প্রতিযোগিতার ব্যাপক আয়োজন করা হয়েছে। উদ্যোক্তা খেলো ইন্ডিয়া স্টেট সেন্টার অফ এক্সিলেন্স। পরবর্তী সময়ে আরও একটি ইভেন্ট অ্যাথলেটিক্স আয়োজনের প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ নেওয়া হবে। বাধারঘাটের দশরথ দেব স্পোর্টস কমপ্লেক্সের রাইমা সুইমিং পুলে সাঁতার এবং পাশের ইনডোর হলে জুডো প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সাঁতার প্রতিযোগিতা হবে অনূর্ধ ১৪ এবং অনূর্ধ ১৯ বয়স ভিত্তিক দুটি গ্রুপে। জুডোতে ১৯টি বিভিন্ন ওয়েট ক্যাটাগরিতে প্রতিযোগিতা হলেও বয়স ভিত্তিক অনূর্ধ ১৪, অনূর্ধ ১৭ এবং অনূর্ধ ১৯ তিনটি বিভাগে প্রতিযোগিতা হবে। আয়োজকদের পক্ষ থেকে প্রত্যাশা রয়েছে সারা রাজ্য থেকে বিশেষ করে বিভিন্ন স্পোর্টস কোচিং সেন্টার এবং সাই এক্সিলেন্স সেন্টার থেকে উপযুক্ত মহিলা সাঁতারু এবং জুডোকা-রা আগামীকালের এই বিশেষ অস্মিতা সিটি লীগ প্রতিযোগিতায় অংশ নিতে আসবে। উল্লেখ্য, সকাল দশটায় এক বিশেষ অনুষ্ঠানে প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের মন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে দপ্তরের সচিব ড. প্রদীপ কুমার চক্রবর্তী, অধিকর্তা সত্যব্রত নাথ, যুগ্ম অধিকর্তা পাইমং মগ, উপ অধিকর্তা প্রবালকান্তি দেব, বিপ্লব কুমার দত্ত, পদ্মশ্রী দীপা কর্মকার, ত্রিপুরা স্পোর্টস স্কুলের অধ্যক্ষা ড. ভারতী নিগম, সাই-এসটিসি আগরতলার ইনচার্জ অরিন্দম গগৈ প্রমুখ উপস্থিত থাকবেন। আজ বেলা ১১ টায় দপ্তরের কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই অস্মিতা সিটি লীগ সংক্রান্ত বিস্তারিত তথ্য তুলে ধরেন আগরতলা বাধারঘাটের খেলো ইন্ডিয়া এক্সিলেন্স সেন্টারের হাই পারফরমেন্স ডিরেক্টর সূর্যকান্ত পাল। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে যুগ্ম অধিকর্তা পাইমং মগ, উপ অধিকর্তা বিপ্লব কুমার দত্ত, স্কুল স্পোর্টস বোর্ডের জয়েন্ট সেক্রেটারি অপুরায় প্রমুখ উপস্থিত ছিলেন।

সুপার ডিভিশনে হার্ভে-কে হারিয়ে সাফল্যের আশা জিইয়ে ফুলিঙ্গের

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। দুর্দান্ত জয় ছিনিয়ে স্ফুলিঙ্গ এগিয়ে।

ফিরতি লীগের গুরুত্বপূর্ণ ম্যাচে হার্ভে কে ৬ উইকেটে হারিয়ে ফুলিঙ্গ সুপার ডিভিশন ক্রিকেটে রানার্সের দৌড়ে নিজেদের অবস্থান জিইয়ে রেখেছে। মেলাঘরের শহীদ কাজল স্মৃতি ময়দানে সকালে ম্যাচ শুরুতে টস জিতে স্ফুলিঙ্গ প্রথমে বোলিং এর সিদ্ধান্ত নেয়। ব্যাটিংয়ের আমন্ত্রণ পেয়ে হার্ভে সীমিত ৫০ ওভার ফুরিয়ে যাওয়ার তিন বল বাকি থাকতে ২১৪ রানে ইনিংস শেষ করে। জবাবে স্ফুলিঙ্গ বিশেষ করে কৌশল আচার্য ও পল্লব দাসের ব্যাটিং পারফরম্যান্সে জয়ের লক্ষ্যে পৌঁছায়।

৪৩.৫ ওভার খেলে স্ফুলিঙ্গ চার উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করে নেয়। কৌশল ১৩২ বল খেলে আটটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে ৯৫ রান সংগ্রহ করে।

পল্লব দাস ৭৭ বল খেলে সংগ্রহ করেছে ৬০ রান। হার্ভের রিয়াজ উদ্দিন ৬২ বল খেলে আটটি বাউন্ডারি ও চারটি ওভার বাউন্ডারি মেরে ছিয়াত্তর রান সংগ্রহ করলেও অন্যরা তেমন সঙ্গ দিতে পারেনি বলে শেষ রক্ষা সম্ভব হয়নি। বোলিংয়ে স্ফুলিঙ্গের শুভম ঘোষ তিনটি এবং তুষার সাহা দুটি উইকেট পেয়েছিল। হার্ভের অর্ক জিৎ রায় পেয়েছে দুটি উইকেট।

তেলিয়ামুড়াকে হারিয়ে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে ধর্মনগর

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা।।গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে উঠলো ধর্মনগর মহকুমা। শনিবার অনায়াসেই দুর্বল প্রতিপক্ষ তেলিয়ামুড়া মহকুমাকে পরাজিত করে ধর্মনগর মহকুমা। ১০ উইকেটে। রাজ্য অনূর্ধ ১৩ ক্রিকেটে। শনিবার বিদ্যানগর স্কুল মাঠে অনুষ্ঠিত হয় ম্যাচটি। সকালে প্রথম ব্যাট করতে নেমে ধর্মনগরের বোলারদের দাপটে মাত্র ৫৫ রানে গুটিয়ে যায় তেলিয়ামুড়া মহকুমা। দলের পক্ষে সূর্য্য রায় ১৮ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ২১ রান করে।

দলের আর কোনও ব্যাটসম্যান দুই অঙ্কের রানে পা রাখতে পারেনি। ধর্মনগর মহকুমার পক্ষে নৈরিথ ধর পাঁচ রানে, রাজদীপ ঘোষ ১৭ রানে এবং বিহান দাস ১৮ রানের দুটি করে উইকেট দখল করে। জবাবে খেলতে নেমে ধর্মনগর মহকুমা কোনও উইকেট না হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়। দলের পক্ষে অংশুমান সরকার ৫৫ বল খেলে তিনটি বাউন্ডারি সাহায্যে ২৮ রানে এবং নৈরিথ ধর ৫৭ বল খেলে তিনটি বাউন্ডারির সাহায্যে ২৪ রানে অপরাজিত থেকে যায়।

বিরাটকে শতরান করতে দেওয়ার জন্য অঙ্ক কষে ব্যাটিং অক্ষরের ! পাত্তাই দেননি 'বিরক্ত' কোহলিকে

হার্দিক পাণ্ড্য আউট হওয়ার পর পাকিস্তানের বিরুদ্ধে ব্যাট করতে নেমেছিলেন অক্ষর পটেল। সে সময় ভারতীয় দল জয় থেকে ১৯ রান দূরে ছিল। ভারতের হাতে ছিল ৬ উইকেট এবং ৬০ বল। এমন সহজ পরিস্থিতিতে ব্যাট করতে নেমেও অঙ্ক কষে ব্যাট করেন অক্ষর। দলের জয়ের পাশাপাশি বিরাট কোহলির শতরান নিশ্চিত করতে চেয়েছিলেন তিনি।অক্ষর যখন ব্যাট করতে নামেন সে সময় কোহলি কোহলি অপরাজিত ছিলেন ৮৬ রানে। ক্রিকেটপ্রেমীরা এক দিনের ক্রিকেটে কোহলির ৫১তম শতরানের অপেক্ষায়। ভারতীয় দল জয়ের কাছাকাছি পৌঁছে যাওয়ায় কোহলির শতরান পূর্ণ হওয়া নিয়ে আশঙ্কা তৈরি হয়েছিল ভারতীয় সাজঘরেও। বিষয়টি মাথায় ছিল অক্ষরেরও। কোহলির যাতে শতরান হাতছাড়া না হয়, তা মাথায় রেখে ব্যাট করেছেন তিনি। ম্যাচের পর ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) ওয়েবসাইটে দেওয়া সাক্ষাৎকারে অক্ষর হাসতে হাসতে বলেছেন, "বিরাট ভাইয়ের শতরান নিশ্চিত করতে শেষ দিকে আমি অঙ্ক করছিলাম। সতর্ক ছিলাম যাতে ব্যাটের কোণে বল লেগে চার না হয়ে যায়। বেশ মজা লাগছিল ব্যাট করতে।" ভারতের ইনিংসের ৪২তম ওভারে তিনটি ওয়াইড বল করেন শাহিন আফ্রিদি। তাতে কোহলির শতরান পূর্ণ হওয়া নিয়ে আশঙ্কা আরও বেড়ে যায়।শেষ পর্যন্ত কোহলি শতরান করায় খুশি অক্ষর। রবিবার একাধিক বার দু'রান নেওয়ার সুযোগ পেয়েও এক রান নিয়ে থেমে গিয়েছেন অক্ষর। সতীর্থের কাণ্ড দেখে কোহলিকে বিরক্তি প্রকাশ করতেও দেখা গিয়েছে। তবু অক্ষর না দেখার ভান করে চেষ্টা করে গিয়েছেন কোহলির শতরান নিশ্চিত করার। শেষ পর্যন্ত ৪ বলে ৩ রান করে অপরাজিত থাকেন অক্ষর।ভারত-পাকিস্তান ম্যাচের উত্তেজনা সামলে কোহলির ইনিংস মুগ্ধ করেছে অক্ষরকে। এ নিয়ে তিনি বলেছেন, "এই প্রথম এত চাপের একটা ম্যাচের প্রায় পুরোটা সাজঘরে বসে দেখলাম। সেই ম্যাচেই আবার বিরাট ভাই সেঞ্চুরি করল। খুব মজা পেয়েছি। ৫০ ওভার ফিল্ডিং করার পরও বিরাট ভাই খুচরো রান নেওয়ার জন্য যে ভাবে দৌড়চ্ছিল, তা থেকেই বোঝা যায় ফিটনেস কোন পর্যায়ের।" এক দিনের ক্রিকেটে রবিবারই ১৪ হাজার রান পূর্ণ করেছেন কোহলি। সে সময় স্টেডিয়ামের দর্শকদের চিৎকার, উচ্ছ্বাস দেখে মুগ্ধ অক্ষর।

আইপিএলের বাকি ২৬ দিন, অস্ট্রেলিয়া, বাংলাদেশের প্রাক্তন সহকারী কোচকে দলে নিল ধোনির চেন্নাই

চেন্নাই সুপার কিংসের নতুন সহকারী বোলিং কোচ হিসাবে যোগ দিলেন শ্রীধরন শ্রীরাম। ২০১৬ থেকে ২০২২ পর্যন্ত তিনি ছিলেন অস্ট্রেলিয়ার সহকারী কোচ। বাংলাদেশের জাতীয় দলের সঙ্গেও কাজ করার অভিজ্ঞতা রয়েছে তাঁর। মহেন্দ্র সিংহ ধোনির আইপিএল দলের প্রধান কোচ স্টিফেন ফ্লেমিং। ব্যাটিং কোচ হিসাবে রয়েছেন মাইক হাসি। বোলিং পরামর্শদাতা হিসাবে রয়েছেন এরিক সিমনস। গত বছর পর্যন্ত বোলিং কোচের দায়িত্বে ছিলেন ডোয়েন ব্র্যাভো। ওয়েস্ট ইন্ডিজের প্রাক্তন ক্রিকেটারকে এ বার পাচ্ছে না চেন্নাই। তিনি মেন্টর হিসাবে যোগ দিয়েছেন কলকাতা নাইট রাইডার্সে। তাঁর জায়গাতেই নিয়োগ করা হয়েছে শ্রীরামকে। সোমবার সমাজমাধ্যমে শ্রীরামকে নিয়োগ করার কথা জানিয়েছেন চেন্নাই কর্তৃপক্ষ।আগামী আইপিএলের চেন্নাই দলে রয়েছেন একাধিক স্পিনার। রবিচন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাডেজা, শ্রেয়স গোপাল, নুর আহমেদ, দীপক হুডা, রাচিন রবীন্দ্রেরা খেলবেন চেন্নাইয়ের হয়ে। সম্ভবত সে কারণেই প্রাক্তন স্পিনার-অলরাউন্ডার শ্রীরামকে নিয়োগ করেছেন চেন্নাই কর্তৃপক্ষ।আইপিএলেও কাজ করার অভিজ্ঞতা রয়েছে চেন্নাইয়ের নতুন বোলিং কোচের। দিল্লি ক্যাপিটালস, লখনউ সুপার জায়ান্টসের হয়ে কাজ করেছেন শ্রীরাম। কোচ হিসাবে তাঁর অভিজ্ঞতা দলকে সাহায্য করবে বলে মনে করছেন চেন্নাই কর্তৃপক্ষ।

পূর্ব লক্ষ্মীবিল ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে মানুষের আস্থা অর্জন করেছে সরকার

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। কেন্দ্রীয় সরকারের সহায়তায় রাজ্যে বিভিন্ন প্রকল্পের কাজ স্বচ্ছতার সাথে রূপায়ণ করা হচ্ছে। এই সমস্ত প্রকল্প বাস্তবায়নের মধ্য দিয়ে সরকার মানুষের আস্থা অর্জন করছে। আজ বিশালগড় মহকুমার পূর্ব লক্ষ্মীবিলে কৃত্রিম অঙ্গ প্রস্তুতকারক কর্পোরেশনের সহায়ক উৎপাদন কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন ও ভূমিপুজন অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির উন্নয়ন না হলে দেশের প্রকৃত উন্নয়ন কখনোই সম্ভব নয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির মার্গ নির্দেশনায় উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি আজ উন্নয়নের শিখরে পৌঁছে যাচ্ছে। একের পর এক নতুন প্রকল্প পেয়ে এই অঞ্চলের রাজ্যগুলি উপকৃত হচ্ছে।

বিশালগড় ব্লকের অন্তর্গত পূর্ব লক্ষ্মীবিল গ্রাম পঞ্চায়েতে ৫ একর জায়গা নিয়ে ভারত সরকারের সামাজিক ন্যায় বিচার ও ক্ষমতায়ন মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা আর্টিফিসিয়াল লিম্বস ম্যানুফেকচারিং কর্পোরেশন অব ইন্ডিয়ার (এএলআইএমসিও) উদ্যোগে কৃত্রিম অঙ্গ তৈরির সেন্টারটি গড়ে উঠবে। এর ভূমিপুজন অনুষ্ঠানে অংশ নিয়ে এবং ভিত্তিপ্রস্তর স্থাপন করে মুখ্যমন্ত্রী বলেন, দিব্যাঙ্গজনদের সঠিক প্রশিক্ষণ এবং সহায়তা দেওয়া হলে তারাও সমাজের মধ্যে প্রতিষ্ঠিত হতে পারেন। এর অনেক উদাহরণ আমাদের কাছে আছে। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় সমাজের এই অংশের মানুষদের নানা প্রকল্পে সহায়তা করা হচ্ছে। তিনি বলেন, রাজ্যের মহিলারা আজ আত্মনির্ভর হওয়ার পথে অনেক দূর এগিয়ে গেছেন। মাত্র কয়েক বছরের ব্যবধানে রাজ্যে ৫৬ হাজার স্বসহায়ক দল গঠিত হয়েছে। এই দলগুলির ৪ লক্ষ ৫০ হাজার মহিলা সদস্যা প্রায় ৭০০ কোটি টাকা আর্থিক সহায়তা পেয়ে আজ নানা বিষয়ে আত্মনির্ভর হয়ে উঠেছেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বেশি করে কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্যে বিভিন্ন শিল্পদ্যোগী সংস্থা ত্রিপুরায় শিল্প স্থাপনের জন্যে উদ্যোগী হয়েছেন। রাজ্যে শান্তি, সম্প্রীতির পরিবেশ বজায় রয়েছে বলেই বিষয়টি সম্ভব হচ্ছে। প্রতিটি উন্নয়নমূলক কাজের মধ্যদিয়ে সবকা সাথ সবকা বিকাশের মূলমন্ত্র কার্যকর করার আন্তরিক প্রচেষ্টা নেওয়া হয়েছে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন এবং খাদ্য গণবন্টন ও ভোক্তা বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী বনওয়ারী লাল ভার্মা বলেন, দেশের ইতিহাসে উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে প্রথম এই ধরণের কারখানা স্থাপন করার উদ্যোগ নেওয়া হয়েছে। এই উদ্যোগ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির প্রতি কেন্দ্রীয় সরকারের দৃষ্টিভঙ্গী তুলে ধরছে। সমাজের সব অংশের মানুষের সার্বিক বিকাশের লক্ষ্য নিয়ে প্রতিটি রাজ্যের কোনায় কোনায় উন্নয়নের কর্মযজ্ঞ পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি বলেন, যত দুর্বল অংশের মানুষই হন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তার পাশে রয়েছেন। কেন্দ্রীয় সরকারের প্রতিটি পদক্ষেপে এই বিষয়টি ফুটে উঠছে। দেশের বর্তমান সরকার দিব্যাঙ্গজনদের উন্নয়নে বদ্ধপরিকর। দিব্যাঙ্গ অংশের মানুষজন আজ খেলাধুলা সহ নানা ক্ষেত্রে তাদের সাফল্যের ছাপ রাখছেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী টিঙ্কু রায় বলেন, রাজ্য সরকার দিব্যাঙ্গজনদের খেলাধুলা, পড়াশুনা সহ নানা ক্ষেত্রে সহায়তা করে যাচ্ছে। রাজ্যের ৮টি জেলাতেই দিব্যাঙ্গজনদের ভাতা সহ নানা বৃত্তি প্রদান করা হচ্ছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সাংসদ বিপ্লব কুমার দেব। তিনি আশা প্রকাশ করেন এই কারখানা স্থাপনের মধ্য দিয়ে পূর্ব লক্ষ্মীবিলের আর্থ সামাজিক পরিস্থিতি পাল্টে যাবে। সভাপতির ভাষণে তিনি বলেন, দিব্যাঙ্গজনরা যাতে তাদের প্রতিভার বিকাশ ঘটাতে পারেন সেই লক্ষ্যে কেন্দ্রীয় সরকার কাজ করে চলেছে। এজন্য নেওয়া হয়েছে নানা প্রকল্প। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এএলআইএমসিও"র সিএমডি প্রবীন কুমার। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক সুশান্ত দেব, কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের উপসচিব এ কে পান্ডে, অধিকর্তা টি কে দাস, সিপাহীজলা জেলার জেলাশাসক ড. সিদ্ধার্থ শিব জয়সওয়াল, পুলিশ সুপার নমিত পাঠক প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ৩৯ জন দিব্যাঙ্গজনের হাতে নানা সহায়ক সামগ্রী তুলে দেন।

লেইক চৌমুহনী বাজারের উচ্ছেদ অভিযানের প্রতিবাদে সরব সিপিআই

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। লেইক চৌমুহনী বাজারের ব্যবসায়ীদের জন্য বিকল্প ব্যবস্থা না করে অমানবিকভাবে বুলডোজার দিয়ে দোকানপাট ভেঙে দিয়েছে পুর নিগম। এরই প্রতিবাদে জুনু দাস ভবনের সামনে সরব হয়েছে সিপিআই। সাংবাদিকদের মুখোমুখি হয়ে সংগঠনের এক কর্মী বলেন, পুর্নবাসনের ব্যবস্থা না করে নিগম বুলডোজার দিয়ে লেইক চৌমুহনী বাজারের ক্ষুদ্র ব্যবসায়ীদের দোকানপাট উচ্ছেদ করা হয়েছে। এই ক্ষুদ্র ব্যবসায়ের উপর তাদের সংসার প্রতিপালন করেন। তারা সকলেই গরিব নিম্নবিত্ত পরিবারের সদস্য। তাঁরা দিনমজুরি করে সংসার প্রতিপালন করেন। তাঁদের বাজার থেকে বুলডোজার চালিয়ে উচ্ছেদ করা সম্পূর্ণ অমানবিক বলে দাবি করেন তিনি।

এয়ারপোর্ট থানার নেশা বিরোধী অভিযানে গাঁজা এবং এসকফ বাজেয়াপ্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। এয়ারপোর্ট থানার নেশা বিরোধী অভিযানে আবারও থানাধীন সীমান্ত লাগোয়া এলাকা পশ্চিম নারায়ণপুরে মাটির ব্যাংকার থেকে উদ্ধার বিপুল পরিমাণ নেশা সামগ্রী। ওই নেশা বিরোধী অভিযানের নেতৃত্বে ছিলেন এয়ারপোর্ট থানার ইনচার্জ(প্রভেশনাল) আই পি এস সুধীর কুমার,ওসি অভিজিৎ মণ্ডল সহ বিশাল পুলিশ ও টি এস আর বাহিনীর জওয়ানরা।

এই অভিযান নিয়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে এয়ারপোর্ট থানার ইনচার্জ(প্রভেশানাল) আই পি এস সুধীর কুমার জানান, গোপন সংবাদের ভিত্তিতে এয়ারপোর্ট থানাধীন পশ্চিম নারায়নপুর এলাকায় এক ব্যাক্তির বাড়ির পেছনে মাটির ব্যাংকার থেকে ৭৮ কেজি শুকনো গাঁজা এবং ৯৭৫ বোতল অবৈধ এসকফ কফ সিরাপ উদ্ধার হয়। পরবর্তী সময় স্থানীয় প্রশানের উপস্থিতিতে এই নেশা সামগ্রী বাজেয়াপ্ত করে পুলিশ এবং জায়গার মালিকের বিরোদ্ধে এন ডি পি এস আইন অনুযায়ী নির্দিষ্ট ধারায় মামলা নিয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। এই নেশা কারবারের সঙ্গে যারা যুক্ত রয়েছে তদন্ত ক্রমে তাদের আইনের আওতায় আনা হবে বলে জানান তিনি।বলা বাহুল্য এয়ারপোর্ট থানাধীন এই সীমান্ত লাগোয়া এলাকা পশ্চিম নারায়নপুর নেশা কারবারিদের আখড়ায় পরিণত হয়েছে এবং পুলিশ তাদের অভিযান এই এলাকায় জারি রেখেছেন আগামীদিনেও এই অভিযান জারি থাকবে বলে জানায় পুলিশ।

খুবই ব্যতিক্রমী আয়োজন রামকৃষ্ণ মিশনে

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। তিথি অনুযায়ী আজ রামকৃষ্ণের ১৯০ তম জন্মশতবার্ষিক উপলক্ষে ধলেশ্বর রামকৃষ্ণ আশ্রমে বিশেষ পূজার আয়োজন করা হয়েছে।

প্রসঙ্গত, আজ থেকে ১৯০ বছর আগে এই তিথিতেই জন্ম হয়েছিল শ্রী রামকৃষ্ণের। আজ গোটা পৃথিবীজুড়েই মহাসমারোহে তাঁর ১৯০ তম জন্মতিথি উদযাপন চলছে। বেলুড় মঠে ভোর সাড়ে চারটের সময় মঙ্গলারতির মধ্যে দিয়ে পূজার সূচনা হয়েছে। আগরতলা রামকৃষ্ণ

☞ ৬ এর পাতায় দেখুন

নিজ হাতে হেলিকপ্টার তৈরি করে তাক লাগিয়ে দিল যুবক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ইচ্ছা থাকলে উপায় হয়। ইচ্ছা এবং মনোবলকে স্থির রাখলে অনেক সময় যেকোনো অসম্ভব কাজও সম্ভবে পরিণত হয় তারই জলজ্যান্ত উদাহরণ উঠে আসলো মেলাঘর থেকে। নিজ হাতে হেলিকপ্টার তৈরি করে তাক লাগিয়ে দিল ২৫ বছর বয়সী এক যুবক।

প্রসঙ্গত, নলছর বিধানসভা কেন্দ্রের মেলাঘর পোয়াংবাড়ি এলাকার দিন মজুর মানিক বর্মনের ২৫ বছর বয়সি ছেলে দীপ্তনু বর্মন স্নাতক উত্তীর্ণ হয়ে অর্থ উপার্জনের জন্য বাবার সাথে কাজে যোগদান করে। তার ইচ্ছা ছিল ইঞ্জিনিয়ার হওয়ার কিন্তু তা আর হলো না। আজ থেকে বেশ কয়েক মাস আগে দীপ্তনু বর্মনের মাথায় একটা যুক্তি আসে নিজে হেলিকপ্টার তৈরি করে আকাশে উড়ার।

সেই থেকে দীপ্তনু বর্মন নিজের পরিশ্রমের কাজের টাকা দিয়ে হেলিকপ্টার তৈরির সমস্ত সরঞ্জাম ক্রয় করতে শুরু করেন এবং সে নিজে বাড়িতে বসে আকাশে উড়ার স্বপ্নকে বাস্তবায়ন করতে হেলিকপ্টার তৈরি করার কাজ শুরু করে। হেলিকপ্টার আকাশে উড়তে গেলে যতটুকু টেকনিক্যাল কাজের প্রয়োজন হয় তার বেশিরভাগই লাগিয়েছে সে।পাখা, ইঞ্জিন প্রায় সব কিছুই ঠিকঠাক ভাবে লাগানো হয়েছে তবে আগামী কিছুদিনের মধ্যেই বাকি কাজগুলি সেরে আকাশে উড়ার ট্রায়েল দেবে দীপ্তনু।

দীপ্তনু সাংবাদিকদের জানিয়েছেন, সম্ভবত তার এই চেষ্টা সফলতার মুখ দেখবে। হ্যাঁ আরো জানিয়েছে অর্থের অভাবে বাকি কাজগুলি করা সম্ভব হচ্ছে না যার ফলে সরকার যদি সামান্য কিছু সাহায্য করতো তাহলে খুব শীঘ্রই সেই কাজগুলি সম্পন্ন করা যেত। স্থানীয় এলাকাবাসীরা হেলিকপ্টার দেখতে প্রায় প্রতিনিয়তই বাড়িতে ভিড় জমাচ্ছে। তবে এলাকাবাসীরা ঘটনা করছে সম্ভবত ত্রিপুরায় এই প্রথম দীপ্তনু বর্মন নিজ হাতে হেলিকপ্টার তৈরি করেন আকাশে উড়ার চেষ্টা চালাচ্ছে। দীপ্তনুর চেষ্টার ফল হেলিকপ্টার কবে আকাশে সফলভাবে ট্রায়াল দেবে সেই অপেক্ষায় এলাকার লোকজন।

সীমান্তে চোরাচালান রোধে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বিএসএফ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ভারত-বাংলাদেশ সীমান্তে চোরাচালান রোধে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ)। গতকাল গোপন সংবাদের ভিত্তিতে ১০০ কেজি শুকনো গাঁজা বাজেয়াপ্ত করে। সাথে তিনজন পাচারকারীকে আটক করা হয়েছে। বিএসএফ-এর তরফ থেকে এক বিবৃতি জারি করে জানানো হয়েছে।

বিবৃতিতে জানানো হয়েছে, গতকাল সুনির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে কাস্টমস বিভাগ এবং সাব্রুম থানার পুলিশ দক্ষিণ ত্রিপুরা জেলার সাব্রুম থানার অন্তর্গত রাণীবাজার এলাকায় অভিযান চালিয়েছে। অভিযানের সময় সতর্ক বিএসএফ জওয়ানরা তিন সন্দেহভাজনকে গ্রেপ্তার করে। দুটি গাড়িতে লুকিয়ে রাখা প্রায় ১০০ কেজি গাঁজা উদ্ধার করে। সন্দেহভাজনরা সবাই ত্রিপুরার সিপাহিজলা জেলার বাসিন্দা।

তাছাড়া, রাজ্য জুড়ে বিভিন্ন স্থানে পৃথক অভিযানে বিএসএফ জওয়ানরা প্রায় ৫৭ লক্ষ মূল্যের বিভিন্ন নিষিদ্ধ জিনিসপত্রও জব্দ করেছে। এই অভিযান ভারতের সীমান্ত রক্ষা এবং আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধে বিএসএফ-এর অটল প্রতিশ্রুতিকে স্পষ্ট করে।

লেইক চৌমুহনী বাজারে পুর নিগমের অভিযানের প্রতিবাদে এস ইউ সি আই (সি) দলের স্মারকলিপি প্রদান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। আজ, আগরতলার লেইক চৌমুহনী বাজার এলাকায় পৌর নিগমের উদ্যোগে পরিচালিত এক অভিযানকে কেন্দ্র করে তীব্র প্রতিবাদ জানিয়েছে এস ইউ সি আই (সি) দল। এরই মধ্যে, তারা আগরতলা পৌর নিগমের মেয়রের কাছে এক স্মারকলিপি প্রদান করেছে।

পৌর নিগম কর্তৃপক্ষ লেইক চৌমুহনী বাজার এলাকার বেআইনী দখল উচ্ছেদ করতে বুলডোজার ব্যবহার করে দোকানগুলিকে গুড়িয়ে দেয়, যা শত শত ক্ষুদ্র ব্যবসায়ীকে ক্ষতিগ্রস্ত করেছে এবং তাদের রোজগার হারিয়ে তারা অসহায় হয়ে পড়েছে। এস ইউ সি আই (সি) দল এই কার্যক্রমের তীব্র নিন্দা জানিয়ে বলেছে, পুরনিগম কর্তৃপক্ষের দায়িত্ব ছিল এই ব্যবসায়ীদের জন্য বিকল্প রোজগারের ব্যবস্থা করা এবং তাদের জীবনধারণের সুযোগ দেওয়া, কিন্তু তারা তাদের রোজগার হারাতে বাধ্য করেছে।

এস ইউ সি আই (সি) দলের পক্ষ থেকে জানানো হয়েছে, উচ্ছেদের কাজ আইনসঙ্গত হলেও তা ন্যায়সঙ্গত নয়। দলটি এই ঘটনায় ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের সহায়তার জন্য ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের ক্ষতির পরিমাণ নির্ধারণ করে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান, প্রতিটি ব্যবসায়ীর পুনর্বাসনের জন্য অবিলম্বে বিকল্প ব্যবস্থা গ্রহণ এবং পুনর্বাসন না দেওয়া পর্যন্ত প্রতিটি পরিবারকে বেঁচে থাকার জন্য মাসিক অনুদান প্রদান করার দাবি জানিয়েছে।

এখন দেখার বিষয়, পৌর নিগম কর্তৃপক্ষ এই দাবিগুলি কতটা গুরুত্ব দিয়ে বিবেচনা করে এবং ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের পুনর্বাসনের জন্য কী ব্যবস্থা নেয়।

ত্রিপুরায় আন্তঃসীমান্তে চোরাচালান, নিহত বাংলাদেশী পাচারকারীর মৃতদেহ বিজিবি-র হাতে হস্তান্তর

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। পাচার বাণিজ্য রুখতে গতকাল ত্রিপুরার সিপাহীজলা জেলায় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) সঙ্গে সংঘর্ষের সময় নিহত বাংলাদেশি চোরাকারবারীর দেহ বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) কাছে হস্তান্তর করা হয়েছে।

একজন বিএসএফ মুখপাত্র বলেছেন, মোহাম্মদ আলামিন (২৫) এর মৃতদেহ ভারত-বাংলাদেশ সীমান্তের সিপাহিজলা জেলার কামথানা গ্রামের মাধ্যমে বিজিবির কাছে হস্তান্তর করা হয়েছে। লাশ হস্তান্তরের আগে, বিশালগড়ের মহকুমা হাসপাতালে মৃতদেহের ময়নাতদন্ত করা হয়েছে।

প্রসঙ্গত, গতকাল সিপাহীজেলা জেলার বিওপি পুটিয়া এলাকায় বিপি রেফারেন্স ২০৫০/৭-এস-এর কাছে ২০ থেকে ২৫ জন বাংলাদেশি দুর্বৃত্ত ভারতীয় ভূখণ্ডে অনুপ্রবেশ করে এবং ভারতীয় দুর্বৃত্তদের সাথে পাচারে লিপ্ত হয় বলে অভিযোগ। তখনই টহলরত বিএসএফ জওয়ানরা পাচারকারীদের উপর আক্রমণ করে। তখনই গুরুতর আহত হয়েছিলেন এক বিএসএফ জওয়ান।

পরবর্তীতে, আবারও দলটির উপর আক্রমণ করা হয় এবং দুর্বৃত্তরা বিএসএফ জওয়ানদের অস্ত্র ছিনিয়ে নেওয়ার চেষ্টা করে। নিজের জীবন রক্ষার্থে, বিএসএফ জওয়ান আত্মরক্ষার জন্য গুলি চালায়। ফলস্বরূপ, বাংলাদেশি এক নাগরিক আহত হন। পরে তার মৃত্যু হয়। মৃত পাচারকারীর নাম মোহাম্মদ আলামিন। তাকে বিশালগড় মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত বলে ঘোষণা করেছেন।

সৌরশক্তি ব্যবহার করে ধলাই জেলায় বিশুদ্ধ পানীয় জল ও বিদ্যুৎ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। সৌরশক্তি ব্যবহার করে ধলাই জেলার গঙ্গানগর ব্লকের বাট্টা পাড়ায় এবং শম্ভুরাম পাড়ায় বিশুদ্ধ পানীয় জল ও বিদ্যুৎ পৌঁছে দেওয়া হয়েছে। শনিবার ওই দুটি প্রকল্পের উদ্বোধন করেন বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথ।

স্বাধীনতার এত বছরেও যারা কোনদিন বিদ্যুতের আলো দেখেনি আজ রাজ্যের সেই সমস্ত প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুতের আলো এবং বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিচ্ছে বর্তমান সরকার। প্রত্যন্ত এলাকা বলে সেই সমস্ত এলাকায় বিদ্যুতের লাইন ছিলনা।

☞ ৬ এর পাতায় দেখুন

বিশালগড়ে ফুল-সবজি দিয়ে তৈরি হচ্ছে ভেষজ আবির

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ত্রিপুরার সিপাহীজলা জেলার বিশালগড় মহকুমার পূর্ব লক্ষ্মীবিল গ্রামে কৃষক কল্যাণ দপ্তরের সহযোগিতায় কিছু নারী সদস্য একটি নতুন উদ্যোগের মাধ্যমে ভেষজ আবির উৎপাদন শুরু করেছেন। গাঁদাফুল, গোলাপের পাপড়ি, গাজর, পালংশাক, বিট ইত্যাদি নানা সবজি থেকে তৈরি এই আবিরের উৎপাদন ইতোমধ্যে রাজ্যজুড়ে সাড়া ফেলেছে।

স্থানীয় গ্রামগুলোর মধ্যে লক্ষ্মীবিল, চম্পামুরা, ভাটিলার্মা, গোপী নগর, গোলাঘটি, রঘুনাথপুর, রাউৎখলা এবং কে কে নগর ফুল চাষের জন্য বিখ্যাত। তবে, তাদের সমস্যা ছিলকোনো হিমঘর না থাকার কারণে অবিক্রিত ফুল নষ্ট হয়ে যেত। এই সমস্যা সমাধানে সরকারী সহযোগিতায় তারা বিকল্প পণ্য হিসেবে ভেষজ আবির তৈরির প্রশিক্ষণ গ্রহণ করেন। ২০২২ সালে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে ৩০ জন নারীকে প্রথম পর্যায়ে প্রশিক্ষণ দেওয়া হয়। এরপর, ২০২৪ সালে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল ইনস্টিটিউট অফ এগ্রিকালচারাল এক্সটেনশন ম্যানেজমেন্ট এবং ত্রিপুরা রাজ্য কৃষি ব্যবস্থাপনা ও সম্প্রসারণ প্রশিক্ষণ ইনস্টিটিউটের অধীনে ফুল চাষ ও আধুনিক প্যাকেজিং নিয়ে আরও প্রশিক্ষণ দেওয়া হয়।

ভেষজ আবির তৈরির মাধ্যমে এসব নারীরা বাণিজ্যিকভাবে উৎপাদন শুরু করেছেন এবং দ্রুত আর্থিক স্বনির্ভরতা অর্জন করেছেন। তাদের উৎপাদিত আবির এখন আগরতলা ও বিভিন্ন স্থানীয় বাজারে বিক্রি হচ্ছে।

ভবিষ্যতে, আধুনিক প্রকল্পের মাধ্যমে এই উদ্যোগ আরও সম্প্রসারিত হবে বলে আশা করা যাচ্ছে। আশা করা যাচ্ছে, এটি গ্রামীণ নারীদের জন্য আর্থিকভাবে আরও লাভজনক হবে।

ভারত- বাংলাদেশ সীমান্তে ৩ জন বাংলাদেশী নাগরিককে আটক

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। গোপন সংবাদের ভিত্তিতে বর্ডার সিকিউরিটি ফোর্স (বিএসএফ) ভারত-বাংলাদেশ সীমান্তে বেশ কয়েকটি অভিযান পরিচালনা করেছে। ওই অভিযানে তিন বাংলাদেশিকে আটক করা হয়েছে।

আজ সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে সতর্ক বিএসএফ জওয়ানরা উত্তর ত্রিপুরায় বিশেষ অভিযান পরিচালনা করে এবং দুই বাংলাদেশী নাগরিককে আটক করে। গ্রেফতারকৃত বাংলাদেশী নাগরিক বাংলাদেশের চট্টগ্রামের বাসিন্দা।

আরেকটি অভিযানে নির্দিষ্ট তথ্যের ভিত্তিতে, পশ্চিম ত্রিপুরার মোহনপুরের অধীনে বর্ডার আউট পোস্ট মোহনপুরের সতর্ক আন্তর্জাতিক সীমান্ত অতিক্রম করে ভারতে অনুপ্রবেশের চেষ্টা করার সময় একজন বাংলাদেশীকে আটক করে। বাংলাদেশী নাগরিক বাংলাদেশের হবিগঞ্জের অন্তর্গত সানপালগঞ্জ গ্রামের বাসিন্দা।

এই অপারেশনগুলি ভারত-বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে নিরাপত্তা বজায় রাখা, অবৈধ অনুপ্রবেশ এবং আন্তঃ সীমান্ত অপরাধ প্রতিরোধে বিএসএফ-এর প্রতিশ্রুতিকে আন্ডারস্কোর করে।

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের উচ্চমাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ আয়োজিত এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষায় আজ উচ্চতর মাধ্যমিকে কেমেস্ট্রি/পলিটিক্যাল সায়েন্স, মাদ্রাসা ফাজিল আর্টসের

☞ ৬ এর পাতায় দেখুন

গৌরনগর ব্লকের অধীনে থাকা বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে বিনামূল্যে কৃষি সহায়ক যন্ত্রপাতি প্রদান

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। গৌরনগর পঞ্চায়েত সমিতির উদ্যোগে গৌরনগর ব্লকের অধীনে থাকা বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রায় দেড় শত কৃষকদের বিনামূল্যে কৃষি সহায়ক যন্ত্রপাতি প্রদান করা হয়েছে। এদিনের ছিলেন কৈলাসহরের বিধায়ক বিরজিত সিনহা, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান লক্ষী নম:। ভাইস চেয়ারম্যান মো: বদরুজ্জামান, গৌরনগর পঞ্চায়েত সমিতির সদস্য হিল্লোল গুপ্ত, দ্বীপ সিনহা, নুমান মিঞা সহ আরও অনেকে। এছাড়াও গৌরনগর পঞ্চায়েত সমিতির অধীনে থাকা বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের প্রধান ও উপ প্রধানরাও উপস্থিত ছিলেন।

কৃষি সহায়ক যন্ত্রপাতি বিতরন অনুস্টানে বক্তব্য রাখতে গিয়ে গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান মো: বদরুজ্জামান বলেন যে, ত্রিপুরা রাজ্যের মোট ৫৮টি পঞ্চায়েত সমিতির মধ্যে ৫৭টি পঞ্চায়েত সমিতি বিজেপি দল পরিচালনা করলেও রাজ্যের মধ্যে একমাত্র গৌরনগর পঞ্চায়েত সমিতিটি কংগ্রেস দলের অধীনে রয়েছে। ইতিমধ্যেই কংগ্রেস দল গৌরনগর পঞ্চায়েত সমিতি দখল করার পর থেকে একের পর এক জনমুখী কাজ করে যাচ্ছে।

গৌরনগর পঞ্চায়েত সমিতির অধীনে থাকা সবগুলো গ্রাম পঞ্চায়েতকে স্বচ্ছ রাখার জন্য বিগত এক মাস পূর্বে গৌরনগর পঞ্চায়েত সমিতির অধীনে থাকা সবগুলো গ্রাম পঞ্চায়েতে বিনামূল্যে ডাস্টবিন, বালতি, কোদাল, আবর্জনা বহনকারী গাড়ি প্রদান করা হয়েছে। এছাড়াও বিভিন্ন বাজার এলাকায় শৌচাগার এবং পানীয়জলের টেংকি স্থাপন করা হয়েছে বলে জানান ভাইস চেয়ারম্যান মো: বদরুজ্জামান। এছাড়াও বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এলাকায় সি.সি রোড, ফিসারী, ডিপ টিউবওয়েল, ড্রেন নির্মান সহ নানান উন্নয়ন মূলক কাজ শুরু হয়েছে। শনিবারের গৌরনগর পঞ্চায়েত সমিতির অফিস প্রাংগনের অনুস্টানে দেড় শত কৃষকদের হাতে স্প্রে মেশিন সহ আরও অন্যান্য কৃষি সহায়ক যন্ত্রপাতি বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি, ত্রিপুরা প্রদেশের সহ-সভাপতি পদে নিযুক্ত ইঃ পরমানন্দ সরকার ব্যানার্জি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ১ মার্চ।। ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি, ত্রিপুরা প্রদেশের সহ-সভাপতি পদে নিযুক্ত হয়েছেন ইঞ্জিনিয়ার পরমানন্দ সরকার ব্যানার্জি। গতকাল রাজভবন থেকে জারি করা আদেশে আগামী দু"বছরের জন্য শ্রী ব্যানার্জিকে এই নিযুক্তি প্রদান করা হয়। উল্লেখ্য, ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি, ত্রিপুরা প্রদেশের সভাপতি পদাধিকারবলে রাজ্যের রাজ্যপাল। ত্রিপুরা ইঞ্জিনিয়ারিং কলেজের প্রাক্তন অধ্যাপক শ্রী ব্যানার্জি নানা গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব সামলাচ্ছেন। বর্তমানে তিনি রাজ্যের মুখ্যমন্ত্রীর সচিবালয়ের ওএসডি পদেরও দায়িত্বে রয়েছেন। ২০১৫ সালে ফ্যাক্টরিজ অ্যান্ড বয়লার্স দফতরের চিফ ইন্সপেকটর পদে তিনি চাকরি জীবন থেকে অবসর গ্রহণ করেন। তিনি ইউপিএসসি দ্বারা নির্বাচিত হয়ে সেন্ট্রাল ইলেকট্রিসিটি অথরিটিতেও গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত ছিলেন।

পাশাপাশি তিনি বর্তমানে ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স ত্রিপুরা রাজ্য শাখার চেয়ারম্যান পদেও আসীন রয়েছেন।

এদিকে "ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি অব ত্রিপুরা" রাজ্য শাখার কার্যকালের মেয়াদ গত মার্চ ২০২৪ তারিখে শেষ হয়ে যাবার পরিপ্রেক্ষিতে "ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি অব ত্রিপুরা" প্রদেশের সভাপতি রাজ্যের রাজ্যপালের অনুমোদন অনুসারে গতকাল রাজভবন থেকে জারি করা আদেশে অ্যাড-হক কমিটির সদস্যদের নিযুক্তি দেওয়া হয়েছে। এই কমিটিতে চেয়ারম্যান হিসাবে বিমল কান্তি রায়, আইপিএস (অবসরপ্রাপ্ত), অবৈতনিক সচিব হিসাবে চন্দন দেবনাথ এবং কোষাধ্যক্ষ হিসাবে প্রদীপ কুমার ভৌমিক নিযুক্ত হয়েছেন।

উল্লেখ্য, এই অ্যাড-হক কমিটি আগামী ছয় মাসের জন্য "ইন্ডিয়ান রেড ক্রস সোসাইটি অব ত্রিপুরা" এর বিধি অনুযায়ী বিভিন্ন জেলা ও অন্যান্য কমিটি গঠনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বত্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক সন্দীপ বিশ